INDEX

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVT. OF UNION TERRITORIES ACT : 1963.

29th August, 1966.

The House met in the Assembly Chamber, Agartala at 11 A. M. on Monday, the 29th August, 1966.

PRESENT

Shri Upendra Kr. Roy, Speaker in the Chair, the Chief Minister, three Deputy Ministers, the Deputy Speaker and twenty three Members.

Mr. Speaker,—অনারাব্যল মেম্বারস, আজকে আমাদের সাপ্লিমেণ্টারী বাজেট নিয়ে আলোচনা আরম্ভ করার কথা ছিল, আরও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ও ছিল। সাপ্লিমেণ্টারী বাজেটটা অত্যন্ত প্রয়োজনীয়, এটা পাশ না হলে আমাদের খরচপত্র চালান গভর্ণমেণ্টের পক্ষে কষ্টকর হবে কিন্তু তা সত্বেও গতকল্য রাত্রে যে অত্যন্ত শোচনীয় পরিস্থিতির উদ্ভব হয়েছে সেই পরিস্থিতির পরিপ্রেক্ষিতে এখানকার জনসাধারণের এবং আমাদের সকলেরই মনটা খুব বিক্ষিপ্ত। আমরা ঠিক কেউ স্বাভাবিক অবস্থায় নেই। এই অবস্থায় যদিও আমাদের আজকের দিনের বাজেটটা উত্থাপন করার নির্দিষ্ট তারিখ ছিল, সেই তারিখও আবার স্পীকার ঠিক করতে পারেন না। সেটা এ্যাডমিনিষ্ট্রেটার বা চীফ কমিশনার—তিনি ঠিক করে দিয়েছিলেন, তাহলেও এই একটা অস্বাভাবিক পরিস্থিতিতে আজকে স্বাভাবিকভাবে সভার কার্য্য চলতে পারেনা। সেই জন্যই আজকে সভার কার্য্য যেটা আমাদের রীতিমত হওয়ার কথা ছিল, সেটা হওয়া সম্ভব নয়। তবে বর্তমান পরিস্থিতি সম্বন্ধে আজকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী একটা বিবৃতি দিবেন, সেই অবস্থা সম্বন্ধে তাদের কর্তব্য সম্বন্ধে তিনি কিছু বলবেন। হয়ত জনসাধারণ, ছাত্র এবং যারা অন্যান্য নাগরিক আছেন সকলেরই একটা পরিস্কার ধারণা তাতে হবে কালকের ঘটনা সম্পর্কে। যদি এ্যাসেম্বলী চলা সম্ভবপর না হয়, তাহলে আমাদের বাজেট ডিসকাশানের ব্যাপারটা ঠিক হবে আবার চীফ কমিশনারের সংগে আলাপ আলোচনা করে ডেটটা ঠিক করা হবে এবং সেটা আজকের ভিতরেই করতে হবে। আমি অনুরোধ করব মাননীয় মুখ্যমন্ত্রীকে এই সম্বন্ধে একটা বিবৃতি দিতে। এই বিবৃতির পর আমরা আজকের দিনের মত সভাটা মুলতুবী রাখব।

শ্রী এস, এল, সিংহ (চীফ্ মিনিষ্টার) ঃ—মাননীয় স্পীকার মহোদয় কালকের যে ঘটনা সেটা অত্যন্ত পরিতাপের এবং দুঃখের বিষয় এবং সেজন্য আমরা অত্যন্ত মর্মাহত। কালকে সন্ধ্যা সাড়ে ছয়টা হবে আমাদের অনুমান, কারণ ঠিক ঠিক ঘটনার সবটা এখনও আমি জানতে পারিনি, সিনেমা হলের কাছে টিকিট নিয়ে জানা যায় পাবলিক এবং একজন মিলটারী

পারসনেলের মধ্যে (সিক্সথ আসাম রাইফেল এর) গণ্ডগোল হয়েছে এবং গণ্ডগোল হওয়ার পর সিক্সথ আসাম রাইফেলের যে লোকটা তাকে থানাতে এনে রাখা হয়েছে। তারপর এখানে গণ্ডগোল অনবরত পাকাতে থাকে। রাত্রি তিনটার পর্য্যন্ত গণ্ডগোল চলে। তারপর টাউনে প্রচার হয়েছিল যে একজন লোক নিহত হয়েছে এবং সেটার জন্য একটা প্রচার আমাদের তরফ থেকে করা হয় যে কোন লোক মারা যায়নি। কিন্তু সেই প্রচারও আমরা ঠিক ঠিক ভাবে করতে পারিনি। কারণ পথিমধ্যে পাবলিসিটির লোক যারা ছিল তাহাদেরকে বলা হয়েছে যে 'মশায় আপনারা পাবলিসিটি করবেন না' এবং তারপর রাত্রি তিনটার সময় তারা ফিরে আসে। তারপর সকাল বেলাও এই ঘটনার পরিপ্রেক্ষিতে এ্যানাউন্স করতে বলেছিলাম যে সমস্ত ঘটনার এনকোয়েরী করা হবে এবং সেই পরিপ্রেক্ষিতে প্রচার করা হবে, কিন্তু সেটা তারা এ্যানাউন্স করতে পারেনি। তারপর যে পরিস্থিতির উদ্ভব হয় এই এ্যাসেম্বলীর সামনে তা আপনারা জানেন। এ্যাসেম্বলী সিটিং এ আমি আসি, আসার সময় ছাত্রদের মুখে বা জনসাধারণ যারা ছিলেন তাদের মুখে শুনতে পাই যে কোথাও গুলি চালান হয়েছে এবং একটি ছেলে আহত হয়েছে। সেইজন্য আমি অত্যন্ত মর্মাহত এবং যদি সে মৃত হয়ে থাকে, আমি তার শোকসন্তপ্ত পরিবারকে আমার আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছি এবং আহত ব্যক্তি যিনি মারা গেছেন তার মৃত আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদন করছি, আর আমি জনসাধারণের কাছে আবেদন করব, আমরা যে এনকোয়েরীর ব্যবস্থা করছি, সেটাকে ইম্পার্শ্যাল করার জন্য তারা যাতে সহযোগিতা করেন। ইম্পার্শ্যাল ওয়েতে এনকোয়েরী যাতে চলতে পারে তার সুযোগ নিশ্চয়ই জনসাধারণ আমাদেরকে দেবেন, সেই বিশ্বাস আমার জনসাধারণের উপর আছে। তাই আমি আবেদন করব যেন এই ঘটনার পুনরাবৃত্তি না হয়, জুডিশিয়াল এনকোয়েরী করে যারা দোষী সাব্যস্ত হবে, তাদের নিশ্চয়ই বিচার হবে। আমি এই আবেদন হাউসের সামনে রাখব এবং সেই অনুসারে আমি জনসাধারণের কাছে আবেদন করব যাতে এনকোয়েরীটা আমরা ইম্পার্শ্যাল বেসিসে করতে পারি। পরিস্থিতি কাম এণ্ড কোয়াইট যদি না থাকে, শান্ত না থাকে, তাহলে এনকোয়ারী সুষ্ঠুভাবে হতে পারেনা। লোকে সাক্ষী দিতে সেখানে পারবেনা এবং সাক্ষী না দিতে পারলে পরে আমরা প্রকৃত তথ্য জানতে পারবনা। তাই আমি আবেদন করব যাতে জনসাধারণ শান্ত থাকেন এবং আমরা যেন নিজেদের হাতে আইন গ্রহন না করি এবং তারপর আমরা সত্যাসত্য বিচার করে দেখব, আমরা তা দেখে তার বিচার নিশ্চয়ই করব।

শ্রীনৃপেন্দ্র চক্রবর্ত্তী :—স্পীকার, স্যার, কালকে সন্ধ্যা থেকে আগরতলা শহরে যে অত্যাচার চলছে আজও তা অব্যাহত রয়েছে। একটা সামান্য ঘটনাকে উপলক্ষ করে একজন আসাম রাইফেলের লোক অমানুষিকভাবে ১৮ বছরের একটা যুবককে পিটাতে থাকে। আমি যতটুকু জানি যখন সেই আহত ব্যাক্তিকে শুশ্রূষা করার জন্য ছেলেরা এগিয়ে আসে তখন কোন পুলিশকে সেখানে দেখা যায়নি সেই অত্যাচারী আসাম রাইফেলের লোকটাকে গ্রেপ্তার করার জন্য। তারপর যখন সেই লোকটাকে গ্রেপ্তার করার জন্য জনসাধারণ পীড়াপীড়ি করতে থাকে তখন দেখা গেল তাদের বিরুদ্ধে হোমগার্ড লেলিয়ে দেওয়া হল এবং তাদের রাস্তার উপর লাঠিপেটা করা হল।

আশ্চর্যের কথা যে তারপর থেকে সারারাত্রি ধরে পুলিশের এবং হোমগার্ডের বেটন চার্জ চলছে এবং তারা টিয়ার গ্যাস ছাড়ছে। কিন্তু তার মধ্যে একবারও পুলিশ মন্ত্রী বা পুলিশ প্রধানরা হস্তক্ষেপ করতে চেষ্টা করেননি। যেন সমস্ত শহরটাকে ছেড়ে দেওয়া হয়েছিল পুলিশের হাতে এবং সেই পুলিশ, আজও—আমি যখন সকালে বেরোলাম, দেখি যে তারা ইচ্ছামত টিল ছুড়ছে, ইটপাটকেল ছুড়ছে সেই সমস্ত ছেলেদের বিরুদ্ধে যারা পুলিশ নির্যাতনের বিরুদ্ধে বিক্ষোভ প্রকাশ করেছিল। আশ্চর্যের কথা যে আজকে এই কথা এখানে বলা হচ্ছে এবং যিনি স্বয়ং পুলিশ মন্ত্রী তিনি এখানে বলছেন যে ঘটনার কথা আমি এখনও জানি না যে কি ঘটনা থেকে এই সমস্ত ঘটেছে। তাহলে বলতে হয় এখানকার যেসমস্ত ঘটনা ঘটে সেটা শুধু পুলিশ অফিসাররা ঘটান এবং মুখ্যমন্ত্রী, পুলিশ মন্ত্রী, তাদের এই বিষয়ে কোন কর্ত্তব্য নেই। তাঁরা হয়ত মনে করেছিলেন যে তাঁরা গত কয়েক বছর ধরে গ্রাম বা শহরে যে পুলিশী নির্যাতন চালিয়ে এসেছেন, যে হাজার হাজার মানুষকে তাঁরা পুলিশ ক্যাম্পে আটকিয়ে অত্যাচার করেছেন, তাঁরা মনে করছিলেন জংগলে পাহাড়ে যেভাবে তাঁরা অত্যাচার করছেন, সেইভাবে তাঁরা এখানেও পার পেয়ে যাবেন। আমাদের এখান থেকে তাই যুবকরা, ছাত্ররা, জনসাধারণ সেই পুলিশ নির্যাতনের বিরুদ্ধে যারা আজকে দাঁড়িয়েছেন তাদের আমি অভিনন্দন জানাই এবং আজকে আমি এই কথা জানিয়ে দিতে চাই এখানকার সরকারকে যে তাঁরা যদি মনে করে থাকেন যে পুলিশ রাষ্ট্র কায়েম করে তাঁরা নিস্তার পেয়ে যাবেন তবে সেটা তাঁদের ভুল ধারণা। এই ধারণা আজকে জনসাধারণ ভেঙে দিচ্ছেন এবং এটা শুধু আজকে আরম্ভ। আজকে এই কংগ্রেসী শাসনে যে অত্যাচার, যে নির্যাতন, যে শোষণ চলছে তা এইভাবে নষ্ট হয়ে যেতে বাধ্য এবং আমি আজকে আশ্চর্য হয়ে গেছি যখন ছাত্র এবং যুবকরা আমাদের মন্ত্রীদের ঘেরাও করে এখানে আটক করেছিল তখন কোন কোন মন্ত্রী * * ঐ খিড়কির দরজা দিয়ে পালিয়ে এখানে আসবার চেষ্টা করেছেন। কত ভীরু, * * তাঁরা যাঁরা ছেলেদের মুখোমুখি হতে পারেন না, ছেলেদের সামনে জবাব দিতে পারেন না। তাই আমি বলছি তাঁরা এখান থেকে রিজাইন করুন, পদত্যাগ করুন। তাঁদের অধিকার নাই এই গদিতে বসার, যারা পুলিশের সাহায্য নিয়ে রাজত্ব করতে চায়. যারা * * জনসাধারণের সামনে উপস্থিত হতে চায় না, তাদের কোন অধিকার নাই এই রাজত্ব চালিয়ে যাওয়ার। কাজেই তাদের আসামীর কাঠগড়ায় উঠতে হবে। আজকে আমি এই কথা বলতে চাই যে জনসাধারণ সতর্ক থাকবে, জনসাধারণ পুলিশ নির্যাতনের বিরুদ্ধে এই আন্দোলন চালিয়ে যাবে এবং এই আন্দোলন চলবে। এই আন্দোলন চলবে যতক্ষণ পর্য্যন্ত কংগ্রেসী শাসন, ঐ পুলিশী আইন, ডি, আই, রুল এবং ইমারজেন্সী পাওয়ার ব্যবহৃত না হয় জনসাধারণের অধিকার সংকোচ করার জন্য, গণতান্ত্রিক অধিকার সংকোচ করার জন্য, ততক্ষণ পর্য্যন্ত এই আন্দোলন আমাদের ছাত্ররা, যুবকরা যারা গণতন্ত্রের প্রহরী, যারা পাহারা দিচ্ছে, গণতন্ত্রের অধিকারকে রক্ষা করছে, যারা সত্যিকারের গণতন্ত্রকে শ্রদ্ধা করে এবং এই গণতন্ত্র এই কাউন্সিলের মধ্যে নাই, সেই গণতন্ত্র এই রাস্তায় তৈরী হচ্ছে ছেলেমেয়েদের হাতে, ছেলেমেয়েদের মুষ্টির মধ্যে যে গণতন্ত্র তৈরী হচ্ছে সেই গণতন্ত্রকে আমি শ্রদ্ধা করি। গ্রামে, কারখানায়, স্কুলে, কলেজে যে গণতন্ত্র তৈরী হচ্ছে সেই গণতন্ত্র আজ হোক কাল হোক এই অ্যাসেম্বলীর মধ্যেও তার কণ্ঠস্বর আরও পরিস্কার করে তুলতে পারবে এবং আমি মনে করি যে প্রতিশ্রুতি মুখ্য মন্ত্রী দিচ্ছেন সেটা তিনি

* * Expunged as ordered by the Chair on 14. 9. 66.

রক্ষা করবেন এবং যারা ক্ষতিগ্রস্থ হয়েছে তাদের ক্ষতিপূরণ তাঁকে দিতে হবে এবং এই কথা মুখ্যমন্ত্রী বলেন নি যে এখুনি ঐ পুলিশ নির্য্যাতন বন্ধ করার জন্য তিনি কি করতে চান, সেই কথা আমি শুনতে চাই যে সেই হোমগার্ড এবং পুলিশ নির্য্যাতন বন্ধ হবে কিনা। আজ মুখ্যমন্ত্রীকে আমি অনুরোধ করব যে নিজে তিনি ওটা বন্ধ করার চেষ্টা করুন। আগে ছাত্রদের, যুবকদের বন্ধ না করে আগে (* * *) পুলিশের সেই (* *) হাত চেপে ধরুণ। তারপর ছেলেদের বলবেন যে আপনারা (* *) করবেন না। আমি জানি যে এটা আরম্ভ করেছে এবং উস্কানি দিয়েছে পুলিশ ? তার কোন ক্ষমতা ছিল না ? একটা ছেলেকে, যদি সে অন্যায় করে তাব জন্য আইন আছে, তার জন্য বিচার আছে, তাকে থানায় দেওয়া যায়। কিন্তু বেল্ট খুলে তাকে মারা, অতবড় (* *) শাসন কংগ্রেস শাসন ছাড়া হতে পারে না। সেই (* *) শাসন আমাদের ছেলেরা. যুবকরা বন্ধ করবেন। কাজেই আমি আশা করব যে সেই প্রতিশ্রুতি তিনি দেবেন যে এই (* * *) বন্ধ করার জন্য তিনি এখনি ব্যবস্থা অবলম্বন করবেন। তার পর আমি আশা করব যে অ্যাডজোর্ণমেণ্ট মোশন অ্যাক-সেপটেড্ হয়েছে এটা আলোচনা হবে। আজকে যখন সেই আলোচনা হবে না তখন আমাদের মাননীয় স্পীকারকে অনুরোধ করব যে তার জন্য একটা দিন তিনি ধার্য্য করে দিবেন। সেই অ্যাডজোর্ণমেণ্ট মোশন যখন আলোচনা করা হবে তখন আরও বেশী করে এই সম্পর্কে কতগুলি এবং আজকের ঘটনা সম্পর্কে আমরা আলোচনা করতে পারি।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত :— মাননীয় স্পীকার মহোদয়, কালকে এবং আজকে যে বেদনা দায়ক ঘটনা ঘটেছে তার জন্য প্রত্যেক কংগ্রেস কর্মী এবং কংগ্রেসের যারা এম, এল, এ, জনপ্রতিনিধি তারা সত্য সত্যই মর্ম্মাহত এবং তার জন্য জুডিশিয়াল এনকোয়েরীর দাবী আমরা করছি। আমার একটা কলিং এ্যাটেনশান মোশন ছিল, তাতে আমি দাবী করেছি যে এইজন্য একটা হাই পাওয়ার জুডিশিয়াল এনকোয়ারী করে তাতে প্রমাণ করা দরকার যে গণতন্ত্রকে কংগ্রেস রক্ষা করে এবং রক্ষা করবে, গণতন্ত্রকে কংগ্রেস শ্রদ্ধা করে এবং করবে। যে অন্যায় করেছে তার উপযুক্ত শাস্তি হবে এবং সেই শাস্তি কংগ্রেস দিতে জানে এবং কংগ্রেস দেবে। তাই আজকে আমি বেশী কথা বলব না। যে মর্ম্মান্তিক ঘটনা ঘটেছে, যে বেদনাদায়ক ঘটনা ঘটেছে এবং যে ছেলে আহত হয়েছে এবং শুনছি সে মারা গেছে, আমি কি বলব, তার ভাষা আমার নাই, যে মা পুত্রহারা হয়েছেন, যে পিতা পুত্রহারা হয়েছেন এটা যে কত বেদনাদায়ক সেই পিতাই বুঝতে পারেন, সেই মাই জানেন কি তার ব্যাথা। আমি তার স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে একটা হাই পাওয়ার জুডিশিয়াল এনকোয়ারী করা হক্, যাতে প্রকৃত দোষীর উপযুক্ত শাস্তি দেওয়া হয়।

শ্রী এস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিরোধী দলের সদস্য এবং নেতা যেভাবে কথাগুলি বলেছেন তাতে এটা আমার কাছে অত্যন্ত মর্ম্মদায়ক এবং পীড়াদায়ক কারণ কাল সারা রাত্রি ধরে যা ঘটেছে সেটা সম্বন্ধে আমি পূর্ব্বেই বলেছি যে আমরা এনকোয়েরী করার কথা ঘোষনা করার জন্য বলেছিলাম, কিন্তু সেটাও আমরা করতে পারিনি। সেইজন্য আমি

*** Expunged as ordered by the Chair on 14. 9. 66.

আবার বলছি যে জুডিশিয়্যাল এনকোয়েরী আমরা করব এবং সেই এনকোয়েরীটা যাতে ইম্‌পার্শ্যাল ওয়েতে হতে পারে এবং প্রচার কার্য্য যাতে সুষ্ঠুভাবে হতে পারে তার সুবিধা আমাদের দিতে হবে। এখানে বলা হয়েছে যে আমরা কোন কিছু জানিনা, বা কোন কিছুর খবর রাখিনা। সবই আমরা জানি এবং সব খবরই রাখি। কিন্তু রাজনৈতিক দিক দিয়ে একে পরিচালনা করতে গেলে পরে আমরা এই জিনিষটাকে অত্যন্ত খারাপ দিকে নিয়ে যাব এটা হল রাজনীতির উর্দ্ধে। কোথায় কোন সৈনিকের সাথে ঝগড়া হল পাব্লিকের, সেটাকে রাজনৈতিক উদ্দেশ্যে পরিণত করে আমরা যাতে গণ্ডগোল বৃদ্ধি না করি এবং এটাকে যেন রাজনৈতিক হাতিয়ার না করি। রাজনৈতিক হাতিয়ার করলে পরে, এই পরিস্থিতিকে আমরা অত্যন্ত গুরুতর করে তুলব। তাই আমি অনুরোধ করব বিরোধী দলের সদস্যকে, এখানে এসেও আমি তার সাথে আলাপ আলোচনা করেছি যে কি করতে হবে না হবে, তাই আমি চাই বিরোধী দলের মাননীয় সদস্য যারা আছেন তাদের সাথে বসে আলাপ আলোচনা করব কি করে এই পরিস্থিতিকে আমরা ঠিক ঠিক দৃষ্টিভঙ্গি নিয়ে বিচার করতে পারি, সেজন্য আমি হাউসের সামনে জুডিশিয়াল এনকোয়ারীর প্রতিশ্রুতি মাননীয় স্পীকারের মাধ্যমে রাখছি। তাই আমি আবেদন করব বিরোধী দলের সদস্যদিগকে যাতে আমরা সমস্ত ঘটনাকে রাজনৈতিক পরিস্থিতির উর্দ্ধে রেখে ঘটনার ঠিক অবস্থা দেখে বিচার করতে পারি। তাহলেই আমি বিশ্বাস করি সমস্ত ঘটনাকে আয়ত্বাধীনে রাখতে পারব এবং রেখে জনসাধারণকে আমরা যাতে ন্যায় বিচার দেখাতে পারি সেই চেষ্টাই আমরা করব। অতএব সেই জায়গাতে আমরা যদি আজকে ল'লেসনেসকে এনকারেজ করি, তাহলে ডেমক্রেসী উইল বি ইন ডেঞ্জার। অতএব আমি আবেদন করব হাউসের সামনে যে আমরা যাতে শান্ত পরিবেশ সৃষ্টি করতে পারি সেজন্য আমি প্রতিটি নাগরিকের কাছে আবেদন করব, বিরোধী দলের সদস্যদের কাছেও আবেদন করব যাতে আমরা অবস্থার বিচার বিবেচনা করে সঠিক সিদ্ধান্তে পৌঁছাতে পারি এবং জনসাধারণের প্রতি ন্যায় বিচার দেখাতে পারি।

মিঃ স্পীকার ঃ—এখানে আসার আগে আমি মাননীয় বিরোধী দলের নেতার কাছ থেকে শুনেছিলাম যে হাউসে একটা ষ্টেটমেণ্ট মাননীয় মুখ্যমন্ত্রীর দেওয়া দরকার। আর আমাদের ডেপুটি মিনিষ্টার গিয়েছিলেন আমার কাছে। দুজনেই আমাকে বললেন যে আজ অ্যাসেমব্লীর মিটিং এ একটা ষ্টেটমেণ্ট দেওয়া দরকার। যা হোক, পরিস্থিতি আজ অস্বাভাবিক। সুতরাং আমি আজকের মত মিটিংটা অ্যাডজোর্ণ করে চলে যাব। তারপর আমাদের বাজেট মিটিং যেটা হওয়ার কথা সেটা কালকে হবে। আমি একটা আবেদন রাখব দুই পক্ষের সদস্যদের কাছে যে বর্ত্তমান যে উত্তেজনা চলেছে সেটা স্বাভাবিক অবস্থাতে যেন তারা ফিরিয়ে আনবার চেষ্টা করেন। এই আবেদন আমি সবাইকে করছি, চীফ মিনিষ্টারকেও করছি, পুলিশ মন্ত্রীকেও করছি এবং সমস্ত মন্ত্রী পরিষদকে করছি এবং সরকার পক্ষের ও বিরোধী পক্ষের সমস্ত সদস্যদের করছি।

আমি এর পর মিটিং অ্যাডজোর্ণ করে দিচ্ছি কাল পর্যন্ত।

The meeting was then adjourned till 11 A. M. of 30th. August 1966,

Proceedings of the Tripura Legislative Assembly Assembled under the provisions of the Government of Union Territories Act, 1963.

August 30, 1966.

The Assembly met in the Assembly Chamber, Agartala on Tuesday, the 30th August, 1966 at 11 A. M.

PRESENT.

The Hon'ble Upendra Kumar Roy, Speaker in the Chair, the Deputy Speaker, the Hon'ble Chief Minister, three Deputy Ministers and fifteen Members.

QUESTIONS.

Mr. Speaker :—The first item in to-day's agenda is questions. Starred Questions given notice of by Shri Dinesh Deb Barma, Shri Bulu Kuki, Shri Aghore Deb Barma, Shri Sudhanwa Deb Barma, Shri Birchandra Deb Barma, Shri Hemanta Deb, Shri Hlura Aung Mog, Shri Nripendra Chakraborty, and Shri Atiqul Islam are deemed to be answered and shall be entered into the Proceedings on account of the absence of the members. I would now call on Shri Monchor Ali to name his postponed question from the last session.

Shri Monchor Ali :—522.

Shri M. L. Bhowmik :—Hon'ble Speaker, Sir, Question No. 522.

প্রশ্ন

ত্রিপুরা রাজ্যে এ পর্যন্ত স্কুলঘর তৈয়ারীর জন্য সরকারী সাহায্য দেওয়া হইয়াছে তাহাদের সংখ্যা কত ? সাহায্য দেওয়া হয় নাই তাহাদের সংখ্যা কত ?

ANSWER

Category of Schools.	No. of Schools (up-to-date)	No. of schools not given Govt. assistance for construction of School buildings.	No. of schools given Govt. assistance for construction of School buildings. (Col. 2—Col. 3).
1		3	4
Primary	615	101	514
Junior Basic	761	185	576
Senior Basic	127	5	122
Total—	1503	291	1212

শ্রীমনছুর আলী ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে সমস্ত স্কুলে সাহায্য দেওয়া হয় নাই সেইগুলিকে দেওয়া হবে কিনা ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা প্রত্যেক স্কুলেই কনস্ট্রাকশন্যাল গ্র্যাণ্ট দেব এবং সেটা ক্রমে ক্রমে হচ্ছে এবং যেগুলির আশু প্রয়োজন সেইগুলিকে প্রথম কনস্ট্রাকশন্যাল গ্র্যাণ্ট দেওয়া হচ্ছে।

শ্রীমনছুর আলী :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে কোন সাবডিভিশনে কতগুলি সিনিয়ার বেসিক স্কুলকে সাহায্য দেওয়া হয়েছে এবং কতগুলিকে দেওয়া হয় নাই এবং কতগুলি জুনিয়ার বেসিক স্কুলকে সাহায্য দেওয়া হয়েছে এবং কতগুলিকে দেওয়া হয় নাই ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের উত্তরে আমরা বলেছিলাম টোটেল নাম্বার। কিন্তু কোন সাবডিভিশনে কতগুলি সিনিয়ার বেসিক এবং জুনিয়ার বেসিক স্কুলকে দেওয়া হয়েছে এই মূহুর্তে তার উত্তর দেওয়া সম্ভব নয়।

Mr. Speaker :—There are some unstarred questions. I would request the Hon'ble Ministers to lay on the Table of the House the replies to the Unstarred Questions. (The replies to the Starred Questions not replied orally are shown in Annexure—'A' and those to the Unstarred Questions in Annexure—'B')

Then the questions for 30. 8. 66. The Starred questions given notices of by Shri Dinesh Deb Barma, Shri Bulu Kuki, Shri Sudhanwa Deb Barma, Shri Birchandra Deb Barma, Shri Hlura Aung Mog, Shri Sunil Kumar Choudhury, Shri Aghore Deb Barma, Shri Nripendra Chakraborty and Shri Atiqul Islam are given in Annexure—'C' along with the replies and the unstarred Question in Annexure—'D' on account of their absence. I would now call on Shri Nishi Kanta Sarkar to name his question.

Shri Nishi Kanta Sarkar :—188.

Shri S. L. Singh :—Mr. Speaker Sir, in to-day's list it is not found.

Mr. Speaker :--The list has just been supplied.

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয় ২৯ তারিখের যে বিজনেস সেই বিজনেস আজকে হওয়ার কথা। এটা তো মনে হচ্ছে ৩০ তারিখের।

Mr. Speaker :—To-day is the 30th. There are only 3 questions. So I wish that these should be disposed of to-day.

শ্রীসুখময় সেনগুপ্ত :—মাননীয় স্পীকার স্যার, আমরা আজকে যে বিজনেস আরম্ভ করেছি, এটা কি ২৯ তারিখের বিজনেস আরম্ভ করেছি, না ৩০ তারিখের বিজনেস আরম্ভ করেছি ?

মিঃ স্পীকার :—আজকে তো ৩০ তারিখ। আমরা ২৯ তারিখেরটা তো করতে পারিনি। কাজেই ২৯ এবং ৩০ তারিখের বিজনেস আমরা কনসলিডেটেড করে ফেলতে চাই।

শ্রীসুখময় সেনগুপ্ত :—মাননীয় স্পীকার, স্যার, কি সারকামস্টেন্সে কালকে অধিবেশন করা সম্ভব হয়নি এবং বাজারে যে গুজব রটেছে সে সম্পর্কে আমরা যতটুকু শুনেছি তাতে এখানে

অ্যাসেম্বলী সেসন হয়নি এবং অ্যাসেম্বলী সেসন করা সম্ভব হয়নি। আজকে এখানে বহু মেম্বার আছেন—

মিঃ স্পীকার :—আমি কোয়েশ্চান আওয়ারটা শেষ করে নিই। এরপর আপনি বলবেন।

শ্রীসুখময় সেনগুপ্ত :—এই কথাটা এই প্রসংগেই বলতে চাইছি যেহেতু ২৯ এবং ৩০ তারিখ কনসলিডেটেড করা হয়েছে সেজন্যই আমি এই প্রশ্নটা তুলতে চাইছি।

মিঃ স্পীকার :—এটা কনসলিডেটেড করার ক্ষমতা তো আছে স্পীকারের আণ্ডার দি সারকামস্টেনসেস্। কাজেই সেই অনুসারেই বিজনেসটা আমি কনসলিডেটেড করে নিচ্ছি। তারপর আমি আপনার প্রশ্নের উত্তর দিচ্ছি। দিজ কোয়েশ্চানস্ ওয়ের গিভেন ইন দি বুলেটিন। বুলেটিন দেওয়া হয়েছে। আজকে তো আপনারা আনেন নি।

Shri S. L. Singh :—We want time. Just now it is not possible to give reply to the questions.

Mr. Speaker :—Do you wish to postpone it today ?

Shri S. L. Singh :—Yes.

Mr. Speaker :—Alright. Then I pass on to the next item.

শ্রীসুখময় সেনগুপ্ত ঃ—মাননীয় স্পীকার, স্যার, এখানে গত দুই দিন ধরে আগরতলা সহরের উপর যেসব ঘটনা ঘটেছে তার জন্য আমরা সবাই দুঃখিত এবং আমি শুনেছি যে চীফ মিনিষ্টার গতকাল এই জন্য দুঃখ প্রকাশ করেছেন। তথাপি এখানে আমাদের অ্যাসেম্বলী সেসন ছিল। অ্যাসেম্বলী সেসন কালকে হতে পারে নি, যার ফলে আমাদের মেম্বারদের মনের মধ্যে প্রশ্ন এসেছে যে আমাদের সিকিউরিটি কি ? আমরা আমাদের এসেম্বলীতে দায়িত্ব পালন করতে আসি জনসাধারণের কাজ করার জন্য, তাদের মংগলের জন্য। কিন্তু আমাদের যদি লাইফের কোন সিকিউরিটি না থাকে, অ্যাসেম্বলী হাউসের মধ্যে পর্য্যন্ত আমার যদি কাজ করতে না পারি তাহলে আমি মাননীয় স্পীকারের কাছে অনুরোধ করছি যে এই সম্পর্কে একটা ষ্টেটমেণ্ট করার জন্য যে কি ঘটনা ঘটেছে এবং কালকে যে কাজ হতে পারে নি অ্যাসেম্বলী হাউসে তার জন্য কি সিকিউরিটির মেজার ছিল, কেন তা ব্যর্থ হয়েছে, কি তার কারণ, এই সম্পর্কে মাননীয় স্পীকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আশা করব এই সম্পর্কে তিনি কিছু বলে মেম্বারদের আশ্বস্ত করবেন।

মিঃ স্পীকার ঃ—অনারাবল মেম্বারস্ আমাদের হাউসে মাননীয় সদস্য যে প্রশ্ন তুলেছেন এটা গতকালের ঘটনা সম্বন্ধে, এ বিষয়ে বিশেষভাবে চিন্তা করার প্রয়োজন হয়ে পড়েছে, সেটা আমিও স্বীকার করি। প্রথমে আমি দুঃখের সহিত বলব, মাননীয় সদস্য, যিনি এই প্রশ্ন তুলেছেন, তিনি আমাদের মন্ত্রীসভাতে সেদিন পর্য্যন্তও ছিলেন। তিনি জানেন যে ইউনিয়ন টেরিটরির যে বিধানসভা এর ক্ষমতা কতটুকু রেষ্ট্রীক্টেড।

Firstly, The Assembly must be independent of the executive of the Government. কিন্তু যে ভাবে আইন করা হয়েছে, আর যে ভাবের ট্রিটমেণ্ট আমরা পাচ্ছি।

Our Assembly is practically a subordinate Department to the secretariat of the Government, nothing else. This Assembly Secretary has to submit

whatever is wanted on behalf of the Assembly to the Judicial Secretary of the Government. This Assembly Secretary is of the same status and rank with the Judicial Secretary. But the Secretary of this Assembly has no power to make direct approach to the Administrator or to the Cabinet. Virtually he is subordinate to the Judicial Secretary of the Administration. The sin is the original sin. Secondly, as regards security staff or others, whatever we do, we can not have an Officer or staff of our choice. If we want a number of Officers, if we send requisition for it, it is not accepted in full. The number is curtailed and recommended to the Government of India according to the sweet will of the Civil Secretariat of the Government of Tripura and even that is not always sanctioned by the Government of India. Hon'ble Members, I would point out this fact most painfully. I have felt it long, and when the Hon'ble Member was a Minister, I told him also as I told the Chief Minister about these drawbacks, these defects, these handicaps of the Secretariat of this Assembly.

Thirdly, he has raised the point of security, I should plainly say that the Assembly has no security staff of its own at the command of the Speaker. Who is the Head of the security staff of this Assembly—the Marshal. The Marshal is not an employee of this Assembly. The police personnel deputed to work as security staff are kindly lent from time to time by the Police Department to this Assembly. I do not know, there is no law, there is no rule, there is no convention whether any order of the Speaker, not to speak of the Secretary of this Assembly to be binding upon the security force posted in the Assembly by Police Department. It is a private arrangement that here is some security force, say four or five with one Officer. I did not see them yesterday. So the Speaker himself has no power to give any assurance to the Members of the Assembly.

Fourthly, then again we have no Reporter. Fifthly, there is only one Gazetted Officer in the Assembly who is the Secretary. If he is absent and unfortunately during the last three years he had to go on long leave for three months or more on account of illness or accident, there is no second Gazetted Officer with whom the charge could have been left. The staff of the Assembly could not get their pay in time on account of the fact that there was no drawing Officer during the absence of the Secretary. Only some contingent staff has been managed and in that matter also a direction has come to cut down the number. So I may say that if it is to be a fulfledged Assembly, many other things are necessary. There was a representation from this end to the Government of India through the Government of Tripura for a second Officer, for an Under Secretary but that was turned down. Then a Committee Officer was proposed, that also has not yet been sanctioned. There is not a

single Reporter. I would request the Hon'ble Members to imagine whether an Assembly can go without a single Reporter. Those who are taking notes are not Reporters, these are Stenographers, they may not fully follow the debates. I have to depend mainly upon Tape Recorder. If the Hon'ble Members expect everything from the Speaker of Tripura, as they can expect from the more fortunate counterparts of West Bengal or other full States, I would like to disillusion them. Now I think and admit as a Member of the Cabinet, the Hon'ble Member had to work under terrible handicaps like this but worse is the position of the Speaker here ; he is helpless. Yesterday, he had not the idea that the whole Assembly House would be mobbed by outsiders. I do not know how they could have got entrance. I was there in my Office Chamber. There were some resolutions, adjournment motions and all those things which I had to dispose of. I was sitting in my Chamber. In the mean time I do not know how they could have got in. There was standing security arrangement and in every Session the Speaker or the Secretary of the Assembly has not to give notice or invitation to the Police Department to send a batch of security staff ; it is the standing arrangement. This security staff is lent from the Police Department. They are left with the charge of protecting the gate. It is a protected area. When it has been declared a protected area, arrangement must have been made for protecting it. Whose responsibility is this ? Is it the responsibility of this helpless poor Speaker who has no staff for the purpose, who has no resources ? The Speaker has no power of sanctioning any expenditure. The Secretary of the Assembly can sanction only Rs. 500/- in a year. If in excess of that amount he has to spend a single penny, he has to send requisition to the Judicial Secretary. May I ask the Hon'ble Members what they can expect, what protection they can expect from this Speaker and his staff ? As regards yesterday's incidents, I apprehended some troubles but the Budget must be passed. If we can not have the Budget passed within the 10th, and send it to Delhi, our administration would have to face great difficulties. Therefore, anyhow our Budget was to be hastened through. Question may be asked why was not that question of the Budget taken up earlier. That was not possible because you know that every item into the Budget had to obtain previous sanction of the Government of India. So first of all, the Finance Secretary had to run to Delhi and after getting the sanction from the Government of India, it is to be included in the Budget of Tripura and is to be passed in the Assembly. So it could not be started earlier. I think the Hon'ble Members have the knowledge of this.

Now as regards yesterday's incidents, in the previous night there was a great disturbance in the town, naturally there was apprehension of some

troubles, so I too had some apprehension for that. But you know this Session was summoned by the Administrator and the main function of this is to pass the Supplementary Budget. It is a responsibility of the Administrator, therefore, as per rules every date when the Budget Estimates are to be placed and when the general discussion on the Budget Estimate is to take place, when the Demands Grants are to be voted and the Appropriation Bill is to be introduced, to be considered and finally passed, was fixed by Administrator, no doubt in consultation with the Speaker. I could not postpone the sitting yesterday nor could I postpone it to-day, and when yesterday morning I had a personal discussion with the Chief Minister as well as a telephonic conversation with the Administrator, I was left with no choice other than starting the Session. From that talk, I was fully convinced that there would be no trouble in going through the Session peacefully. But unfortunately the things turned up quite contrary to my expectation. I do not know how so many students could have entered, not only students, I think along with students there were many non-students too and how they could have entered ? I usually come to this House only five minutes to 11 A. M. and whenever there is a lack of quorum, I come down later. Yesterday I was informed that there was no quorum at 11 A. M. and sometime after 11 also there was no quorum. There were only 8 Members present in the House. So I did not come down. Then I came to know that the condition was that, this House had been fully mobbed, so to say, by outsiders, therefore, normal work of the meeting could not take place. Now in the midst of this tense situation, the Leader of the Opposition as well as the Deputy Minister, Shri Bhowmik both went to me after consultation with the Chief Minister and Leader of the House. I was told that there was no possibility of normal work but some how this abnormal situation must be tackled so that other business might go on regularly from to-day. It was reported to me in this way that it had been arranged that all would be satisfied after hearing a statement from the Chief Minister about the incidents and then the House might be adjourned for the day. Therefore, on that representation, I came down and I explained what was the business of the day to be gone through. The Hon'ble Chief Minister made a Statement after that. Then inspite of the understanding, I should say a clear understanding the Leader of the Opposition without the permission of the Speaker delivered a speech after which I left the House adjourning it till to-day. But later on the outsiders, mostly students, others also were there, I have every reason to believe, who came, refused to move from the Assembly House and wanted to show the Chief Minister the spots of some incidents in the town. I was confined in my room along with the Chief Minister and there was another

M.L.A. Shri Krishnadas Bhattachrajee and there might have been some other people sometimes going inside and sometimes coming out. However, therefore, Hon'ble Chief Minister had to go with them. They insisted on that point before his coming to the Assembly House, as they said, that the Hon'ble Chief Minister told them that he would go along with them and see the spots which they wanted to show him. I did know that ; the Chief Minister also did not tell me what took place before he entered the Assembly House. After all these, I think, I am the unhappiest of all at this. Sanctity of the House has been thrown to the winds no doubt. Our Assembly is a small Assembly this is an infant Assembly, but all along I was zealously guarding the prestige of this Assembly in my small way, with my small capacity, with my small resource. I am not less interested or less enthusiastic in maintaining the dignity and the prestige of this Assembly than anybody else connected with this. But I have been terribly shaken in mind and spirit, my whole being has been upset. I should say, I confess to you Hon'ble Members, I am terribly shaken, the prestige of the Assembly has gone to the dust ; the prestige of the Administration has gone to the dust. I should say. It is my feeling, please execuse me if you do not share my feeling, I am extremely pained, my heart is laden with grief that this unhappy circumstances that the young hopefuls of our country who will come to occupy in future this Democratic Institution I mean, our Assembly, should come here and behave in the way in which they did. I think, I have been able to expose my defects and drawbacks and the inability of this Assembly Secretariat and of the Speaker himself in guaranteeing security to the members of the House against mob—violence.

Shri Ershad Ali Choudhury :— Point of information. I wish to know (Dy. Speaker).
whether there was given any assurance to the Hon'ble Speaker that after statement of the Hon'ble Chief Minister no chance should be given to the Leader of the Opposition to make any statement in the House ?

Mr. Speaker :— I have already made it clear in my statement.

Shri Sukhamoy Sen Gupta :—মাননীয় স্পীকার স্যার, আমাদের এখানকার এ্যাসেম্বলীর অসহায়ত্বের যে বর্ণনা দেওয়া হয়েছে, আজকে আমরা মেম্বাররা সেই সম্পর্কে সচেতন, যেহেতু কালকের যে ঘটনা সেটার জন্য আমরা সবাই উদ্বিগ্ন হয়ে পড়েছি। এই অসহায়ত্বের মধ্যে আমাদের এ্যাসেম্বলী চালান সত্যই একটা ভীষণ অসুবিধার ব্যাপার সেখানে মাননীয় স্পীকারকে রিকোয়েষ্ট আমরা করতে পারি, হাউসের যে ওপিনিয়ান, হাউসের যে মত সেটা সম্পর্কে লিডার অব দি হাউস, তাঁকে রিকোয়েষ্ট করে এবং দরকার হলে এ্যাডমিনিষ্ট্রেটরকে এবং সেণ্ট্রাল গভর্ণমেণ্টকে বুঝান দরকার যে এই অবস্থায় একটা এ্যাসেম্বলীর

স্যাংটিটী থাকতে পারেনা, যে কোন সময়, যে কোন ঘটনা ঘটতে পারে। সেইজন্য আজকে আমার মনে হয় ইন প্রটেস্ট মিটিং এডজোর্ণ করে দেওয়া দরকার যাতে না কি তাঁদের দৃষ্টি আকর্ষণ করা যায় এবং অবিলম্বে যে অসহায়ত্ব এ্যাসেম্বলীর আছে, তা দূর করা যায়।

শ্রীএস, এল, সিংহ (চীফ মিনিষ্টার) ঃ-- অনার‍্যাবল স্পীকার স্যার, মাননীয় সদস্য যে কথা বলেছেন, যে প্রত্যেক সদস্য (তার কথায় মনে হচ্ছে যে) অসহায়ত্ব ফীল করছেন কিন্তু আমার যতটুকু ধারণা কোন লোক, কোন মেম্বার অসহায়ত্ব বোধ করেন না বরঞ্চ হাস্যমুখে তা করতে পারেন। গতকাল মাননীয় সদস্য অসহায়ত্ব জেনে আগেই অনুপস্থিত ছিলেন অতএব আমরা জানি আমাদের বিশেষ ত্রুটি আছে, বিচ্যুতি আছে, সেটা থাকা অসম্ভব নয় এবং সেইজন্য মাননীয় স্পীকার মহোদয়কে আমি অসংখ্য ধন্যবাদ জানাচ্ছি যে আজ চার বৎসর এই ডিফেক্‌টস, ত্রুটি বিচ্যুতি থাকা সত্ত্বেও এই হাউসের স্যাংটিটি, মর্যাদা তিনি সম্পূর্ণ বজায় রেখেছেন। গতকালের যে ঘটনা সেটা মাননীয় সদস্য নিশ্চয়ই অবগত আছেন যিনি ষ্টেটমেণ্ট করেছেন এবং তিনি কেন আসেননি সেটা তিনি জানেন। কিন্তু আমরা এই সিটুয়েশান দেখে অসহায়ত্ব ফীল করি না, কারণ আমরা বুঝেছি এই যে, আমাদের হাউসের কাজ চালিয়ে যেতে হবে। আমরা দৃঢ় সঙ্কল্পবদ্ধ, সেই অনুসারে আমরা সকলেই এখানে এসেছি এবং সেটাকে চালাবার চেষ্টা করেছি। কিন্তু সেই জায়গাতে আমরা সক্ষম হইনি, কারণ সিটুয়েশন আউট অব হোল্ড চলে গেল, তবে আমরা আউট অব হোল্ড চলে গেলে' আমরা জানি তাকে কণ্ট্রোল'এ রেখে আয়ত্বে রেখে আমাদের এই ক্ষুদ্র শক্তি দিয়ে আমরা প্রত্যেকে সেটাকে পরিচালনা করব। এডজোর্নমেণ্ট মোশন'এর কথা তিনি যে এখানে উঠিয়েছেন সেটা এখানে আসতে পারে না, তার আসার কোন কারণ আমি দেখি না কারণ তাহলে সেখানে আনরুলি যে মব্‌স্‌ তার হাতে এটাকে ছেড়ে দিতে হচ্ছে যে দেখ, তোমাদের ভয়ে ভীত হয়ে আমরা এ্যাসেম্বলীর সমস্ত কাজ বন্ধ রাখছি। এই উদ্দেশ্যে প্রণোদিত হয়েই আমার মনে হয় মাননীয় সদস্য এই প্রস্তাব উত্থাপন করেছেন। তবে এও জানা দরকার মাননীয় সদস্য যিনি এডজোর্নমেণ্ট মোশন এখানে উত্থাপন করেছেন তিনি আমাদেরই দলভুক্ত এবং পার্টি লিডার সেখানে আছেন, তার সাথে কনসালট্‌ করে এইসব এডজোর্নমেণ্ট মোশন হাউসে উত্থাপন করা দরকার, তিনি তা করেননি অতএব পার্টির যে নিয়মকানুন, তা তিনি লংঘন করেছেন। কারণ এর পূর্ব্ব মূহূর্ত্তেও তার সাথে আমরা আলাপ আলোচনা করেছি যে আমরা হাউসের কাজ চালিয়ে যাব, হাউস এডজোর্ন করবনা, এই সিদ্ধান্ত মাননীয় সদস্য অবগত আছেন, তা জানা সত্ত্বেও তিনি তা করেছেন এবং পার্টির নিয়মকানুন যা আছে তিনি তা লংঘন করেছেন বলেই আমার মনে হচ্ছে। অতএব আমরা জানি যতই দুর্দৈব আসুক না কেন, আমাদের এসেম্বলীর কাজ চালিয়ে যেতে হবে, আমাদের বাজেট পাশ করতে হবে। আমাদের মাননীয় স্পীকার মহোদয়ও বলেছেন আমাদের বাজেট ১০ তারিখের আগে পৌছিয়ে দিতে হবে দিল্লীতে, তা না হলে হোল্‌ এডমিনিষ্ট্রেশান অচল হয়ে যাবে। হাউস

এডজোর্ন করার মানে হল, হোল এ্যাডমিনিষ্ট্রেশানকে একটা ডেড্‌লকে পৌঁছিয়ে দেওয়া। কিছুক্ষণ পূর্বেও মাননীয় স্পীকার মহোদয় মাননীয় সদস্যের নিকট আবেদন করেছেন ডেড্‌লকের অবশান করে বাজেট পাশ করার জন্য। তা সত্বেও, সেই দিকে লক্ষ্য না করে, এখানে এডজোর্ণমেণ্ট মোশান এনে এডমিনিষ্ট্রেশানে একটা ডেড্‌লক সৃষ্টি করবার যে প্রচেষ্টা সেটা অত্যন্ত কুৎসিত আর এই দুর্বল মনোভাবের জন্য আমি দুঃখিত যে আমার কংগ্রেস পার্টির মধ্যে যারা আছেন তারা এইরকম দুর্ব্বল মনোভাব নিয়ে একটা এ্যাডমিনিষ্ট্রেশান পরিচালনা করছেন। আমি অবগত আছি যে আমার প্রত্যেকটি সদস্য সেই দিক দিয়ে সম্পূর্ণ সচেতন এবং সজাগ। তাঁরা জানেন, এই অসহায়ত্ব শুধু একদিকেই নয়, সবদিক দিয়েই আমাদের অসহায় অবস্থা। আস্তে আস্তে সেটাকে আমরা দূর করব এবং শক্তিশালী করব এবং মাননীয় সদস্য সেটা সম্পূর্ণ অবগত আছেন। চার বছর তিনি মন্ত্রীত্ব করেছেন, তিনি সেটা জানেন। মাননীয় অধ্যক্ষ মহোদয় সেটা বলেছেন যে এই অসহায় অবস্থা আজকের নয়। আজকে হঠাৎ এমন কি কারণ ঘটে গেল যাতে একটা ডেডলক সৃষ্টি এ্যাডমিনিষ্ট্রেশানে করতে হবে? অতএব আমরা জানি পলিটিক্যাল এ্যাটিচ্যুড নিয়ে, তারা জনসাধারণকে বিশ্রীভাবে পরিচালনা করবার একটা ষড়যন্ত্র করছেন। সাধারণ একটা ব্যাপার, যেটা আমি গতকাল এখানে বিবৃত করেছিলাম যে সিনেমা হাউসের একটা ঘটনা, সেই জায়গায় এই ঘটনাকে অবলম্বন করে পলিটিক্যালী যারা এটাকে মুভ করতে চাইছেন, তারা জনসাধারণের শান্তি শৃঙ্খলাকে বিপন্ন করার চেষ্টা করছেন বলেই আমি মনে করি। অতএব উই আর অল ডেমক্রেটীক মাইণ্ডেড পিপল, আমাদের সবসময়েই চেষ্টা রাখতে হবে যে ডেমক্রেসীকে রক্ষা করব, এবং সেই জায়গাতে আমাদের দৃষ্টি দেওয়া দরকার। অনেক সময় ডেমক্রেসী আনরুলি মব হয়, তার দ্বারা ডেমক্রেসী এনডেনজার্ড হয়ে পড়ে, যদি সেটাকে পলিটীক্যালি মুভ করা হয় তা হলে তার মানে হবে ডেমক্রেসীকে বানচাল করতে যাওয়া। আমাদের দেশের লোকেরা নিরক্ষর, শতকরা নব্বই জন লোক আমরা অশিক্ষিত এবং সেই দেশে আজকে তিন তিনটি ইলেকশান হয়ে গেল। আমরা চতুর্থ ইলেকশানে এসেছি, এবং সেই লোককে নিয়েই ভারতবর্ষের ডেমক্রেসী গড়ে উঠেছে, ত্রিপুরার ডেমক্রেসী গড়ে উঠেছে এবং আশা রাখি সেইভাবেই পরিচালনা করে যাব এবং তাকে আমরা শক্তিশালী করে তুলব। আমরা যদি একটা কোনকিছু হলেই সেটাকে দেখে ভীত বিহ্বল হয়ে যাই, তাহলে ডেমক্রেসী এনডেনজার্ড হবে। যত বিপদ, যত বাধাই আসুকনা কেন, আমরা আমাদের ন্যায়সঙ্গতভাবে যে বিধানসভা গঠিত আছে সেটাকে আমরা পরিচালনা করে যাব এবং জনসাধারণের দৃষ্টিও আমরা তাতে আকর্ষণ করতে পারব। যত বাধা বিঘ্ন আসুক, যতই আনরুলি মব হউক, তাকে প্যাসিফাই করাই হল আমাদের সবচেয়ে বড় কাজ এবং সেই উদ্দেশ্য প্রণোদিত হয়েই আমরা সর্ব্বপ্রকার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি, যাতে জনসাধারণকে, যারা শিশু আছে, তাদেরকে আমরা আমাদের পথে আনতে পারি, আনরুলি মবকে কি করে আমরা রুলে আনতে পারি, তার প্রচেষ্টা নিয়ে, তার ভাবাবেগ নিয়েই আমরা কাজ করছি। মাননীয় স্পীকার যে বলেছেন যে আমি তাঁকে প্রতিশ্রুতি দিয়েছিলাম, সত্যই আমি তাঁকে প্রতিশ্রুতি দিয়েছিলাম

যে আমি ঘটনাস্থল পরিদর্শন করব। আমি জানি, আমার মনে এই বিশ্বাস আছে এবং এই বিশ্বাস নিয়েই আমি প্রতিশ্রুতি দিয়েছি এবং এই প্রতিশ্রুতি পালন আমি করেছি এবং তা আমি পালন করব। এখন তা পালন করতে গেলে পরে যত বিপদ আপদই আসুক-না-কেন, হাস্যমুখে সেটাকে সহ্য করার শক্তি নিয়েই আমি কাজ করছি। তাই আমি আবেদন করব প্রত্যেক ইনডিভিজুয়েলের কাছে, ডেমক্রেসী যারা এনডেনজার্ড করতে যাবে উই আর টু ফেস দেম, উই আর টু ফেস দ্যাট মব, হিরোইক্যালি। সেই মনোবৃত্তি জনসাধারণের মধ্যে জাগ্রত করার জন্য আমরা চেষ্টা করে যাব। আমি জানি যারা আনরুলি, আই এ্যাম টু প্যাসিফাই দেম, উই আর নট, টু পেনালাইজ দেম, উই আর ডেমক্রেটিক মাইণ্ডেড পিপ্‌ল অব ত্রিপুরা ষ্টেট, উই আর টু ফীল ফর দেম। যারা এখানে এ্যাসেম্বলীকে দুর্বল করার জন্য চেষ্টা করছেন তারা ডেমক্রেটিক মাইণ্ডেড পিপল নন, তারা ডেমক্রেসীকে ধ্বংস করতে চান। অতএব এই যে ল'লেসনেস, তার কাছে যারা আত্মসমর্পণ করে এই ন্যায় সংগতভাবে গঠিত বিধানসভাকে দুর্বল করতে চান, তারা ডেমক্রেটিক মাইণ্ডেড পিপল নন, ডেমক্রেসীকে তারা বিসর্জন দেওয়ার জন্যই চেষ্টা করছেন বলে আমি মনে করি। ভারতবর্ষের প্রত্যেক জায়গাতে আজকে এর চেয়ে বড় বড় ঘটনা ঘটে গেছে কিন্তু সেই সমস্ত জায়গাতে এ্যাসেম্বলী এডজোর্ণ করে দেওয়ার প্রস্তাব কংগ্রেস দলের সদস্যরা কোন জায়গাতে করেন নি। তারা হিরোইক্যালি, সেই জায়গাতে ল'লেসনেস দেখেও সেখানে দাঁড়িয়েছেন এবং সেটাকে ফেস করেছেন। আমরা আজকে চতুর্থ ইলেকশানে এসেছি, অতএব আমরা বিশ্বাস করি যে আমাদের ভারতের প্রত্যেকটি মানুষ আমাদের ডেমক্রেসীকে ষ্ট্রেংদেন করবে। প্রত্যেক ডেমক্রেটিক মাইণ্ডেড পিপল-এর কাছে আমি আবেদন করব যে আমাদের এই ডেমক্রেসীকে আমরা রক্ষা করব, আমরা যা সৃষ্টি করেছি আমরা তাকে রক্ষা করব এবং তাকে পরিবর্ধিত করব। আর যারা ডিক্টেটারশিপের চিন্তা করছেন তাদের কাছে বলব এই, তোমরা ভারতের গণতন্ত্রকে এনডেনজার করতে যেওনা, এই এ্যাপীল প্রত্যেকটি মানুষের কাছে আমি করব। কারণ আমরা দেখেছি যেসব ষ্টেট শতকরা ৯০টি লোক শিক্ষিত, যেখানে ডিক্টেটার শিপ চলছে, সেখানে মাত্র শতকরা ১০ জন লোক দ্বারা সেইসব দেশ শাসিত হচ্ছে। আমরা তা করতে চাইনা। আমরা চাই ভারতবর্ষের সেণ্ট পার্সেণ্ট লোকের ইচ্ছা নিয়ে, মনোধারা নিয়ে, মতবাদ নিয়ে আমরা আমাদের ডেমক্রেসীকে ষ্ট্রেংদেন করে যাব, সেই অনুসারে ত্রিপুরাতেও সেই ডেমক্রেসী এষ্টাব্লিশড হয়েছে। অতএব আমরা তাকে পরিবর্ধন করব, আমরা তাকে শক্তিশালী করব। তাই আমি অনারাবল মেম্বারের এ্যাডজোর্ণমেণ্ট মোশানের প্রতিবাদ করছি।

শ্রীসুখময় সেনগুপ্ত :— মাননীয় স্পীকার, স্যার আমি হয়ত আমরা বক্তব্য ঠিকভাবে···

Mr. Speaker :—No, no, that should not be allowed. The question of adjourning the meeting was raised by Hon'ble Member and opposed by the Leader of the House. Now this can not come before the House in the form of Adjournment Motion. Hon'ble Member Shri Sen Gupta has told what he

had to say and the Hon'ble Chief Minister, Leader of the House has given reply to that. So, now I want to close it.

Shri Sukhamoy Sen Gupta :—মাননীয় স্পীকার, স্যার, এক মিনিট আমি বলতে চাই। আমি স্পীকার মহোদয়ের মাধ্যমে রিকোয়েষ্ট করেছিলাম যে মিটিং এডজোর্ন করে সরকারের দৃষ্টি আকর্ষণ করা যায় কিনা ? আমি সমস্ত সেশান বন্ধ করতে বলিনি। যদি আমার বক্তব্যের মধ্যে কোন ভুল থাকে, সেইজন্য আমি দুঃখিত। কিন্তু আমার যেটা বক্তব্য ছিল, সেটা হচ্ছে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের, এখানকার এ্যাডমিনিষ্ট্রেটরের দৃষ্টি আকর্ষণ করার জন্য, আমাদের অসহায় অবস্থাটা বুঝাবার জন্য, স্পীকার সাহেব পারেন কিনা ? এটা এডজোর্ন মোশান নয়, এটা স্পীকারের কাছে রিকোয়েষ্ট করা হয়েছিল এই রকম একটা ব্যবস্থা করা যায় কিনা দৃষ্টি আকর্ষণ করার জন্য।

মিঃ স্পীকার ঃ—আমার মতে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের কাছে সোজাসুজি লিখবার স্পীকারের কোন ক্ষমতা নেই। সেণ্ট্রাল গভর্ণমেণ্টকে লিখলে লেখা যেতে পারে, সেইজন্য মিটীং এডজোর্ণ করবার কোন প্রয়োজন নেই দৃষ্টি আকর্ষণ করবার জন্য। That would be, I think, strengthening the view points of the Opposition. They have already wanted to raise adjournment motion. Then I pass on to the next item.

Adjournment Motion

Mr. Speaker :—Next item is one adjournment motion given notice of by Shri Nripendra Chakraborty, Shri Atiqul Islam, Shri Sunil Kumar Choudhury, Shri Dinesh Deb Barma, Shri Ramcharan Deb Barma and Shri Bulu Kuki—on the subject of—

> "the serious situation created by brutal lathi charges of police at Agartala on 28-8-66".

The Members giving notice are absent. So it falls through.

CALLING ATTENTION NOTICE.

Mr. Speaker :—There is one Calling Attention Notice from Shri Promode Ranjan Das Gupta on the subject—

> "Regarding disturbances that occured yesterday night between Police and Public".

It refers to the occurrence of day before yesterday. I think on this the Chief Minister has already given a statement yesterday. If the Hon'ble Member is not satisfied with that, if he wants an open statement before the Assembly, I would request the Hon'ble Chief Minister to make a statement if he likes on the Calling attention notice of Shri Promode Ranjan Das Gupta.

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—মাননীয় স্পীকার মহোদয়, কালকে যে ষ্টেটমেণ্ট মাননীয় মুখ্যমন্ত্রী করেছেন এই হাউসে সেই ষ্টেটমেণ্টের পর যেখানে জুডিশিয়াল এনকোয়ারীর কথা বলেছেন এই ডিসটার্বেন্সের উপর, তারপর আমি এই কলিং অ্যাটেনশানের উপর ইনসিষ্ট করতে চাই না।

PRESENTATION OF THE ORDER OF DELIMITATION COMMISSION

Mr. Speaker :—Then we pass on to the next item. Next business of the House is the Presentation of the Order No. 22 made by the Delimitation Commission.

Now I would request Shri Umesh Lal Singh, Associate Member, Delimitation Commission to lay on the Table of the HOUSE the order No. 22 made by the Delimitation Commission.

Shri Umesh Lal Singh :—Hon'ble Speaker, Sir, I beg to proceed to present before the House the Order No. 22 made by the Delimitation Commission.

Mr. Speaker :—The Order No. 22 made by the Delimitation Commission as laid on the Table of the HOUSE shall be placed in the Library of the Assembly Secretariat.

PRESIDENT'S ASSENT TO BILLS.

Mr. Speaker :—We pass on to the Next Item. Intimation regarding President's Assent to the Bills.

The following bills, received the Assent of the President on dates as mentioned aginst each—

1) The Appropriation (No. 3) Bill, 1966
 (Bill No. 3 of 1966). ... on 24th May, 1966.
2) The Tripura Khadi & Village Industries Board Bill, 1966
 (Bill No. 4 of 1966). ... on 2nd August, 1966.

These are for information of all Members.

INTIMATION REGARDING ARREST, DETENTION ETC., OF MEMBERS.

Mr. Speaker :—Next item—Intimation regarding arrest of Members of the Tripura Legislative Assembly. I have received the following communication regarding arrest of the 4 (four) Members of the Tripura Legislative Assembly from the Sub-divisional Magistrate, Tripura.

"To : The Speaker,
 Bidhan Sabha, Agartala.

Dear Shri Speaker,

I have the honour to inform you that I have found it my duty in excercise of my power under section 13 of the Code of Criminal Procedure to direct that Shri Nripendra Chakraborty, M. L. A., Shri Ramcharn Deb Barma, M.L.A., Shri Sudhanya Deb Barma, M.L.A., and Shri Sunil Choudhury, M L.A., arrested by Kotwali P.S. under Sub-Rule (5) of Rule 41 of the Defence of India Rules, 1962 be detained for twelve days till 9. 9. 66 for subversive activities and action likely to endanger the safety and stability of the state and inciting agitations against public servants.

Shri Nripendra Chakraborty, M.L.A., Shri Ram Charan Deb Barma, M.L.A., Shri Sudhanya Deb Barma, M. L. A. and Shri Sunil Choudhury, M. L. A.

Tripura were accordingly taken into the custody at 21.00 hrs. on 29th August, 1966 and is at present lodged in the Central Jail, Agartala.

Yours faithfully,

etc. etc. "

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : —We pass on to the next item.—Presentation of the Report of the Business Advisory Committee.

I announce the Report of the Business Advisory Committee setting the Business of the House upto the 9th September, 1966.

The report and Time Table has already been supplied to the Hon'ble Members.

I would call on Shri Ershad Ali Choudhury, designated by me to move the Motion that the House agrees to the allocation of time proposed by the Committee.

Shri Ersad Ali Choudhury :—Hon'ble Speaker, Sir, I beg to move that this House agrees to the allocation of time proposed by the Committee.

Mr. Speaker :—Any amendment may be moved by any one of the Members.

(After a pause) As there is no amendment coming forth, so I would put the question for decision of the House.

As many as are of that opinion will please say AYES.

(Voice : AYES)

As many as are of contrary opinion will please say NOES.

(No Voice)

I think AYES HAVE IT. AYES HAVE IT.

The motion is carried.

REPORT OF THE COMMITTEE ON ABSENCE OF MEMBERS.

Next item is Presentation of the Report of the Committee on absence of Members.

I would call on Shri Umesh Lal Singh, Chairman of the Committee to proceed to present before the House the Report of the Committee on Absence of Members.

Shri Umesh Lal Singh : --Hon'ble Speaker Sir, I beg to state that I, the Chairman of the Committee on Absence of Members from the sittings of the House of the Tripura Legislative Assembly submit the Sixth Report of the

Committee on Absence of Members from the Sittings of the House of the Tripura Legislative Assembly. The Committee was constituted in pursuance of Rule 239 of the Rules of Procedure and Conduct of Business in the Tripura Legislative Assembly with the following members : –

1. Shri Umesh Lal Singh, Chairman.
2, Shri Dasami Riang, Member,
3. Shri Monchor Ali. -do-
4. Shrimati Renu Chakravorty, -do-
5. Shri Hemanta Deb, Member.
6. Shri Bulu Kuki, -do-

The Committee met on the 12th & 25th May, 1966 to consider the leave applications of Sarbashree Dinesh Deb Barma, Nripendra Chakraborty and Dasami Riang, members of the Tripura Legislative Assembly and recommend 30 days' leave from 14. 3. 66 to 12. 4. 66 to Shri Dinesh Deb Barma, 37 days' leave from 11. 11. 65 to 17, 11. 65 and 14. 3. 66 to 12. 4. 66 to Shri Nripendra Chakraborty and 28 days' leave from 16. 3. 66 to 12. 4. 66 to Shri Dasami Riang.

Mr. Speaker :— The Committee on Absence of Members from the Sittings of the House in its Sixth Report have recommended that leave of absence be granted in respect of Sarbashree Dinesh Deb Barma, Nripendra Chakraborty and Dasami Rinag, Members, Tripura Legislative Assembly, for a period of 30 days from 14. 3. 66 to 12. 4. 66 to Shri Dinesh Deb Barma, 37 days from 11. 11, 65 to 17. 11. 65 & 14. 3. 66 to 12. 4. 66 to Shri Nripendra Chakraborty and 28 days from 16. 3. 66 to 12. 4, 66 to Shri Dasami Riang. The Members are being informed accordingly.

LAYING OF THE AUDIT REPORT

Mr. Speaker :—The next item in the List of Business is the laying of the Accounts of the Tripura Territorial Council from 1st Apri', 1963 to 30th June, 1963 along with the Report of the Accountant General, Assam & Nagaland.

I would call on Hon'ble Finance Minister to proceed to lay on the Table of the House the Accounts of the Tripura Territorial Council from 1st April, 1963 to 30th June, 1963 along with the Report of the Accountant General, Assam and Nagaland.

Shri S. L. Singh :— Hon'ble Speaker, Sir, I beg to lay on the Table of the House the Accounts of the Tripura Territorial Council from 1st April, 1963 to 30th June, 1963 along with the Report of the Accountant General, Assam & Nagaland.

Mr Speaker :— The Accounts of the Tripura Territorial Council from 1st April, 1963 to 30th June, 1963 along wlth the Report of the Accountant General, Assam and Nagaland as laid on the Table of the House will stand referred to the Public Accounts Committee.

PRESENTATION OF THE SUPPLEMENTARY ESTIMATES.

Mr, Speaker :— Next Business is the Presentation of the Supplementary Estimates for 1966-67.

I would call on Hon'ble Sachindra Lal Singh, Finance Minister to present the Supplementary Estimates for 1966-67.

Shri S. L. Singh :— Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator I present before the House the Supplementary Estimates of the Government of Tripura for the year 1966-67.

Mr. Speaker :— Hon'ble Members, you are requested to submit your Cut Motions on Supplementary Demands for 1966-67, if any, within 5 P. M. on Wednesday, the 31st August, 1966.

GOVERNMENT BILL (Introduction).

We pass on to the next item. Government Business—Legislation. Introduction of the Tripura General Clauses Bill, 1966 (Bill No. 5 of 1966). The Tripura General Clauses Bill, 1966 (Bill No. 5 of 1966) is to be introduced in the House. I shall request the Hon'ble Manindra Lal Bhowmik to move his motion for leave to introduce the Bill.

Shri. M. L. Bhowmik (Dy-Minister)— Mr. Speaker, Sir, I beg to move for leave to introduce the Tripura General Clauses Bill, 1966 (Bill No. 5 of 1966).

Mr. Speaker :— The motion is not opposed. I would put the question before the House.

Now the question before the House is that the motion moved by the Hon'ble Manindra Lal Bhowmik for leave to introduce the Tripura General Clauses Bill, 1966 (Bill No. 5 of 1966).

As may as are of that opinion will please say AYES.

(Voice : AYES)

As may as are of contrary opinion will please say Noes.

(No voice.)

I think Ayes have it. "Ayes have it, Ayes have it".

The leave to introduce the Tripura General Clauses Bill, 1966 (Bill No. 5 of 1966) is granted.

(The Secretary read the long title of the bill.)

Mr. Speaker—I shall call the Hon'ble Manindra Lal Bhowmik to move his motion to introduce the Tripura General Clauses Bill, 1966 (Bill No. 5 of 1966).

Shri M. L. Bhowmik—Mr. Speaker, Sir, I beg to introduce the Tripura General Clauses Bill, 1966 (Bill No. 5 of 1966).

Mr. Speaker—I would now put the question.

Mr. Speaker :—The question before the House is that the Tripura General Clauses Bill, 1966 (Bill No. 5 of 1966) be introduced.

As many as are of that opinion will please say Ayes.

(Voice : Ayes.)

As many as are of contrary opinion will please say Noes.

(No voice).

I think Ayes have it. Ayes have it, Ayes have it.

The Tripura General Clauses Bill, 1966 (Bill No. 5 of 1966) is introduced.

PRIVATE MEMBERS' RESOLUTIONS

Mr. Speaker :—There were 3 private members' resolutions—one tabled by Shri Birchandra Deb Barma, another tabled by Shri Atiqul Islam and the 3rd one tabled by Shri Nripendra Chakraborty. As the members giving Notices are absent, these resolutions, are deemed to be withdrawn.

The House stands adjourned till 11 A. M. on Wednesday, the 31st August 1966.

ANNEXURE—'A'

PAPERS LAID ON THE TABLE

Starred Question No. 585 by Shri Atiqul Islam.

QUESTION	REPLY
1. Total number of students applied for-admission in classes VI & IX in Govt. and Non-Govt. Schools.	Total number of students applied for admission. Class VI | Class IX 8594 2410
2. Total number of such students admitted.	Total number of students admitted. Class VI / Class IX 6181 1292

Starred Question No. 636—by Shri Atiqul Islam, M.L.A.

QUESTION	ANSWER
1. Whether the pay scales of the Seristadar of the Munsiff Court, Civil Suit Clerk, Stenographer and Accountant of the District Judge Court, has been revised ;	Yes.
2. If not, the reasons thereof ?	Does not arise.

Starred Question No. 635—by Shri Atiqul Islam, M.L.A.

QUESTION	ANSWER
1. Whether the employees of the Munsiff Courts are not allowed House Rent ;	The employees of the Munsiff Courts drew House Rent Allowance from 1. 7. 65.
2. if so, the reasons thereof ?	Does not arise.

নদীরদিকে আমরা দৃষ্টি দেইনি। নদীগুলি পরিষ্কার করারও চেষ্টা করিনি। নদীগুলিতে Silt পড়ে গেছে এবং এই Silt remove করা একান্ত প্রয়োজন। একটী কথা হলো যে Silt remove করা প্রয়োজন আর নিয়মিত বৃষ্টির জন্য বন সৃষ্টি করা প্রয়োজন। আর একটি কথা হলো নদীর পাড়গুলি, আমরা আগে দেখেছি নদীর পাড়গুলিতে কিছু ঝোপঝাড় জঙ্গল থাকত, কিন্তু এখন জমির অভাবে নদীর পাড়গুলিকেও কেটে আবাদ করা হয়েছে। নদীর গভীরতা রক্ষা করতে হলে নদীর পাড়ের কিছু জায়গা অন্ততঃ সরকারের, আইন করে হলেও খাসে রাখা উচিত ছিল এবং সেই নদীর পাড়ে যেসব ঝোপঝাড় আগাছা থাকে তার ফলে নদীর গভীরতা রক্ষা হয় এবং বর্ত্তমানে নদীর গভীরতা নষ্ট হওয়ার ফলে নদীর জল বহন করার ক্ষমতা অনেকটা কমে গেছে। যার ফলে সামান্য একটু বৃষ্টিপাতের ফলে অনেক মহকুমায়ই বন্যা হয়। ঠিক বন্যা নয় তা নদীর কূল প্লাবন করে নদীর তীরবর্তী গ্রামগুলির জমির ফসল নষ্ট করে দেয়। কাজেই আমি মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করব যে বন্যার কারণ মুটামুটি আমাদের জানা আছে। এখন বন্যা রোধের জন্য এইসব ব্যবস্থা অবলম্বন করা দরকার। বন সৃষ্টির কাজ চলেছে কিন্তু নদীর Silt remove করার কাজে এখনো আমরা হাত দিতে পারিনি। অবশ্য Silt সরাতে হলে যেসব যন্ত্রের দরকার, যেমন বড় বড় নদীগুলিতে dredger দিয়ে Silt সরানো হয় কিন্তু dredger এখানে আনা সম্ভবপর নয়। কাজেই আমাদের এমন কিছু উপায় উদ্ভাবন করতে হবে যার দ্বারা আমরা নদীর Silt সরাতে পারি। নদীর Silt যে পর্য্যন্ত না সরানো যাবে সে পর্য্যন্ত বন্যা রোধ করার কোন কার্য্যকরী ব্যবস্থা সরকার নিতে পারবেন বলে মনে হয় না। শুধু বন সৃষ্টি করলেই হবে না। নদীগুলিকে গভীর করতে হবে এবং নদীর Silt সরাতে হবে। আর আমি মাননীয় মন্ত্রীমণ্ডলীর কাছে অনুরোধ রাখব যে নদীর পাড়ের কিছু জায়গা সরকারের হাতে রেখে তাতে ছোট জঙ্গল সৃষ্টি করা। বন্যার ফলে যেসব Ring well, Tube well নষ্ট হয়েছিল তা কোন কোন Sub-divisionএ repair করার ব্যবস্থা করা হয়েছে। কোথাও কোথাও নূতন Tube well, Ring well করা হচ্ছে। আমি এ বিষয়ে যাতে কাজগুলি অতিশীঘ্র সম্পন্ন করা হয় তারজন্য মাননীয় মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করব। আর কৃষকদের ঋণ-দানের ব্যাপারে কৃষককে শুধু ঋণ দিলেই আমাদের কর্ত্তব্য শেষ হয়েছে বলে আমি মনে করি না। সাইল ধানের বীজ দেওয়ার পর্ব্ব শেষ হয়ে গেছে। এরপর আছে অন্যান্য seedsএর কথা, যেমন অতিশীঘ্রই আমাদের বাদাম, আলু এবং অন্যান্য বীজ সরবরাহ করতে হবে কিন্তু সরকার ব্যবস্থা যাতে সময়মত গ্রহণ করেন তারজন্য অনুরোধ রাখব। কারণ গত বৎসর আমরা দেখেছি যে আলুর বীজ যথাসময়ে আমরা কৃষকদের গৃহে পৌঁছে দিতে পারিনি এবং আলুর বীজের quality ও ভাল ছিল না। এ বৎসর যাতে অন্ততঃ আলুর বীজটা সময় মত আসে এবং কৃষকদের হাতে সময়মত পৌছে তার দিকে দৃষ্টি দেওয়ার জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

Mr. Speaker :—Shri Krishnadas Bhattacherjee

Shri Krishnadas Bhattacharjee :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে যে Demand No. 29 রাখা হয়েছে তার উপর আমি সামান্য একটু বক্তব্য রাখব যে এর সঙ্গে Test relief ছাড়াও আর একটি টাকা রাখা হয়েছে তা হলো খয়রাতী সাহায্য। এই খয়রাতী

সাহায্যের টাকা প্রথম যখন দিলি আরম্ভ হয় তখন প্রকৃতপক্ষে সুস্পষ্ট কোন নীতি নিয়ে আরম্ভ হচ্ছিল কিনা সে বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে। কারণ খয়রাতী সাহায্য, এটা সত্যি কথা যে যারা নাকি অভাবী যাদেরই অভাব আছে তাদের সকলকেই দেওয়া যাবে সেটা সম্ভব নয়। সুতরাং যে নীতিতে দেওয়া আরম্ভ করলে কোন অসন্তোষ হবে না বা মোটামুটিভাবে আমরা মানুষকে সন্তুষ্ট করতে পারব সে রকম একটা নীতি গ্রহণ করা উচিত। কিন্তু সদরে দেখা গেল যে এই খয়রাতী সাহায্য নেওয়ার জন্য একটা বিরাট ভীড়ের সৃষ্টি হলো। কদিন দেখলাম যে এমন অবস্থা হলো যে S. D. O. অফিসের সামনে এক বিরাট জনতা সমবেত হয় এবং এই বিরাট জনতাকে control করা অসম্ভব হয়ে দাড়ায়। শেষ পর্যান্ত অতি কষ্টে তাদেরে ফিরিয়ে দেওয়া হয়। তা না হলে একটা গোলমালের সৃষ্টি হওয়ার যথেষ্ট সম্ভাবনা ছিল। এই যে একটা গোলমাল, গালাগালি, ভীড়, এবং হামলা আরম্ভ হয়েছিল সেটার পিছনে যে একটা রাজনৈতিক চক্রান্ত ছিল না তা নয়। সুস্পষ্ট নীতি না থাকার দরুণ কতগুলি রাজনৈতিক দল বা স্বার্থান্বেষী ব্যক্তি এমনভাবে প্রচার আরম্ভ করল যে দলে দলে লোক বিভিন্ন Sub-division থেকে এসে এই সাহায্যের জন্য দাবী জানাতে লাগল। এবং এই নিয়ে যথেষ্ট বচসা এবং মারামারি হওয়ার উপক্রম হয়। আমি এই সম্বন্ধে সরকারকে একটু সাবধানতা অবলম্বন করতে বলব। কারণ এই প্রকার ঘটনার সৃষ্টি হয় এটা আমরা উপলব্ধি করছি তাই যখন আমরা কোন একটা কাজে নামব তখনই সুস্পষ্ট নীতি যাতে নাকি সাধারণভাবে কোন অসন্তোষের সৃষ্টি না ঘটতে পারে এমন একটা সুস্পষ্ট নীতি নিয়েই আমাদের কাজে নামা উচিত। তাই সদরে যেটা হয়েছে সেটা আমার মনে হয় ঠিক হয় নি এবং এর পর থেকে যেন একটা সুস্পষ্ট নীতি নিয়েই এই test relief এর কাজ বা খয়রাতী সাহায্য দেওয়া হয়। Test relief এর কাজেও এবার নানা জায়গায় গণ্ডগোলের সৃষ্টি হয়েছে। তার পিছনে একটা রাজনৈতিক চক্রান্ত আছে। কিছু স্বার্থান্বেষী ব্যক্তিও এর ইন্ধন যুগিয়েছে। সুতরাং সেগুলি যাতে না হতে পারে তার জন্যই একটা definite policyর প্রয়োজন এবং এই policyর মধ্যে যেন কোন খুঁত না থাকে এবং যে policyতে কাজ করলে ঐ স্বার্থান্বেষী দল বা রাজনৈতিক দল কোন সুযোগ নিতে না পারে সেদিকে লক্ষ্য রেখে এই নীতি নির্দ্ধারণ করতে হবে। সুতরাংকোন কিছু কাজের ভার দেওয়ার আগে প্রথমেই সেই কাজের ভাল মন্দ বিবেচনা করে তারপর নামা উচিত। যদিও এই কাজগুলি Emergency Nature of work, তবুও Emergency nature of work মানুষ সেটা বুঝবে না। মানুষ যদি কোন খুঁত পায় সেটার সুযোগ তারা নেবেই। সেটার জন্য সরকারকে তারা দোষারোপ করবেই। সেইজন্য আমি অনুরোধ করছি যে যাতে এজাতীয় ঘটনা ভবিষ্যতে না ঘটে এবং যাতে সুস্পষ্ট নীতির মাধ্যমে Test relief work এবং খয়রাতি সাহায্যগুলি বিতরণ করা হয় তারজন্য আমি মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় মন্ত্রীমহোদয়কে অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker :—S L. Singh.

শ্রী এস, এল, সিংহ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই যে ১৮,৬১,০০০৲ টাকা সাপ্লীমেন্টারী বাজেটে, যেটা হাউসের সামনে রাখা হয়েছে, সেটাতে এই যে এতবড় টাকার অংক, যেখানে ১,৭৩,০০০৲ টাকার মত ওরিজিন্যাল বাজেট ছিল, আমাদের টেষ্ট রিলিফে, সেখানে এতবড় টাকার

অংক রাখা হল কেন ? তার কারণ গত বৎসর আমরা দেখেছি, যারা ট্রাইবেলস, যারা জুমিয়া, জুম পদ্ধতিই ছিল তাদের একমাত্র প্রধান উপজীবিকা, তাদের জুম ফেলিওর হয়ে যায়। তাদের কতকগুলি পকেটস আছে। সেই পকেটগুলিতে আমাদের টেষ্ট রিলিফের কাজ করতে হবে, এই হচ্ছে একটা কারণ। তারপর আমরা দেখলাম ড্রাট সুরু হল এবং ড্রাট ত্রিপুরার ইকনমিকে কিছুটা সাসটেণ্ড করেছে। অনবরতই ত্রিপুরা টেষ্টে ড্রাট হচ্ছে। এই ভ্যাগারীজ অব ন্যাচারের ফলে ইকনমি অব পিজেন্ট্রী কিছুটা ওলট পালট হয়েগেল। তার সাথে সাথে আবার আসল ফ্লাড ড্রাটের ফলে বোরো ফসল নষ্ট হয়ে গেল এবং বোরো নষ্ট হওয়ার সাথে সাথে আসল আউস সিজন। ড্রাটের ফলে কৃষক আউস ফসল লাগাতে পারল না এবং যেই যেই জায়গায় আউস লাগাল সেই সমস্ত জায়গাতে আবার ফ্লাড সুরু হয়ে গেল, যথা ধর্মনগর, কৈলাশহর, খোয়াই, কমলপুর। একদিকে লাষ্ট ইয়ারের জুম ফেলিওর, তারপর হল ড্রাট, তারপর ফ্লাড, এই তিন পরিবেশ মিলিয়ে আমরা দেখেছি ত্রিপুরাতে ২,৪৫১৫৯৮ একরস'এর মত জমি সেই আওতায় পড়ল। আর জন-সাধারণ যারা এই আওতার মধ্যে পড়ল তাদের সংখ্যা হল ১,২৮,০৬১ এবং তাদের লসের পরিমাণ হল প্রায় ৩৬,৯৮,০৫৭ টাকার মত, আর ফুডগ্রেন যদি ধরি তাহলে প্রায় ৫,৭০০ মেট্রিক টনের মত ক্ষতি সাধিত হয়েছে। অতএব এই যে বিরাট ক্ষতি, তাদের যে একটা অর্থসাহায্য ইমিডিয়েটলি দিয়ে আমরা যাতে কৃষকের হস্তকে শক্তিশালী করতে পারি তার ব্যবস্থার জন্যই এই অর্থের বরাদ্দ করা হয়েছে, এবং তা থেকে টেষ্ট রিলিফ দেওয়া হবে, গ্রেচ্যুইসাস রিলিফ দেওয়া হবে, এবং ফ্লাড রিলিফ দেওয়া হবে এবং সেই অনুসারে গ্রেচ্যুইসাস রিলিফ দেওয়ার সুনির্দিষ্ট পদ্ধতি আছে, সেটা হল যারা ডিজার্ভিং পার্সনস, যাদের উপর ফেমিলি সম্পূর্ণ নির্ভর করে, তাদিগকে গ্রেচ্যুইসাস রিলিফ দেওয়া হয়ে থাকে, অতএব সুনিদষ্ট পন্থা আছে। তারপর কৃষকদিগকে কৃষি ঋণ দেওয়ার ব্যাবস্থা ওরিজিন্যাল বাজেট সুনির্দিষ্ট আছে, এমনকি গতবারের যে বাজেট আমরা করেছি, মেজর হেড ··লোনস এণ্ড এ্যডভানসেস বাই দি ইউনিয়ন টেরিটোরিজ, সেখানে তিন লক্ষ টাকা আছে, অতএব গতবারে লোনস এণ্ড কৃষিঋণের জন্য টাকা নির্দ্ধারিত রাখা হয়েছে এবং ব্যয় হয়েছে। তার পর গ্রেচ্যুইসাস রিলিফ'এর জন্য যে সুনির্দিষ্ট নীতি সেটাকে আমরা লক্ষ্য রেখে কাজ সুরু করেছিলাম। টেষ্ট রিলিফ কি কি পদ্ধতিতে হবে, কিভাবে সেটা বিলি হবে, কোন কোন অঞ্চলে হবে, সেটাও সুনির্দিষ্ট করা ছিল। জুমিয়া যারা আছে, যে পকেটগুলিতে জুমের ফেলিওরের জন্য অভাবগ্রস্ত হয়েছিল আগেই, সেই সমস্ত জায়গাতে যাতে জমি পরিস্কারের জন্য, ফসল লাগাবার জন্য সেখানে টেষ্ট রিলিফের কাজ দেওয়া হয়। তারপর যাদের জুমিয়া রিহ্যাবিলিটেশান এবং ল্যাণ্ডলেস রিহ্যা-বিলিটেশান দেওয়া হয়েছিল, যারা সেই জায়গাতে জায়গা তৈরী করতে পারেনি, সেই সমস্ত জায়গাতে যাতে এই কার্য করা হয় এবং তার যদি কোন ব্যবস্থা না থাকে, অথচ পকেটস আছে, সেই সমস্ত জায়গাতে জেনারেল বাজেট থেকে রাস্তা তৈরীর কাজ সুরু করা হয়েছে। আর কৃষাণ যারা আছে, তাদের জমি রিক্লেমেশানের জন্য, বালি উঠিয়ে ফেলার জন্য ছোট ছোট ড্রেনেজ করার জন্য আমাদের প্রথম দৃষ্টি সেই জায়গাতে দেওয়া হয়েছিল এবং সেইভাবে কাজ সুরু হয়েছে। তবে একটা কথা বলা হয়েছে যে পলিটিক্যাল পার্টির কতকগুলি কাজ মানুষকে কিছুটা বিভ্রান্ত করেছে। বিভ্রান্ত করছে এটা সত্য। তবে কথা হচ্ছে এই যে মানুষের মনে একটা বিরাট অসন্তোষ আছে।

আমি এই অসন্তোষকে মনে করি পৃথিবীর উন্নতির, মানুষের উন্নতির, সমাজের উন্নতির একমাত্র এবং প্রধানতম কারণ। সেই অসন্তোষকে আমরা ডেমক্রেটিক্যালি চ্যানেলাইস করব তার মধ্য দিয়েই পৃথিবী উন্নতিরপথে এগিয়ে যাবে। কারণ আমরা দেখেছি সভ্যতার যে বিস্তার ও বিকাশ, অসন্তোষ হল তার প্রধান কারণ। মানব সভ্যতার প্রথম অবস্থায় আমরা দেখেছি যে মানুষ গুহাতে আছে, গুহাতে অসন্তোষ, আসল গৃহে সেই গৃহ হয়ত ছিল বাঁশের খুঁটি এবং বাঁশের ছাউনি, মানুষ তাতেও সন্তুষ্ট হলনা,আসল কাঠের খুঁটি, আসল মাটির ঘর, মাটি খুড়ে করল দালান, কারণ মানুষ কোন অবস্থাতেই সন্তুষ্ট থাকতে পারেনা এবং সভ্যতার বিকাশ এই দিয়েই হয়। আমরা দেখেছি মানুষ অসন্তুষ্ট হয়, মেরেজ করে, তার গহনা চাই, পোশাক পরিচ্ছদ চাই, হল সন্তান সন্ততি, তাদের লেখাপড়া চাই, ষ্টেটিক কোনদিন থাকতে পারেনা যেখানে থাকবে, সে সোসাইটির মৃত্যু অবধারিত।

অতএব আমদের চিন্তা করতে হবে, উ' আর টু চ্যানালাইজ দিস ডিসেটিস্‌ফেকশান ইনটু এ ডেমোক্রেটিক ওয়ে। তারই মধ্য দিয়ে ভারতবর্ষ রাখব, তারই মধ্য দিয়ে ত্রিপুরা রাখব। অতএব সেই দিক দিয়ে চিন্তা করতে হবে। সেই দিক দিয়ে ভেবে আমাদের কাজের অগ্রগতিকে আমরা নিয়ন্ত্রণ করেছি। সেজন্যই সেকেণ্ড প্ল্যান এবং থার্ড প্ল্যান। আমরা জানি ফাষ্ট প্ল্যানে ২॥০ হাজার কোটি টাকা, সেকেণ্ড প্ল্যানে ৫ হাজার কোটি টাকা, থার্ড প্ল্যানে ১০ হাজার কোটি টাকা এবং ফোর্থ প্ল্যানে আজকে হচ্ছে ২৩ হাজার কোটী টাকা হয়ত ফিফথ প্ল্যানে ৫০ হাজার কোটী টাকা হবে। অতএব ধাপে ধাপে মানুষের উন্নতি. আমরা দেখেছি ত্রিপুরা রাজ্যে মানুষ যখন এল, তখন সে পেয়েছে শেলটার। শেলটারের পরে পেয়েছে গৃহ। আমরা দেখেছি রাস্তা ঘাট গড়ে উঠল, আমরা দেখেছি ছোট ছোট সেই ঘর ছল। সেই ঘর কি করে ভাল করা যায় তার জন্য হাউসিং লোন চাই। তারপর ছোট ডাক্তার খানা ছিল, সেখানে হাসপাতাল গড়ে উঠল। প্রাইমারী স্কুল ছিল. সে জুনিয়ার বেসিক পেল, সে সিনিয়ার বসিক স্কুল পেল, পেল হায়ার সেকেণ্ডারী স্কুল। তারপর দশ গেল আমরা কলেজ চাই, আমরা মেডিক্যাল কলেজ চাই, ইঞ্জিনীয়ারিং কলেজ চাই, পলিটেকনিক চাই। কারণ অসন্তোষেই মানুষকে উন্নতির দিকে নিয়ে যায়। সেটাকে ডেমোক্রেটীক ওয়েতে পরিচালিত করেছিলাম বলে তা আমরা সম্ভব করতে পেরেছি। তারপর বলা হয়েছে যে এই রকম ফেমিন রিলিফ আমরা আগে দিই নি। তা নয়, ফেমিন রিলিফের অংক প্রতি বছরেই থাকে। তা খরচও হয় এবং আরও অধিক অর্থ চাওয়া হয়ে থাকে এবং সেই অনুসারেই কার্য্য পরিচালিত হয়ে থাকে। তারপরে বলা হয়েছে যে অভা গ্রস্থ লোকের সংখ্যা বেড়েছে। অভাবগ্রস্থ লোক তা আছে। এখন সেই অভাবের তারতম্য আছে। আমি আগেই বলেছি যে ডিজার্ভিংপিপ্‌লের জন্য একটা আতুর আশ্রম আছে। অতএব নাই তা নয়, আছে। তবে হয়ত প্রয়োজনের তুলনায় সামান্য। এখানে অরফ্যানদের জন্যও একটা হোম আছে। সেটাকে বর্ধিত করে নিয়ে সেটাকে বিকাশ করতে গেলে সমাজের একটা নির্দ্দিষ্ট চিন্তাধারার মধ্য দিয়েই আশ্রম গড়ে উঠে। তাই আমরা আশা করব, জনসাধারণ যারা, সমাজের এই দুর্ব্বল মানুষ যারা, অক্ষম, শক্ত যারা তাদের সাহায্যের জন্য সমাজের যে মুক্ত হস্ত সেই হস্তই আমাদিগকে শক্তিশালী করবে। তাদিগকে ঠিক ঠিকভাবে কার্য্যে

পরিচালিত করে আমরা সমাজকে সুষ্ঠ ও সুন্দর করে গড়ে তুলতে পারব। তাই আমি হাউসের কাছে আবেদন করছি যে আমরা এই অর্থকে সুনির্দ্দিষ্টভাবেতে ব্যয় করে আমাদের সমাজের আর্থিক উন্নতি বিধান করে আমরা যাতে দাঁড়াতে পারি তারজন্য এই অর্থের বরাদ্দ রাখা হয়েছে। আর ফ্লাড অ্যাফেকটেড, ড্রট অ্যাফেকটেড এবং জুম ফেল্যুরের জন্য যারা অ্যাফেকটেড হয়েছে তাদের প্রতিটি পরিবারকে আমি স্পীকারের মাধ্যমে আমার আন্তরিক সমবেদনা জ্ঞাপন করে হাউসের কাছে বাজেট পেশ করছি।

Mr. Speaker—The discussion is over. I would now put the question. The question is that a further sum not exceeding Rs. 18,67,000/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from Ist April, 1966 to 31st March, 1967 in respect of Demand No. 29-Famine Relief.

As many as are of that opinion will please say 'AYES'

(Voices—AYES)

As many as are of contrary opinion will please say 'NOES'

(No voice)

AYES HAVE IT, AYES HAVE IT.

The demand is passed.

I would now call on the Hon'ble Chief Minister Shri Sachindra Lal Singh to move his demand for grant No. 34— Miscellaneous.

Shri S. L. Singh—Hon'ble Speaker, Sir, on the recomendation of the Administrator I beg to move that a further sum of Rs. 9, 24, 100/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1966 to 31st March, 1967 in respect of Demand No—34. Miscellaneous.

শ্রীগোপেশ রঞ্জন দেবঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী ডিমাণ্ড নাম্বার থার্টি ফোর মিসলেনীয়াস যে ডিমাণ্ড আমাদের সামনে উপস্থিত করেছেন আমি তার সমর্থনে আমার বক্তব্য রাখছি। আমরা দেখি আমাদের অরিজিন্যাল বাজেটে ৫৫,২৯,০০০ টাকা ধরা হয়েছে। এখন সাপলিমেনটারী বাজেটে আবার ৯,২৪,১০০ টাকা ধরা হয়েছে। সে টাকা খরচের প্রয়োজন। তাই আমি এই গ্র্যানট সমর্থন করি। আমরা জানি পাকিস্তানের সংখ্যালঘু নির্য্যাতনের ফলে বিভিন্ন বছরে যারা উদ্বাস্তু এসেছিল তাদের পুনর্বাসন ত্রিপুরায় দেওয়া হয়েছিল। কিন্তু তাদের মধ্যেও সকলকে এখনও জমি দেওয়া সম্ভব হয় নি। কোনি জমিও তারা সকলে পায় নি। আমরা আশা করেছিলাম যে আমাদের যে সায়েনটিফিক সার্ভে সেটেলমেণ্ট বর্ত্তমানে চলছে তা থেকে আমরা উদ্বৃত্ত জমি পাব এবং তাদের সেখান থেকে জমি দেওয়া হবে। তাছাড়া যারা জুমিয়া এবং ল্যাণ্ডলেস্ অ্যাগ্রিকালচারিসটস বা ল্যাণ্ডলেস মজদুর তাদের জমি দেওয়া হবে। এই সার্ভে সেটেলমেণ্ট শেষ হলে পরে আমরা যে কত জমি উদ্বৃত্ত পাব সে সম্পর্কে আমরা কিছু বলতে পারছিনা। কাজেই নুতন যারা মাইগ্রেণ্টস এসেছেন তারা অধুনা

ক্যাম্পে আছে। তাদেরও আমরা ত্রিপুরায় পুনর্বাসন দিতে পারব বলে সম্ভব মনে করি না। কিন্তু আমরা জানি ত্রিপুরার বিভিন্ন জায়গাতে এবং কৈলাসহর সাবডিভিশনে মনু, মাছলি, কুমারঘাট এবং পাবিয়াছড়ায় কতগুলি ক্যাম্পে তারা ছিল এবং এখন বর্তমানে পাবিয়াছড়া এবং কুমারঘাটে এই দুইটি ক্যাম্পে এখনও বেশ লোক আছে। তাদের ক্যাশ ডোল দেওয়া হয়, ফুডিং দেওয়া হয়, মেডিক্যাল হেলপ্ এবং এডুকেশন্যাল হেলপ্ দেওয়া হয়। তাতে আমরা দেখি সেখানে ৯,০২,০০০ টাকা খরচের প্রয়োজন হয়েছে। কিন্তু তথাপি তারা এমন একটা অবস্থায় আছে যে তাদের একটা সুষ্ঠু পুনর্বাসন না হওয়া পর্যন্ত, তাদের স্থিরতা লাভ না হওয়া পর্যন্ত তারা খুবই ক্লেশকর অবস্থায় আছে। যদিও আমরা তাদের ডোল দিচ্ছি, যদিও তাদের আমরা রোগে, শোকে ঔষধ পত্রের ব্যবস্থা করছি তথাপি একটা পুনর্বাসন না হওয়া পর্যন্ত তাদের মন স্থির নয়। কিন্তু আগেই আমি বলেছি যে ত্রিপুরাতে জমির অভাব এবং ত্রিপুরা সরকার তাদের পুনর্ব্বাসনের দায়িত্ব নেন নি বা ত্রিপুরা সরকারের পক্ষে তাদের পুনর্বাসন দেওয়া সম্ভব নয়। কাজেই এই দিক দিয়ে মাননীয় কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করা প্রয়োজন যাতে অবিলম্বে তাদের সুষ্ঠু পুনর্বাসন হয় এবং তাদের এই ন যযৌ ন তস্থৌ অবস্থা থেকে তারা যাতে রেহাই পায়, এই দিক দিয়ে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করা প্রয়োজন বলে আমি মনে করি এবং এই ডিমাণ্ডে যে ৯,২৪,১০০ টাকা সাপ্লিমেণ্টারী গ্র্যাণ্ট ধরা হয়েছে সেটা সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমনোরঞ্জন নাথ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে হাউসের সামনে ডিমাণ্ড নাম্বার ৩৪ যে মাননীয় মুখ্যমন্ত্রী উপস্থিত করেছেন তার আমি সমর্থন জানাচ্ছি। আমরা দেখতে পাচ্ছি পাকিস্তান সৃষ্টির পর থেকেই, পাকিস্তানের সংখ্যালঘু যারা আছেন, তাদের উপর নির্যাতন চলছে যার ফলে বিশেষ করে ত্রিপুরাতে সংখ্যালঘুরা প্রাণ নিয়ে পালাচ্ছে এবং ত্রিপুরায় আশ্রয় নিচ্ছে। সরকার তাদের যথাযথ সাহায্য করছেন যদিও প্রকৃত মাইগ্রেণ্টদের আমরা রিহ্যাবিলিটেট করতে পারি নাই। কিছু কিছু রিহ্যাবিলিটেড হয়েছে এবং কিছু সংখ্যক লোক জমি জমাও পেয়েছে, কিন্তু সেটেলমেণ্ট বিভাগ বিশেষতঃ যাদের জমি জমার রেকর্ড রাখে নাই, তারা অনেক ডিফিকাল্‌টি ফেস করছেন, সেই সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রীর আমি দৃষ্টি আকর্ষণ করছি, যাদের রেকর্ড ঠিক ঠিক মত হয় নাই, যাতে অবিলম্বে তাদের রেকর্ড ঠিক ঠিক মত হয় তাদের জমির পরচা যাতে তারা পেতে পারে, খতিয়ান ঠিক ঠিক মত পেতে পারে তার ব্যবস্থা যেন করা হয়। এমন কি তাদের জমি রেকর্ড হয়ে যায় অথচ তারা জানেনা, তাদের কোন জমির পরচা তারা পায় না, পরচার জন্য যথেষ্ট চেষ্টা করা সত্ত্বেও তারা তা পাচ্ছে না। সুতরাং তার দখলে যে জমি আছে সেই সমস্ত জমি ঠিক ঠিক মত রেকর্ড হচ্ছে কিনা তা সরকার এবং রিলিফ এবং রিহ্যাবিলিটেশান ডিপার্টমেণ্ট থেকে চেষ্টা করা দরকার। আমি নিজে জানি এই সেটেলমেণ্ট বিভাগ তাদের জায়গা জরীপ করতেছে, কিন্তু সেখানে কোন আমিন উপস্থিত থাকতেছে না, রিফিউজিদের কোন জায়গা এ্যালট করা হয়েছে তা দেখানোর জন্য এবং তার নামে রেকর্ড হচ্ছে কিনা এবং সেই লোকটাও দেখতে পাচ্ছে না, সুতরাং রেকর্ড ভুল হবে। সুতরাং অবিলম্বে এটার যাতে প্রতিকার হয় সেইদিকে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তারপর বলব বর্তমানে অনেক রিফিউজি আসছে এবং গত বৎসর এবং তার

আগের বৎসর এবং প্রতি বৎসর যথেষ্ট সংখ্যক রিফিউজি এই দেশে আসছে, কেউ আছসে একচেঞ্জ করে, কেউ এমনি আসছে নিঃম্বল অবস্থায়। তারা এখানে বিরাট সম্পত্তি দিয়ে একচেঞ্জ করে সামান্য জমিজমা পাচ্ছে, তার দ্বারা তাদের সংকুলান হয় না। এরজন্য সরকার থেকে তাহাদিগকে গত বৎসর আমরা দেখেছিলাম, যে বুলক লোন ইত্যাদি দেওয়া হচ্ছে, কিন্তু প্রকৃতপক্ষে সেই সমস্ত বুলক লোন যথাসময়ে দেওয়া হয় নাই। আমি নিজে জানি ১৯৬৫ ইং মে মাসে কতকগুলি কেস ধর্মনগর থেকে এখানে পাঠান হয়েছিল, কিন্তু সেই সমস্ত কেসগুলি আবার ফেরত যায় কারণ প্রপার ফর্মে এ্যাপ্লিকেশান করা হয় নাই, অথচ সেই সমস্ত কেসগুলি ধর্মনগর রিলিফ অফিসার বিশেষভাবে তদন্ত করে দেখেছেন এবং তিনি রিকমেণ্ডেশান করে পাঠিয়েছেন এবং এ্যাডিশান্যাল এস. ডি. ও, ধর্মনগর সেই সমস্ত কেসগুলি রিকমেণ্ডেশান করে পাঠিয়েছেন কিন্তু সেগুলি ফেরত যায়। তারপর, পুনরায় ১৯৬৬ইং ফেব্রুয়ারী মাসে সেই সমস্ত কেস ডিরেক্টরেটে পাঠান হয়েছে, কিন্তু আজ পর্যন্ত বুলক লোন দেওয়া হয় নাই। সেই সমস্ত বুলক লোন এবং এ্যগ্রিকালচারেল লোন যদি যথাসময়ে তারা পেত তাহলে তারা ফসল ফলাতে পারত এবং তাদের পরিবার যে বিপন্ন, সেই অবস্থা থেকে তারা রক্ষা পেত। কিন্তু সেই সমস্ত হেল্প না পাওয়ার কোন কারণ বুঝতে আমি পারছিনা এবং ডিরেক্টরেটে সেই সমস্ত দেরী করার কি কারণ থাকতে পারে আমি জানি না। সুতরাং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি এই দিকে আকর্ষণ করছি যাতে এই সমস্ত ডিলেটারী প্রসেস না করা হয় ভবিষ্যতে তার জন্য প্রতিকার করা আবশ্যক। এই বলেই আমি ডিম্যাণ্ডটি সাপোর্ট করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী এস, এল, সিংহ ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই ৩৪নং ডিমাণ্ডের উপর আলোচনা করতে গিয়ে. আমরা ভবিষ্যতের কথা চিন্তা করছি, বর্তমানের কথাও চিন্তা করছি। ইষ্ট পাকিস্তানের যারা মাইনরিটি আছেন, তাদের সংখ্যা প্রায় ৯০ লক্ষ। সেখানে যে কোন রকমের একটা সূত্র ধরে সেখানকার সরকার অনবরত হামলা করে চলেছেন যার ফলে ভারতবর্ষে অগণিত উদবাস্তু এই ইস্ট পাকিস্তান থেকে ত্রিপুরা, আসাম বেংগল এই সমস্ত জায়গায় এসে উপস্থিত হয়েছেন। সেটাও তারা উপস্থিত হন ভারতের জনসাধারণের প্রতিশ্রুতির কারণেই। অতএব আমরা সেই প্রতিশ্রুতি পালন করব এবং করে যাচ্ছি। তাই দেখলাম ১৯৬৪ সালের দাঙ্গায় ফরিদপুর এবং ঢাকার প্রত্যেক জায়গার অসংখ্য মাইনরিটি ত্রিপুরা এবং আসামে এবং বেংগলে প্রবেশ করল। ত্রিপুরাতে যারা এসেছেন তারা অনেকেই জায়গা করে নিয়েছেন কিন্তু জায়গা করার পর তাদের হাতে এক কপর্দকও আর অবশিষ্ট ছিলনা, তাই রিলিপ এবং রিহ্যাবিলিটেশান ডিপার্টমেণ্ট থেকে প্ল্যান ও স্কীম পাঠান হয় সেণ্ট্রালে, কারণ তাদের সীডস, বুলক, ম্যানুয়র দিতে হবে। অতএব যেই অর্থের বরাদ্দ আমরা চেয়েছি, সেই অর্থের বরাদ্দ মতেই জনসাধারণের মধ্যে আমরা তা ডিষ্ট্রিবিউট করেছি। আমি জানি প্রয়োজনের তুলনায় এ কিছুই নয়। তারপর বলা হয়েছে রেকর্ডিং এর কথা। সার্ভে সেট্‌লমেণ্ট হলে রেকর্ড করাতে হবে. তার কতকগুলি ষ্টেজ আছে. সেই সেটজে রেকর্ড না করলে পরে, এ্যাটেষ্টেশান ষ্টেজে এ্যাপীল আছে, অ্যাপীল করতে পারবে। অতএব যাতে নির্ভুল রেকর্ড হতে পাবে

সেইজন্য সার্ভে সেটেলমেন্টের প্রয়োজনীয়তা। তাই কোটি কোটি টাকা ব্যয় করে ত্রিপুরাতে সায়েনটিফিক সার্ভের আয়োজন করা হয়েছে। যদিও তার মধ্যে যে ভুল ত্রুটি নেই, সেকথা আমি বলছিনা। কিন্তু কথা হচ্ছে আমাদের যারা জমির মালীক, অথবা যারা বর্গাদার সেই সমস্ত লোককে, সেই জনসাধারণকে আমরা জরীপের যে উপকারিতা, জরীপ কিভাবে হলে পরে কি উপকার তারা পেতে পারে এবং তারা যাতে সরকারের সাথে সহযোগিতা করে, কোন কোন ষ্টেজে কি করবে, সেই প্ররোচনায় তাদের উদ্‌বুদ্ধ করতে না পারলে জরীপের সুফল অমরা পাবনা। কারণ ত্রিপুরাতে এই ধরণের সার্ভে এই প্রথম, অন্য জায়গাতে অনেক সার্ভে হয়ে গেছে, অতএব জনসাধারণের মধ্যে যদি ইনারসিয়া থাকে (থাকাটা অস্বাভাবিক নয়) সেটাকে দূর করতে হবে। অতএব এখানে যদি ত্রুটি বিচ্যুতি থাকে, এ্যাটেষ্টেশান ষ্টেজে যে নিয়ম কানুন আছে, সেই অনুসারে করিয়ে নিতে হবে এবং সেইভাবে তাদের অধিকারকে স্থাপন করাতে হবে যাতে তারা ভূমির মালিকানা পেতে পারে এবং সেই পদ্ধতি নিয়ে যারা বর্গা করছেন, যেই যেই অঞ্চলে বর্গাদার যারা, তারাই পজেশান এবং রাইট পাবে, যদি ঠিক ঠিক ভাবে সেইটাকে রেকর্ড করিয়ে থাকে তার যদি পজেশান রাইটস থাকে, তাকে যাতে উচ্ছেদ করতে না পারে, সেই জিনিষটা দেখা দরকার। শুধু রিফিউজীর ক্ষেত্রেই নয়, যারা রিফিউজী আছেন, বর্গা যারা করছেন তারা ত্রিপুরা ল্যাণ্ড রিফর্মস এ্যাক্টে পজেশান রাইট পাবেন আর যারা রিফিউজী কলোনীতে আছেন, ট্রাইবেল কলোনীতে আছেন, সেই সমস্ত জায়গাতে এ্যাকর্ডিং টু রিলিফ রিহ্যাবিলেটেশান সার্ভে সেটলমেন্ট এণ্ড দি পিপ্‌ল কনসার্নড, এই তিনের সহযোগিতার মধ্য দিয়ে রেকর্ড স্থাপিত হবে। তাই হাউসের কাছে আবেদন, এই যে বিরাট অঙ্ক রাখা হয়েছে সাপ্লিমেণ্টারী বাজেটে, এই হাউস এটা সমর্থন করবেন।

Mr. Speaker :— The discussion is over. I would now put the question. The question before the House is that a further sum not exceeding Rs. 9,24,100/- be granted to defary the additional charges which will come in course of payment during the period from 1st April, 1966 to 31st March, 1967 in respect of Demand No. 34-Miscellaneous.

As many as are of that opinion will please say 'Ayes'

Voice -Ayes.

As many as are of contrary opinion will please say 'Noes'

Mr. Speaker : Ayes have it ; Ayes have it.

The House stands adjourned at 12-30 till 11 A. M. of 6th September, 1966.

PAPERS LAID ON THE TABLE
STARRED QUESTION NO. 688
BY SHRI ATIQUL ISLAM, M. L. A.

QUESTION	REPLY
1. Whether attention of the Government has been drawn to the news published in the Weekly Bharat Kalyan, Agartala, Dated the 15th February, 1966 under the caption SANGIT MAHAVIDYALAYER ABBANTARE."	Yes.
2. if so, whether the matter has been inquired into;	Yes.
3. if, what is the result of inquiry ?	Allegations found to be baseless.

STARRED QUESTION NO. 659
BY SHRI ATIQUL ISLAM, M. L. A.

QUESTION	REPLY
1. Whether the attention of Govt. has been drawn to the news published in the daily "Jagaran" Agartala on the 4th February, 1966 under the Head line " আই, জি, পির, সমীপে ও, সির বিরুদ্ধে নালিশ ;	Yes.
2. if so, whether the matter has been investigated :	Yes.
3. if so, what is the result of the enquiry ?	The case was dismissed by the S. D. M, Kailashahar on the 27th May, 1966 and the accused persons were discharged U/S 253(2) Cr. P. C. for want of evidence.

Starred Question No. 52 By Shri Dinesh Deb Barma, M. L. A.

QUESTION	ANSWER
1. Whether the Apex Marketing Cooperative Society was dissolved on 12. 5. 66 and new Board of Directors formed ;	No.
2. Whether the same new Board of Directors was dissolved afterwards :	Does not arise.
3. if so, the reasons for taking these steps ?	Does not arise.

Starred Question No. 237 By Shri Hlura Aung Mog, M. L. A.

QUESTIONS	ANSWERS
1. Total amount collected so far in Defence Fund ;	Rs. 5,56,609·33 P. (Rupees five lakhs fiftysix thousand six hundred nine and paise thirtythree only), upto 31st July, 1966.
2. Total expenditure incurred in taking photographs for the purpose ?	No expenditure has been incurred in taking photographs for collection of Defence Fund.

Starred Question No. 146 By Shri Aghore Deb Barma, M. L. A.

QUESTION	ANSWER
1. Whether the land of the Jhumia and refugee colony have been recorded in the name of the respective jhumia and refugees of the colony ;	1 Yes, where the allottees have been found in possession of land.
2. if not, the reasons thoreof ?	2. Does not arise.

STARRED QUESTION NO. 254 by Shri Bir Chandra Deb Barma, M.L.A.

QUESTIONS	ANSWERS
1. Whether all the temporary Govt. servants who have completed three years of continuous service have been declared quasipermanent ;	: Materials are under collection.
2. if not, whether those who have not been so declared, have been found unsuitable for such declaration ;	Does not arise.
3. if so, whether the fact has been communicated to employees concerned as per rule and the instruction of the Central Government vide Ministry of Home Affairs O. M. No. 7/133/58-TS, dated 3-10-58 ?	: Does not arise.

STARRED QUESTION NO. 262 by Shri Bulu Kuki, M. L A

QUESTION	ANSWER
১। খোয়াই সুভাষপল্লী হইতে সোনাতলা রাস্তাটি নির্ম্মাণের জন্য এ পর্য্যন্ত কত টাকা খরচ করা হইয়াছে ; ২। কতটুকু পরিমাণ রাস্তা তৈরীর কাজ সম্পূর্ণ হইয়াছে ?.	তথ্য সংগ্রহ করা হইতেছে।

STARRED QUESTION NO. 253 by Shri Birchandra Deb Barma, M. L. A.

QUESTION	REPLY
1. Whether there is any Primary or Jr. Basic School at Kunjaban Township, Agartala ;	No.
2. if not, whether the Govt. has any proposal to start any such school there ;	None at present.
3. if so, what steps have been taken in the matter ?	Does not arise.

Starred Question No. 903 By—Shri Nripendra Chakraborty, M. L. A.

QUESTION	REPLY
(1) Total number of persons arrested under the Defence of India Rules, 1962 during the entire emergency period ;	256 persons.
(2) number of such persons (a) Detained ; (b) convicted, or (c) released ;	(a) the question of detention of the arrested persons under other penal provisions of the Defence of India Rules, 1962 does not arise since detention is made only under rule 30 of DIR.
	(b) Against 256 persons arrested, 10 persons were convicted ; &
	(c) 141 persons were released.
(3) whether the Govt. received any instruction from the Central Govt. in matters of application of D. I. Act. and D. I. Rules ;	Yes.
(4) if so, how are they being followed ?	As per instruction of the Govt. of India.

Starred Question No. 249 By—Shri Sudhanwa Deb Barma, M. L. A.

QUESTION	REPLY
(1) Whether it is a fact that a deputation consisting of boarders of all Boarding Houses of Agartala interviewed the Chief Minister of the Union Territory.	Not known to this Deptt.

and handed over a petition to the latter on 6. 7. 66 praying for increase of boarding stipend in view of the present rise in price index ;	
(2) if it is a fact what assurance has the Chief Minister given to the boarders as regards increase of boarding stipends ?	Does not arise.

Starred Question No. 175—By Shri Bulu Kuki, M. L. A.

প্রশ্ন	উত্তর
(১) গত ৮ | ৭ | ৬৬ তারিখে সাক্রম হাইয়ার সেকেণ্ডারী স্কুলে কি কোন জনসভা অনুষ্ঠিত হইয়াছে ;	হঁা
(২) এই জনসভা উপলক্ষে কি কোন স্কুল ছুটি দেওয়া হইয়াছিল ?	না,
(৩) যদি হইয়া থাকে কাহার আদেশে স্কুল ছুটি দেওয়া হয় ?	প্রশ্ন উঠে না।

Starred Question No. 204—By Shri Hlura Aung Mog, M. L. A.

প্রশ্ন	উত্তর
ক) 3rd Division পাশ উপজাতী ছাত্রদের-কে কলেজ হোষ্টেলে সিট দেওয়া হয় কি না ;	সিট দেওয়া হয়।
খ) দেওয়া না হইয়া থাকিলে কারণ কি ?	প্রশ্ন উঠেনা।

Starred Question No. 132—By Shri Dinesh Deb Barma, M. L. A.

প্রশ্ন	উত্তর
১। ইহা কি ঠিক যে মহারাণী স্কুলের শিক্ষক শ্রীনীরেন্দ্র চক্রবর্ত্তী ও পূর্ব্ব উলুছড়া স্কুলের শিক্ষক শ্রীমণীন্দ্র দাসকে চাকুরী থেকে বরখাস্ত করা হইয়াছে ;	না.
২। যদি বরখাস্ত করা হয়ে থাকে কারণ কি ?	প্রশ্ন উঠেনা
৩। তাহাদিগকে বরখাস্ত করার পূর্ব্বে কোন নোটিশ দেওয়া হইয়াছে কি না ?	প্রশ্ন উঠে না

Starred Question No. 148—By Shri Aghore Deb Barma, M. L. A.

QUESTION	REPLY
১। গত আর্থিক বৎসরে ১৯৬৫-৬৬ সালে সদর দক্ষিণ জোনের বিশালগড় স্কুল সাব ইন্সপেক্টার এর মারফত উক্ত এলাকার স্কুল ছাত্রদের খেলাধুলার ব্যাপারে সাহায্য হিসাবে ফুটবল এবং কেরাম-বোর্ড জাতীয় জিনিষগুলি শিক্ষা কর্ত্তৃপক্ষ হইতে মঞ্জুর করা হইয়াছিল কি না ;	হাঁ
২। যদি মঞ্জুর হইয়া থাকে, কতটি ফুটবল এবং কেরামবোর্ড মঞ্জুর করা হইয়াছে এবং মঞ্জুরীকৃত খেলার জিনিষগুলি যথাসময়ে স্কুল কর্ত্তৃপক্ষদের দেওয়া হইয়াছে কি না ?	২৪টি স্কুলের জন্য ৮৪টি ফুটবল ও ৬টি স্কুলের জন্য ১২টি কেরামবোর্ড কেনা হইয়াছিল। ২টি স্কুলের ফুটবল ও ১টি স্কুলের কেরামবোর্ড বিলি এখনও বাকী আছে ।

Starred Question No. 15 —By Shri Hemanta Deb, M. L. A.

QUESTION	ANSWER
1) Whether any land adjecent to the Fodder production Centre at Radhakishore Nagar, Sadar has been given settlement to Mrs. Sankar Mallick, In charge Officer of the centre ;	No.
2) Whether it is a fact that Shri Surendra Deb Barma, Subal Dhupi and 5 other families were evicted and their land was acquired for the Fooder Production Centre, because no khas land was available for it ?	2) Sarvashri Surendra Deb Barma, Sarat Chandra Deb Barma Gagan Chandra Deb Barma, Wakhiray Deb Barma, Kamini Kumar Das, Jatindra Chandra Kar and Dudhu Miah were in unauthorised occupation of Government khas land adjecent to Fodder Farm and have been evicted from the said land which was required for extension of Fodder Farm.

Starred Question No. 179—By Shri Sudhanwa Deb Barma. M. L. A.

QUESTION	REPLY
1) Whether any representation has been received by the Govt. in respect of supply of ration to Tea Garden Labour, in Tripura from management of the T. Estate ;	No. But representations have been received from the Tripura Tea Association and Dharmanagar Tea Planters Association.
2) if so, whether any written reply has been sent to them in response to that representation ;	Reply has been sent to the Hony. Secretary Tripura Tea Association.

3) if so, what are the contents of that reply ?	Tripura Tea Association was informed that the Government of India regretted their inability to make any special allotment of rice for the Tea Gardens in Tripura, and they were requested to make their own arrangements.

Starred Question No. 655—By Shri Atiqul Islam, M. L. A.

QUESTION	REPLY
1. Whether the transport authority has any proposal to open a bus service from Agartala to Konaban, Sadar ;	Yes.
2. if so, what steps have been taken in the matter ?	Arrangement has been made to maintain the stage carriage service with the help of the spare buses of Agartala-Bishalgarh route on an experimental basis for the present.

Starred Question No. 215—By Shri Bulu Kuki, M. L. A.

QUESTION	REPLY
১। ইহা কি সত্য যে চম্পকনগর লোকশিক্ষালয় ছাত্রদের ষ্টাইপেণ্ড এখনও বাড়ান হয় নাই,	সত্য
২। সত্য হইলে কি কারণে বাড়ান হয় নাই ?	ত্রিপুরা টেরিটোরিয়াল কাউন্সিল'এর Bye Laws তে যে হার ধার্য্য হইয়াছে তাহা এখনও পরিবর্ত্তিত হয় নাই।

Starred Question No. 210—By Shri Hlura Aung Mog, M. L. A.

QUESTION	REPLY
১। ১৯৬৬ইং সনের সারা ত্রিপুরা রাজ্যে সরকারের কয়টি রেশনের দোকান খুলিয়াছে ও বিভাগীয় ভিত্তিক কত?	১৯৬৬ ইং সনের (চড়া বাজার দরের সময়) জুন ও জুলাই মাসে সারা ত্রিপুরায় ১৮৮টি রেশনের দোকান খোলা ছিল। বর্ত্তমানে সারা ত্রিপুরায় ১৭৮টি রেশনের দোকান খোলা আছে। বিভাগীয় ভিত্তিক হিসাব নিম্নে প্রদত্ত হইল।

	চড়া বাজার দরের সময়	২-৮-১৯৬৬ইং তারিখ মতে
অমরপুর বিভাগ—	৯	৯
বিলোনীয়া ,,	১০	১০
ধর্মনগর ,	২৭	১৭
কমলপুর ,,	৭	৭
খোয়াই ,,	২৫	২৫
কৈলাসহর ,,	১৫	১৫
সদর ,,	৮২	৮২
সোনামুড়া ,,	৫	৫
সাবরুম ,,	২	২
উদয়পুর ,,	৬	৬
	১৮৮	১৭৮

২। খোলা না হইয়া থাকিলে কারণ কি?	প্রশ্ন উঠে না।

STARRED QUESTION NO. 904

By Shri Nripendra Chakraborty, M. L. A.

QUESTION	REPLY
1. Total financial assistance asked for by each of the Non-Govt. Colleges of Tripura for 1965-66.	Furnished in the annexure.

2. Total financial assistance Sanctioned ;	**R. K. Mahavidyalaya :** i) Balance of recurring grants for 1964-65—Rs. 11,500·00. ii) Advance recurring grants for 1965-66 —Rs. 48,000·00. iii) Grants towards D. A. of the teaching and other staff—Rs, 12,084·50. **Belonia College :** i) Balance of recurring grants for 1964-65—Rs. 590·00. ii) Advance recurring grants for 1965-66—Rs. 7,700·00. iii) Grants towards D. A. of the teaching and other staff—Rs. 5,336·00. iv) Capital grants—Rs. 50,000·00.
3. Whether the assistance is adequate ;	Grants are given on the basis of the Rules. As regards recurring grants, these are given to the maximum amount permissible under Rules. Very large capital grants also have been given to the R. K. Mahavidyalaya in the past years by this Department as well as by the R. R. Department, and to the Belonia College by the R. R. Department.
4. If not, what steps will be taken for sanctioning further assistance.	Does not arise.

ANNEXURE

R. K. Mahavidyalaya, Kailashahar :

1. Rs. 3,500·00 as capital grant for electrification of staff quarter.
2. Rs. 20,000·00 as capital grant for improvements of College play ground.
3. Rs. 17,767·28 as arrear recurring grant of 1964-65.
4. Rs. 80,000·00 as advance recurring grants of 1965-66.

D. A

Rs. 11,522·82.

Belonia College :

Rs. 33,594·00 as recurring expenditure for 1965-66.

D. A.

Rs. 7,507·80.

Starred Question No. 909.—By Shri Nripendra Chakraborty, M. L. A.

QUESTION	ANSWER
1) Total food grains imported during 1965-66;	1) 13,200 M. T.
2) total foodgrains that remains to be imported to meet the defecit during the year;	2) Nil
3) total foodgrains procured locally in order to meet the requirements of ration shops during this period ?	3) Rice—198 M. T. Paddy—2,995 M. T.

ANNEXURE—'B'

Unstarred Question No. 167 By—Shri Sunil Kumar Chowdhury, M. L. A.

QUESTION	REPLY
(1) Whether the Government has extended any financial assistance as subsidy to any businessman or organisation of businessmen for building up a buffer stock of essential commodities, during 1965-66 ;	No.
(2) if so, details of such subsidy given and stock built up with that subsidy ?	Does not arise.

Unstarred Question No. 184 By—Shri Bulu Kuki, M. L. A.

QUESTION	REPLY
১) লৌহ, ইস্পাত ও টিনের জন্য ত্রিপুরার কাহাকে এজেন্ট নিয়োগ করা হইয়াছে ;	মেসার্স ষ্টিল এণ্ড ক্রেপ্‌টস্‌, যোগরা রোড, আগরতলা ।
২) এই এজেন্ট নিয়োগ করার পদ্ধতি কি ?	—আয়রণ এণ্ড ষ্টিল কণ্ট্রোলার, ভারত সরকার ১৯৫৬ইং সনের আয়রণ এণ্ড ষ্টীল কণ্ট্রোল অর্ডার মতে কণ্ট্রোলার এবং রেজিষ্টার্ড ষ্টক হোল্ডার নিয়োগ করে থাকেন ।
৩) পূর্ব্ববর্ত্তী এজেন্ট কাহারা ছিলেন এবং কি কারণে তাহাদের এজেন্সী বাতিল হইয়াছে ?	মেসার্স পি, এন, দেব এণ্ড কোং প্রাঃ লিমিটেড্‌, আগরতলা । অন্যায় কার্য্যের জন্য ব্ল্যাকলিষ্ট অর্থাৎ সন্দেহযুক্ত লোকের লিষ্টভুক্ত হওয়াতে তাহাদের ষ্টক হোল্ডার শিপ আয়রণ এণ্ড ষ্টিল কণ্ট্রোলার বাতিল করিয়াছেন ।

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT, 1963.

September 6, 1966.

The Assembly met in the Assembly Chamber, Agartala, on Tuesday, the 6th September, 1966, at 11-00 A. M.

PRESENT :

The Hon'ble Upendra Kumar Roy, Speaker in the Chair, the Deputy Speaker, the Chief Minister, three Deputy Ministers and fourteen Members.

QUESTIONS.

Mr. Speaker :—First item on the agenda is starred question. Starred questions given notice of by Shri Dinesh Deb Barma, Shri Sudhanwa Deb Barma, Shri Atiqul Islam, Shri Hlura Aung Mag, Shri Bulu Kuki and Shri Nripendra Chakraborty are deemed to be answered and the replies shall be published as part of the Proceedings on account of the absence of the members. I would now call on Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath :—229.

Shri M. L Bhowmik :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 229.

QUESTION	ANSWER
(a) What relief have been given to the recent flood affected people of Dharmanagar, Kailashahar, Kamalpur ;	(a) (i) 43 Relief camps were opened for providing shelter to the flood affected people. In the camps 11,740 people were accommodated. The camp inmates were given dry ration such as rice, dal, chira, gur and milk powder etc.

(ii) Rs. 33,311/- has been given to 2,015 families as gratuitous relief. 400 pair of Dhuties and 400 pair of Saries valued at Rs. 3,192/- have been given to the needy persons.

(iii) Rs. 5,22,000/- has been allotted for distribution as loan to the flood affected agriculturists to enable them to take up cultivation of the next crop.

(b) what are the contemplations of the Govt. to prevent damages by flood ?

(b) (1) KAILASHAHAR

Surveys and investigations have been completed for 7 flood protection schemes in Manu river basin under Kailashahar sub-division. 2 of these schemes at Khowrabeel and Kaulikhora have already been taken up for execution. 2 flood protection schemes at Lakshmipur and Srirampur have been sanctioned and are being taken up for execution during the current working season. The flood protection scheme at Satramia Haor has been submitted to the Government of India and the same will be taken up for execution after its approval. The scheme for flood protection in Tegari area has already been prepared and is being sanctioned while the flood protection scheme at Rajnagar math is being prepared and will be sanctioned soon. It is expected that after the implementation of

the above mentioned schemes the flood damage to cultivable lands in Manu basin of Kailashahar sub-division would be reduced to a considerable extent. In addition to the above mentioned schemes, investigations for the formulation of new schemes in other parts will also be taken up during the current working season.

2. DHARMANAGAR :

Detailed surveys and investigations for Juri and Kakri rivers have been completed for suggesting suitable flood protection measuring in these basins.

3. KAMALPUR :

Necessary surveys and investigations of Dhallai river are being undertaken for suggesting suitable flood protection scheme for Kamalpur town and its neighbouring areas.

শ্রীমনোরঞ্জন নাথ ঃ—ধর্মনগরে যে ইনভেস্‌টিগেশন আরম্ভ হয়েছে এটা কবে থেকে আরম্ভ হয়েছে মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই মুহূর্ত্তে সেই তারিখটা বলা সম্ভব নয়। সো আই ডিমাণ্ড নোটিশ।

Mr. Speaker :—Only demand notice is sufficient.

শ্রীমনোরঞ্জন নাথ ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি এই ইনভেস্‌টিগেশন কতদিন চলবে ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক ঃ—যতদিন প্রয়োজন ততদিন চলবে।

শ্রীমনোরঞ্জন নাথ ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি এটার কি কোন অ্যাপ্রোকসিমেট ডেট পেতে পারি আমরা ?

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি এই যে ফ্লাড এটা কতদিন যাবত হচ্ছে ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :—মাননীয় সদস্য বর্ত্তমান ফ্লাডের কথা বলছেন কি না বুঝতে পারলাম না।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বলছি যে, এই যে ফ্লাড হচ্ছে ধর্মনগরে, এই ফ্লাড কত বৎসর যাবত হচ্ছে ?

Mr. Speaker :—It is known to all.

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয়, বলবেন কি এই ইনভেস্টিগেশন কোন সময় থেকে আরম্ভ হয়েছে ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এটার জন্য নোটিশ চেয়েছিলাম ?

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলছেন যে ৪৩টি রিলিফ ক্যাম্প খোলা হয়েছে ধর্মনগরে। এতে কত টাকা খরচ হয়েছে ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা টোটেল নাম্বার অব রিলিফ ক্যাম্প অ্যাট কৈলাসহর, কমলপুর এর কথা বলা হয়েছে। এটার ব্রেক আপ করা হয় নাই।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় অধ্যক্ষ মহোদয় বলবেন কি যে কোন সাব-ডিভিশনে কত টাকা দেওয়া হয়েছে ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :—আই ডিমাণ্ড নোটিশ। ব্রেক আপ পরে দেওয়া হবে।

Mr. Speaker :—I think there is no other supplementary. Questions are over. The Ministers may lay on the Table of the House the answers to the Unstarred questions. (Replies to the Starred Questions not replied orally are shown in Annexure—"A" and those to the Unstarred Questions in Annexure 'B')

INTIMATION REGARDING ARRESTS, DETENTION ETC.

Mr. Speaker :—I have received a communication from the Sub-Divisional Magistrate, Sadar, Agartala regarding detention of some M. L. A.s. I am reading the communication for information of all the Members.

"From

The Sub-Divisional Magistrate, Sadar,

Dear Shri Speaker,

In continuation of my letter No. 2616/SDM/SDR/66 dated the 29th August, 1966 I have the honour to inform you that I have found it my duty in exercise of my power under section 167 of Code of Criminal Procedure to direct that Sarvasree Nripendra Chakraborty, M. L. A., Ram Chandra Deb Barma, M. L. A., Sudhanya Deb Barma, M. L. A.,

Sri Sunil Choudhury M. L. A. arrested by Kotwali PS on 2. 9. 66 under Section 147/149/364 read with 120 B of Indian Penal Code be detained in Agartala Central Jail till 12.9.66 as they are alleged to have taken active parts in abetting the commission of offence of conspiring and inciting the mob in a planned way to resort to violence to do away with the life of Hon'ble Chief Minister, Tripura."

PRIVATE MEMBERS' RESOLUTION

শ্রীসুনীল চন্দ্র দত্ত ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই প্রসংগে একটা প্রস্তাব উত্থাপন করতে চাই। আমার মোশনটা হল ঃ—"This House places on record its confidence in Chief Minister Shri Sachindra Lal Singh, the Leader of the House."

Shri Krishnadas Bhattacharjee :—Hon'ble Speaker Sir, I beg to move that Rule 66 (1) be suspended in its application to the motion to be moved by Shri Sunil Chandra Dutta.

Mr. Speaker :—I would now put this question to vote.

As many as are of that opinion will please say 'AYES'.

(Voice—AYES.)

As many as are of contrary opinion will please say 'NOES'.

(No voice)

So the motion is admitted and it will be taken up after the Government Business i. e. the Demands for grants are finished.

DEMANDS FOR GRANTS

I would now call on the Hon'ble Chief Minister to move his demand for Grant No. 42A.—Capital outlay on other works.

Shri S. L. Singh (Chief Minister) :—Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a sum not exceeding Rs. 50,000/- be granted to defray the charges which will come in course of payment during the period from 1st April, 1966 to 31st March, 1967 in respect of Demand No. 42A—Capital Outlay on other works.

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—ইণ্ডাষ্ট্রীয়াল প্রেসে কতগুলি হাউস নির্ম্মাণের জন্য একটা স্কীম করা হয়েছে এবং সেটাকে সাপলিমেন্ট করার জন্য এই টাকার অংক রাখা হয়েছে। আশা করি হাউস এটা অনুমোদন করবেন!

Mr Speaker :—I would now put the question to vote. The question before the House is that a sum not exceeding Rs. 50,000/- be granted to defray the charges which will come in course of payment during the period from 1st April, 1966 to 31th March, 1967 in respect of Demand No. 42A—Capital Outlay on Other Works.

As many as are of that opinion will please say Ayes.

(Voice—Ayes.)

As many as are of contrary opinion will please say Noes.

—

Mr. Speaker :—Ayes have it ; Ayes have it.

The Motion is passed.

I would now call on Hon'ble Chief Minister, Shri Sachindra Lal Singh to move his Demand for Grant No. 45—Loans and Advances by the State/Union Territory Governments.

Shri S. L. Singh (Chief Minister) :—Loans and Advances by the State/Union Territory Governments.

Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a further sum not exceeding Rs. 12,82,700/- be granted to defray the Additional charges which will come in course of payment during the period from 1st April, 1966 to 31st March, 1967 in respect of Demand No. 45—Loans and Advances by the State/Union Territory Governments.

আমি এই—Demand No. 45—Loans and Advances হাউসের সামনে রাখছি, আশা করি হাউস এটা সমর্থন করবেন।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত ঃ—মাননীয় স্পীকার মহোদয়, এই ডিমাণ্ড নাম্বার ৪ কে সমর্থন করতে যেয়ে, আমি কয়েকটা কথা বলছি, সেটা হচ্ছে এখানে আমরা দেখছি প্ল্যানটেশান লেবার হাউসিং স্কীমে, সেখানে ধরা হয়েছে ১,০০০ টাকা। মাননীয় স্পীকার মহোদয়, ত্রিপুরার যে চা বাগান ৫২টী আছে, সেই ৫২টী চা বাগানে প্রায় ১৪,০০০ রেজিষ্টার্ড লেবারার আছে এবং সেই রেজিষ্টার্ড লেবারসদের বর্তমানে যে ঘরের অবস্থা, বাগানগুলিতে যদি যাওয়া যায় তাহলে দেখা যাবে যে শ্রমিকরা যে ঘরে বাস করে সেই ঘর এত জঘন্যতম যে মানুষ সেই ঘরে বাস করতে পারেনা এবং সত্য কথা বলতে কি গৃহস্থের বাড়ীর গরুর চালাও বোধহয় এর চেয়ে ভাল এবং চা বাগানের শ্রমিকরা, তারা ঘরে শুয়ে'ই পূর্ণিমার চাঁদ দেখতে পায়, এই হচ্ছে তাদের অবস্থা। সেই জায়গায় সরকার থেকে একটা কমিটীও আছে প্ল্যানটেশান লেবার হাউসিং কমিটী, যাতে চা বাগানের শ্রমিকদের ঘরগুলি স্বাস্থ্যকর হয় এবং বাসোপযোগী হয় তা দেখার জন্য। এখানে যে টাকাটা ধরা হয়েছে টোকেন হিসাবে এক হাজার টাকা, কারণ এর একটা পারসেণ্টেজ চা বাগানের মালিক দেবে আরেকটা পারসেণ্টেজ সরকার থেকে দেবে। কিন্তু আজ পর্যন্ত কোন চা বাগানের মালিক এক পয়সা দিয়েছেন কিনা সন্দেহ আছে এবং আমাদের যে প্ল্যানটেশান লেবার হাউসিং স্কীমে টোকেন প্রভিশান তা দেখলেই বুঝা যাবে। আমরা স্কীম এরীয়াকে দূর করে সেখানে আমরা উন্নততর

বসবাসের ব্যবস্থা করছি, আর আজকে ত্রিপুরার ৫২টী বাগানের ১৪হাজার শ্রমিক যার পপুলেশান হবে পাঁচ জন করেও গড়পরতা ৫০ হাজার থেকে ৬০ হাজার তাদের যে অবস্থা, সেই অবস্থা দূর করবার জন্য যদি প্রয়োজন হয়, আমরা বাগানের মালিকদের বাধ্য করবার জন্য এই হিসাবে যে রেজিষ্টার্ড লেবারদের, শ্রমিকদের লাইনের ঘর করে দিতে হবে এবং তার জন্য যদি আইন প্রণয়নের প্রয়োজন হয়, আমি অনুরোধ করব মাননীয় স্পীকার মহোদয়ের মারফত লেবার মন্ত্রীকে, যে আমাদের এই হাউসের মধ্যে আইন প্রণয়ন করে তাদের ঘরের উন্নত ব্যবস্থা করা হউক এবং শুধু টোকেন প্রভিশান রাখলেই চলবে না, প্ল্যানটেশান লেবার হাউসিং স্কীম যে ব্যর্থতায় পর্যবসতি হয়েছে, আমার মনে হয় তার কারণ আমাদের কোন আইন নাই, এনফোর্সমেন্ট আমরা করতে পারি না যে প্রত্যেক লেবার দপ্তর, পি. ডব্ল্যু. ডি স্কীম অনুসারে, তাদের সাজেশান অনুসারে ঘর করাতে পারে তাকে বলে, তার কোন আইন সেখানে নাই, লেবার দপ্তর সেখানে অসহায়, হাউসিং কমিটী অসহায়। অতএব আমাদের এইসব যে ভারতীয় নাগরিক, এইসব উপেক্ষিত যে শ্রমিক, এই শ্রমিকদের যাতে থাকার সুব্যবস্থা হয় এবং তারা যাতে ভালভাবে থাকতে পারে তার জন্য যদি আইন প্রণয়নেরও প্রয়োজন হয়, আমি আবার অনুরোধ জানাচ্ছি যে আমাদের এই উপেক্ষিত শ্রমিকদের জন্য, যাতে তারা ভালভাবে মানুষের মত বাস করতে পারে তার যেন ব্যবস্থা করা হয়। তাদের যে বাসস্থান তিন হাত সেটা উঁচু মাটীর থেকে, তারপর দরজা নাই, জানালা নাই, একটি মাত্র তার দরজা, তার মধ্যে তাকে সারাদিন, সারারাত্রি থাকতে হয়। এই যে একটা অবস্থা, অবিলম্বে তাকে দূর করা উচিত এবং সেদিকে এই ডিমাণ্ডের সমর্থনে আমি মাননীয় স্পীকার মহোদয়ের মারফত, শ্রমমন্ত্রীর এদিকে দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর হচ্ছে ডিষ্ট্রেস্‌ড পিপ্‌ল ইন ত্রিপুরা, তার জন্য তিন লক্ষ টাকা ধরা হয়েছে আর এ্যাগ্রিকালচারিষ্ট যারা তার জন্য ধরা হয়েছে ৫ লক্ষ টাকা। আজকে সাধারণতঃ গণতান্ত্রিক সরকার এবং কংগ্রেসের যে সম্মেলন হয়ে গেল, তাতেও প্রস্তাব নেওয়া হয়েছে যে যদি আমাদের ফসল উৎপাদন বাড়াতে হয় তাহলে সেইসব কৃষকদের উপযুক্ত কৃষি ঋণ যাতে দেওয়া হয়। যাতে তারা সময় মত সার পায়, সময় মত বীজ ধান পায় এবং জলসেচের উপযুক্ত ব্যবস্থা করা হয়। আজকে সত্যিই আমাদের ত্রিপুরা ঘাটতি অঞ্চল এবং ত্রিপুরার তিনদিকের যে অবস্থা, তিনদিকে পাকিস্তান এবং তার যাতায়াতের পথেও নানারকমের অসুবিধা এবং প্রায়ই ব্যহত হয় এ অবস্থায় আমাদের খুবই চেষ্টা করতে হবে যাতে খাদ্যে আমরা স্বয়ংসম্পূর্ণ হতে পারি। যদি খাদ্যে আমরা স্বয়ংসম্পূর্ণ নাও হতে পারি, তবুও আমরা হবার চেষ্টা করব এবং যদি হতে না পারি তাহলে সবসময়ই একটা কৃত্রিম স্কেয়ারসিটী এখানে সবসময় থেকে যাবে। কারণ অন্যান্য অঞ্চল থেকে, অন্যান্য প্রদেশ এবং কেন্দ্রীয় সরকার থেকে চাউল আনার জন্য এবং তার মধ্যে যাতায়াতের যে ব্যবস্থা সেটা অনেক সময়ে নানাহ কারণে, ঝড় বৃষ্টির দরুণ এবং ফ্লাডের দরুণ, নানা কারণে সেগুলি ব্যহত হয়। কাজেই সেইদিকে আমাদের মেইন ড্রাইভ দিতে হবে ত্রিপুরায়। এইজন্যই আমি বলছি যে যারা প্রকৃত কৃষক সেইসব কৃষক যাতে কৃষি ঋণ পায় এবং কৃষি ঋণ যাতে লিবারেলি বণ্টন করা হয়, তার জন্য আমি মাননীয় কৃষি মন্ত্রীর কাছে এই দাবী রাখছি।

Mr. Speaker :—I would now call on Hon'ble Chief Minister to give reply.

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার এই ডিমাণ্ডটির উপর সমর্থনের ভিতর দিয়ে ডেভলাপমেন্টের চিত্র তুলে ধরা হয়েছে, তার অনুকরণের জন্য, তাকে গ্রন্ড করার জন্য স্কীমে সাপ্লিমেন্টারী বাজেটে এই এক হাজার টাকা রাখা হয়েছে। ১৯৬৬-৬৭ সালের অরিজিন্যাল বাজেটে ৯ হাজার টাকা আছে। তা'হলে সর্বসম্মত ১০,০০০ টাকা। কিন্তু আমরা জানি এই ১০,০০০ টাকা কিছুই নয়। কিন্তু ইহা একটি নূতন উদ্যম। কি করে আমরা শ্রমিকদিগকে উন্নত ধরণের স্বাস্থ্যসম্মতভাবে শেলটার দিতে পারি, আশ্রয় দিতে পারি, তারি চিন্তায় উদ্বুদ্ধ হয়ে এই কার্যকে গ্রহণ করা হয়েছে। এই জায়গাতে একটা কথা বলে রাখা ভাল যে এই স্কীমকে কার্যকরী করবার জন্য থার্ড প্ল্যানে যে অংক রাখা হয়েছিল আমরা তাকে ঠিক ঠিকভাবে চালু করতে পারিনি। তার প্রধান কারণ হল এই যে মালিক ভায়েরা যারা আছেন তাদের অংশের যে অর্থ দেওয়ার কথা ছিল তা তারা দিতে পারেন নি এবং দেন নি এবং এই লোন আমরা তাদিগকে দেব। কিন্তু তারা প্রপার্টি মরগেজ দিতে সম্পূর্ণ নারাজ হয়ে গেল এবং adequate security or mortgage of their property against the laws was not found এবং তারি জন্য সেটা ব্যাহত হয়েছে। এতএব আমরা চেষ্টা করব কি করে সেই আইনটিকে যথোপযুক্তভাবে প্রয়োগ করে তাদের উন্নত ধরণের স্বাস্থ্যসম্মত গৃহাদি দিতে পারি এবং সেইদিকে চিন্তা করে আমরা এই স্কীমটিকে রেখেছি এই সাপ্লেমেন্টারী বাজেটে। তারপর বলা হয়েছে যে এখানে ৮ লক্ষ জুমিয়া ভাইদের জন্য যে অংক নির্দেশ করা হয়েছে এবং ৪,৮১,৭০০ নিউ মাইগ্রেণ্ট যারা তাদের বুলক্স এবং উইভার্স যে সমস্ত ফেমিলিস্ আছে তাদের জন্য এই অর্থ রাখা হয়েছে। অতএব এই জিনিষগুলি প্রত্যেকটি রাখা হয়েছে প্রডাকশনের উপর উৎপাদনের উপর নির্ভর করে। যারা কৃষক আছে, যারা তাঁতী আছে, তাদের উন্নতির উপর লক্ষ্য করেই আমরা এই অংক রেখেছি। তার কারণ এই যে যারা নিউ মাইগ্রেন্টস এসেছে পাকিস্তান থেকে তাদের কোন সম্বলেই ছিল না, অর্থাদি ছিল না। কতিপয় বুলক্স, সীডস্ এবং ম্যানিওর এবং তার সাথে সাথে যারা উইভার্স, অনেক পরিবার তাদের সাথেও এসেছে, অতএব তাদিগকেও অর্থের সাহায্য করা উৎপাদন বৃদ্ধি করার জন্য এই সাপ্লিমেন্টারী বাজেটে এই অংক নির্দেশ করা হয়েছে এবং এই ৮ লক্ষ টাকা যেটা নির্দেশ করা হয়েছে সেটা রাখা হয়েছে for issuing loan to the distressed people and agriculturists of these affected areas an additional provision of 8 lakhs is required as approved by the Government of India. যাতে কৃষির উন্নতি হতে পারে সেজন্য এবং জুমিয়া ভাই যারা আছে তারা যাতে উৎপাদন কার্য্যে কৃষির দিক নিয়ে অগ্রসর হতে পারেন সেইদিক দিয়ে লক্ষ্য রেখে এবং ডিসট্রেসড যারা অ্যাগ্রিকালচারিসষ্টস আছে তার দিকে লক্ষ্য করে—এই অর্থ রাখা হয়েছে এবং মেন বাজেটে তাদের জন্য যে টাকা আছে তাছাড়াও এই অর্থ রাখা হয়েছে এবং ফেমিন ফাণ্ডে, যেটা সাপ্লিমেন্টারী বাজেটে রাখা হয়েছে সেই অংক আছে ; তা ছাড়াও এই অর্থ তাদের উন্নতিমূলক কার্য্যের দিকে নিয়োজিত হবে। উৎপাদনের দিকে লক্ষ্য রেখেই তা করা হবে।

Mr. Speaker :—Discussion is over. I would now put the motion. The question is that a further sum not exceeding Rs. 12,82.700/- be granted to defray the additional charges which will come in course of payment during the period from 1st April, 1966 to 31st March, 1967 in respect of Demand No. 45—Loans and Advances by the State/Union Territory Governments.

As many as are of that opinion will please say AYES.

(Voice—AYES)

As many as of contrary opinion will please say NOES.

(No voice)

AYES HAVE IT, AYES HAVE IT.

PRIVATE MEMBERS' BUSINESS (RESOLUTION)

Mr. Speaker : I would now take up the motion moved by Shri Sunil Chandra Dutta with the permission of the House. I would request the Hon'ble Member to start discussion.

শ্রীসুনীল চন্দ্র দত্ত ঃ—অনারেবল স্পীকার স্যার, আমি আবার আমার মোশনটা হাউসের সামনে পড়ে শোনাচ্ছি। "This House places on record its confidence in Chief Minister Shri Sachindra Lal Singh, the Leader of the House".

মাননীয় অধ্যক্ষ মহোদয় এক বিশেষ অবস্থার সম্মুখীন হয়ে আমি আজকে এই প্রস্তাব উত্থাপন করেছি। সাধারণতঃ যিনি মুখ্যমন্ত্রী থাকেন দলের সদস্যদের তাঁর উপর আস্থা থাকে বলেই তিনি দলনেতা হন এবং মুখ্যমন্ত্রী নির্বাচিত হন। তবু কেন আমি প্রস্তাব উত্থাপন করেছি? আমাদের এই অধিবেশন আরম্ভ হওয়ার প্রায় মাসাধিক কাল পূর্বে আমি বিভিন্ন পত্র পত্রিকায় দেখেছি যে আমাদের দলের সম্পর্কে এবং দলের সদস্যদের আনুগত্য সম্পর্কে নানা রকম সন্দেহ সৃষ্টি হয়েছে। কম্যুনিষ্ট পার্টি এই অধিবেশনে একটা নো কনফিডেন্স মোশন উত্থাপন করবেন, এইরকম কথা বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত হয়েছে। কলকাতার দুয়েকটি দৈনিক পত্রিকায়ও এই সম্পর্কে সন্দেহ প্রকাশ করা হয়েছে এবং ভুল তথ্যের উপর সম্পাদকীয় প্রবন্ধ লিখা হয়েছে যাতে উল্লেখ করা হয়েছে যে আমাদের কতিপয় মাননীয় সদস্য পদত্যাগ করেছেন এবং নো কনফিডেন্স মোশনের সময়ে বিরোধীদের সঙ্গে হাত মিলিয়ে তাদের বক্তব্য বলবেন যা অবাস্তব এবং যা সচরাচর ঘটে না। এই রকম নজীর ভারতবর্ষে অতি বিরল, প্রায় নাই বললেই চলে। তবু কেন এই অপপ্রচার? তা যে উদ্দেশ্যমূলক তা আমি প্রমাণ করবার চেষ্টা করছি। আমাদের অধিবেশন সুরু হবার আগে আগরতলা শহরে সিনেমা টিকিটের চোরাকারবার নিয়ে সামান্য ঘটনাকে পল্লবিত করে জনসাধারণ এবং ছাত্রদের মিথ্যা প্রচারে বিভ্রান্ত করে প্রচার করা হয় যে পুলিশ এবং ছাত্রদের মধ্যে একটা ঘটনা ঘটেছে এবং একটি ছাত্র ২৮ তারিখ রাত্রে নিহত হয়েছে। রাত্রেই প্রচার আরম্ভ হয় এবং সেই প্রচারে অংশ গ্রহণ করে কম্যুনিষ্ট পার্টির নেতারা এবং আমাদের বিধান সভার কম্যুনিষ্ট পার্টির কতিপয় সদস্য ঐদিন রাত্রেই এই অপপ্রচারে অংশ গ্রহণ করে বলেন যে ঘটনা ছাত্র এবং পুলিশের মধ্যে এবং একটি ছাত্র নিহত হয়, যা সত্য ছিল না। সেই দিন রাত্রে আমাদের কংগ্রেস

সদস্যগণের একটা পার্টি মিটিং ছিল। আমাদের মুখ্যমন্ত্রীর বাসভবনে আমাদের পার্টি মিটিং এ আমরা বর্ত্তমান অধিবেশনের প্রোগ্রাম নিয়ে আলোচনা করছিলাম। তখুনি এই সংবাদ সেখানে যায়। পুলিশ সাহেব এবং ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট আমাদের কাছে যান তাঁদের অধিকার দেওয়ার জন্য জনতাকে ছত্রভঙ্গ করে অবস্থাকে আয়ত্তে আনার জন্য। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের সামনেই বার বার বলেন যে ছাত্রদের উপর এবং জনতার উপর গুলি চালনা না করে অবস্থা আয়ত্তে আনার জন্য। আর সেই রাত্রেই থানার উপর ইট পাটকেল বর্ষণ করে জনতা এবং ছাত্ররা, দুষ্কৃতকারীরা এবং হাঙামাকারীরা। থানার সামনে যে একটা পোষ্ট-অফিস আছে সেই পোষ্ট অফিস সংলগ্ন ঘরে অগ্নিসংযোগের চেষ্টা করে। অগ্নি নির্ব্বাপনের জন্য দমকল গেলে দমকল চালক আহত হন। সেদিন রাত্রে আমাদের পুলিশ দলের অনেকে আহত হন, থানার অফিসার ইনচার্জও আহত হন। একজন এ, এস, আই, আহত হন। সেই রাত্রেই আমাদের মুখ্যমন্ত্রী চেষ্টা করেন আমাদের পাবলিক রিলেশানস্ অফিসারের মারফতে সমগ্র শহরে প্রচারের ব্যবস্থা করতে যে ঘটনা ছাত্র এবং পুলিশের মধ্যে নয়, ঘটনা একজন চোরাকারবারী এবং কিছু দুষ্কৃতকারীদের সঙ্গে পুলিশের।

তারা থানা অবরোধ করে এবং রাত্র ১২টা—১টা পর্য্যন্ত ইটপাটকেল বর্ষণ করে। তবু মুখ্যমন্ত্রী ঐ দিন আশ্বাস দিয়েছিলেন যে মুখ্যমন্ত্রীর দ্বার ত্রিপুরার জনসাধারণের জন্য উন্মুক্ত। যে কোন লোক যে কোন সময় তার বাসভবনে দেখা করতে পারেন। যারা তাঁর সাথে দেখা করেছেন তিনি তাদের বলেছেন য জনতাকে আগে শান্ত করুন, যদি পুলিশ কোন অন্যায় করে বা জুলুম করে থাকে তাহলে তার বিচার করা হবে। মুখ্যমন্ত্রীর নির্দ্দেশে আমাদের P. R. O. এবং মাননীয় সদস্য রাজকুমার কমলজিৎ সিংহ একটি গাড়ী ও মাইক সংগ্রহ করে প্রচার করার চেষ্টা করেন যে ঘটনা ছাত্র এবং পুলিশের মধ্যে নয়। তারা বিভিন্ন রাস্তায় যখন বের হয়েছিলেন তখন কতকগুলি দুষ্কৃতিকারী তাঁদের বাধা দেয়, এবং আমাদের P. R. O. এবং কমলজিৎ সিংহকে প্রহার করতে উদ্যত হয়, যার জন্য এই প্রচার সার্থক করে তোলা সম্ভবপর হয়নি।

পরদিন সকালেও এই ঘটনা চলতে থাকে এবং মারমুখী জনতা টেলিফোন এক্সচেঞ্জ আক্রমণ করে, তখন বেলা প্রায় ১০ টা। সেই আক্রমণের নমুনা আমি আমার হোটেলের বারান্দায় দাঁড়িয়ে দেখেছি। দেখেছি যে জনতা বারবার ইটপাটকেল ও কিছু অস্ত্রশস্ত্র নিয়ে টেলিফোন একচেঞ্জের দরজা জানালা ভাঙ্গার চেষ্টা করে। ঐখানের রক্ষী যখন ভিতর থেকে তাড়া করে তখন জনতা দৌড়ে চলে আসে, অবশ্য ভিতরে কি হয়েছে তা আমার হোটেল থেকে দেখা যায় না। আর একটি দিকে আর একটি ঘটনা ঘটে, উত্তেজিত জনতা ও দুষ্কৃতকারীরা আমাদের সমবায় বিক্রয় কেন্দ্রের প্রায় লক্ষাধিক টাকা মূল্যের কাপড় এবং অন্যান্য জিনিষপত্র লুন্ঠন করে এবং অগ্নিসংযোগ করে। জানা সত্ত্বেও মুখ্যমন্ত্রী বারবার বলেছেন যে জনতার উপর গুলি চালনা না করে অবস্থা আয়ত্বে আনার জন্য। অবশ্য প্রথম দিন রাত্রে জনতাকে ছত্রভঙ্গ করার জন্য যখন আর কোন উপায় ছিল না, তখন আত্মরক্ষার্থে পুলিশ

টিয়ারগ্যাস ছাড়তে বাধ্য হয়। টিয়ারগ্যাস তেমন মারাত্মক কিছু নয়, জনতা ছত্রভঙ্গ করার জন্য, যারা নাশকতামূলক কাজ করে তাদের ছত্রভঙ্গ করার জন্য এটার ব্যবহার বিধিসম্মত ব্যাপার। যে জনতা বেআইনী কাজ করে তাকে ছত্রভঙ্গ করতে টিয়ারগ্যাসের ব্যবহারের জন্য জনতা বা জনসাধারণের ক্ষোভের কোন কারণ থাকতে পারে না। পরদিন আমাদের এসেম্বলীর সেসান ছিল, সারা সহরে গোলযোগ চলে দুষ্কৃতকারীদের। আমরা এসেম্বলীতে আসার চেষ্টা করি, আমি ঠিক সাড়ে দশটার সময় এসেম্বলী ভবনে প্রবেশের চেষ্টা করি কিন্তু আমি জনতার নিকট হতে বাধা পেয়ে, এসেম্বলীতে প্রবেশের যে আর একটি পথ আছে, সেপথে প্রবেশ করি। কিছুক্ষণ পর আমাদের মুখ্যমন্ত্রী, উপমন্ত্রী শ্রীভৌমিক সহ এসেম্বলীতে প্রবেশের চেষ্টা করেন; ছাত্ররা তাঁদের বাধা দেয়। এর একটু পূর্ব্বে আমাদের সদস্য শ্রীউমেশলাল সিংহ ও মুনব্বর আলী সাহেব বিধানসভার Gateএর নিকট আসেন, তাদেরও বাধা দেওয়া হয়। উত্তেজিত ছাত্র ও জনতা বার বার মুখ্যমন্ত্রীর নিকট দাবী করেন ঘটনাস্থল পরিদর্শন করার জন্য। মুখ্যমন্ত্রী বলেন যে আমি আমার এসেম্বলীর কাজ শেষ করে তোমাদের সঙ্গে যাব। কিন্তু তারা নাছোড়বান্দা, কারণ তাদের পিছনে রাজনৈতিক দলের ইঙ্গিত ছিল, রাজনৈতিক নেতারা কাছেই ছিলেন। তারা মুখ্যমন্ত্রীকে বার বার অনুরোধ করেন এবং স্থান পরিদর্শনে শেষ পর্য্যন্ত মুখ্যমন্ত্রী সম্মত হন এবং তাদের সঙ্গে যান। কিছুক্ষণ পর মুখ্যমন্ত্রী ফিরে আসেন এবং জনতার মধ্যেকে মুখ্যমন্ত্রীর নিকট বিধান সভার কার্য্যধারা লক্ষ্য করার জন্য তারা ভিতরে আসার দাবী জানায়। মুখ্যমন্ত্রী তখন ৫ জনকে ভিতরে আসতে বলেন তাঁর সঙ্গে, তারা সেই কথা অমান্য করে দেড়শত থেকে দুইশত লোক এসেম্বলীতে প্রবেশ করে. যারজন্য সেইদিন এই হাউসের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করা সম্ভবপর হয়নি। কিছুক্ষণ পর মাননীয় স্পীকার মহোদয় বাধ্য হন ঐদিনকারমত সভা মুলতবী করে দিতে। Houseএ আমরা কি দেখলাম? Houseএর মধ্যে আমরা দেখলাম যে জনতা উচ্ছৃঙ্খল আচরণ করল। গণতন্ত্রের পীঠস্থান বলে যে বিধান সভাকে আমরা অভিহিত করি সেই বিধান সভার নিয়ম কানুন লঙ্ঘন করে এমন একটা উচ্ছৃঙ্খল অবস্থার সৃষ্টি করল, যে অবস্থা ভারতবর্ষের অন্য কোন জায়গায় এইভাবে দেখা দিয়েছিল বলে আমার জানা নেই। সেই ঘটনাকে নিন্দা করার ভাষা আমার নেই। সেই ঘটনাকে বিরোধী দলের নেতা বিধান সভার মধ্যে আমাদের সামনে প্রশ্রয় দিয়েছেন। আমাদের মুখ্যমন্ত্রী এই ঘটনার জন্য বিচার বিভাগীয় তদন্তের আশ্বাস দেওয়ার পরও বিরোধী দলের নেতা বহিরাগত একজন লোককে তার মাইকটি দিয়ে আহ্বান করেছিলেন বক্তৃতা দেবার জন্য, মাননীয় স্পীকার মহোদয় যখন নির্দ্দেশ দিলেন যে Assembly Houseএর মধ্যে বাইরের লোকের বক্তৃতা দেওয়ার যায়গা নয় তা সত্বেও বিরোধী দলের নেতা ইশারা করে ছেলেটিকে তার নিজের টেবিলের সামনে ডেকে নিয়ে আসেন এবং মাইকটা তিনি নিজে বাড়িয়ে দিলেন ছেলেটার কাছে। ছেলেটাকে নির্দ্দেশ দেন "তোমার বক্তব্য তুমি বল"। গণতান্ত্রিক পদ্ধতিতে নির্ব্বাচিত হয়ে এবং মুখে তাঁরা গণতন্ত্রের কথা বলে থাকেন, কিন্তু বাস্তবে আমরা কি দেখি? বাস্তবে তারা গণতন্ত্রের মুখোশ পড়ে কাজ করে যান তাদের একনায়কত্ব কায়েম করার জন্য।

এবং একনায়কত্ব কায়েম করার জন্য যে কোন রকম জঘন্য কাজ করতে তারা দ্বিধা বোধ করেন না। Assembly adjourned হওয়ার পর যখন মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় স্পীকার মহোদয় তাদের Chamberএ যান তখন ছাত্ররা তাদের পিছন পিছন আমাদের মার্শাল এবং অন্যান্য কর্মচারীদের নির্দ্দেশ উপেক্ষা করে মাননীয় স্পীকার মহোদয়ের রুমে ঢুকে পড়ে। আবার মাননীয় মুখ্যমন্ত্রীকে ঘটনা স্থলে নিয়ে যাওয়ার জন্য পীড়াপীড়ি করে। সেই সময় আমাদের দলের যারা সদস্য ছিলাম এবং মন্ত্রী, উপমন্ত্রী যারা ছিলেন তাদের প্রত্যেকের উপর দুর্ব্বৃত্তদল যা ব্যবহার করেছে তা ভাষায় প্রকাশ করা যায় না। প্রত্যেকের প্রতি তারা অশালীন ও অভদ্র ব্যবহার করেছে, এবং কোন কোন উপমন্ত্রী ও সদস্যের দেহে হাত দিতেও তারা দ্বিধাবোধ করেনি। এই ঘটনার নজীর ভারতবর্ষের আর কোথায়ও নেই এরূপ জঘন্যতম কাজ আর কোথায়ও হয়েছে বলে আমার জানা নেই। সেই সময় যখন ছাত্র ও বহিরাগত জনতা হামলা চালাতে থাকে Assemblyতে এবং Lobbyতে জিনিষপত্র ভেঙ্গে চুরমার করতে থাকে, মাননীয় স্পীকার মহোদয়ের Table, swing door এবং অন্যান জিনিষ পত্র ভেঙ্গে চুরমার করতে ছিল ঠিক সেই সময় বিরোধী দলের মাননীয় নেতা এবং সদস্যরা তাদের উস্কানীমূলক এমন সব উক্তি করেন যাতে স্বাভাবিকভাবে তারা উত্তেজিত হয়। জনতার মধ্যে যে সব লোক সেই সময়ে বাহিরে চলে যেতে চায়, আমি নিজের চক্ষে দেখেছি বিরোধী দলের নেতারা তাদের বারবার বলেছেন "তোমরা কেন চলে যাচ্ছ, মুখ্যমন্ত্রীকে নিয়ে যাও", আশ্চর্য্যের কথা সেই দিন লোক সভায় দুইজন সদস্যও এখানে উপস্থিত ছিলেন। সচরাচর যা ঘটেনা তা কেন ঘটল তার কারণ যদি আমরা খুঁজি তা হলে দেখতে পাই যে একটা পরিকল্পনা গ্রহণ করেই ঐখানে এই কাজ করা হয় এবং সেই পরিকল্পনার শেষ ছিল মুখ্যমন্ত্রীর জীবন হানি। উশৃঙ্খল জনতা যেমন বিধান সভার আমাদের মত সদস্যের প্রতি অসৌজন্য আচরণ করতে ত্রুটি করেনি তেমনি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের প্রতিও তারা অশালীন আচরণ করেছে। মুখ্যমন্ত্রীর প্রতিও তারা অশালীন আচরণ করেছে এবং জোর জবরদস্তি করেছে। ঠিক সেই সময় লোক সভার আমাদের দুইজন সদস্য আগাগোড়া Assemblyর দোতালায় উপস্থিত ছিলেন এবং লোক সভার একজন সদস্য এই উক্তিও করেছিলেন যে আজকে সকাল বেলা দশ জন লোক নিহত হয়েছে, আমাদের কোন একজন সদস্য প্রতিবাদ করেছিলেন যে আপনি একজন দায়িত্বশীল লোক, লোক সভার সদস্য, আপনি কি করে বললেন যে দশজন লোক নিহত হয়েছে, আমি শুনেছি। লোক সভার সদস্যের মুখে এই ধরণের কথা ঠিক সেই পরিস্থিতিতে কি অবস্থার সৃষ্টি করতে পারে তা আমরা সহজেই অনুমান করতে পারি, এবং এই যে উক্তি সেই উক্তিটাও উদ্দেশ্যমূলক, যাতে জনতা উত্তেজিত হয়। সামান্য একটি টিকেটের চোরা কারবার নিয়ে একজন চোরা কারবারী এবং সৈনিকের মধ্যে কথা কাটা কাটি, মারামারি হয় তাদেরে ধৃত করে পুলিশ থানায় নিয়ে যায়, এই যে ঘটনাটিকে ফেনিয়ে অন্যরূপ দিয়ে প্রচার করা এবং ছাত্র নিহত হয়েছে বলে ছাত্র, পুলিশ এবং সরকারের মধ্যে সংঘর্ষ বাধিয়ে দেওয়ার চেষ্টা এবং ঠিক সেই দিনটিতে লোক সভার সদস্য লোক সভার অধিবেশন ত্যাগ করে, নিজেদের কর্ত্তব্য ত্যাগ করে ত্রিপুরায় চলে আসেন, কেন? এর একটি মাত্র উত্তর-ই আমরা পাই যে

সুপরিকল্পিত পরিকল্পনা এদের ছিল, সেই পরিকল্পনাটা হল যে, যে প্রচার তারা করেছিলেন যে বিধান সভার অধিবেশনে no confidence motion তারা উত্থাপন করবেন এবং তা তারা পারতেন সত্য। আজকাল প্রচারের যুগ, তাদের সেই প্রচারে বিভ্রান্ত হয়ে কলিকাতার দৈনিক পত্রিকাগুলি এই সম্পর্কে সংবাদ লিখেছেন, এই চক্রান্তের একটা উদ্দেশ্য ছিল, বিধান সভার অধিবেশনে আমাদের দলের সদস্যগণকে Houseএ ঢুকতে না দিয়ে তারা নিজেরা Houseএ উপস্থিত হবেন এবং আমাদের অনুপস্থিতির সুযোগে তারা no confidence motion পাশ করে নিবেন, কিন্তু তা সম্ভবপর হলনা, ছাত্রদের উত্তেজনার জন্য এবং House যথা সময়ের পূর্ব্বেই adjourn হওয়ার জন্য এবং ঐ দিন বিরোধী দলের পক্ষ থেকে কোন No Confidence Motion পেশ না করার জন্য। আমি আমার এই প্রস্তাব উত্থাপন করার সম্পর্কে পূর্বেই বলেছি যে আমাদের সম্পর্কে যথেষ্ট অপপ্রচার করা হয়েছে। এই অবস্থাটা দেখে আমি আমার দলের Chief whip হিসাবে Press এর নিকট এক বিবৃতি দেই, যেই বিবৃতিতে আমি বলি যে আমার দলের কোন সদস্য দলত্যাগ করেন নি, আমার দলের প্রতিটি সদস্যের আনুগত্য আমাদের নেতার প্রতি আছে এবং আমার এই বিবৃতি কলিকাতার বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। এই ঘটনার পরেও উত্তেজিত জনতা মুখ্যমন্ত্রীকে নিয়ে যায়। মুখ্যমন্ত্রী যখন তার নিজের প্রতিশ্রুতি মত ঘটনাস্থল দেখতে যান, যখন তিনি Telephone Exchangeএর সামনে যান তখন তাকে হত্যা কর এই রকম আদেশ দিয়ে দুই একটি ছাত্র তাঁর উপর ঝাপিয়ে পড়ে, আমাদের একজন Armed Police Inspector এবং একজন সুবেদার—শ্রীভৌমিক এবং মস্তাফ মিয়া, তাদের অসীম সাহস এবং প্রত্যুৎপন্ন মতিত্বের জন্য মুখ্যমন্ত্রীকে উদ্ধার করে নিয়ে যান, এজন্য তাদেরে আমি ধন্যবাদ জানাই। এই ঘটনার পরেও এই আগরতলা শহরে বিভিন্ন অপপ্রচার চলেছে যে আমাদের দলের সদস্যরা দলত্যাগ করেছেন। যে কথাটা আমাদের সদস্যদের প্রতি অপমানজনক, গৌরব হানিকর, মর্য্যাদা হানিকর সেই কথাটা বারবার প্রচারিত হতে লাগল, বিভিন্ন মহল থেকে শুনলাম যে যদি না ঐ দিনের ঘটনায় Communist Memberরা ধৃত হতেন তা হলে তারা পাশ করে নিতে পারতেন এবং আমাদের দলের কয়েকজন সদস্য—কয়েকটি পত্রিকায় দেখেছি ৫জন সদস্য সদস্যের—সংখ্যাটাও তারা এক বিশেষ কৌশলে বের করেছেন। এর কারণ Communist Partyর বিধান সভার সদস্যের সংখ্যা ১১, আমাদের ১৯, আমাদের দলের যদি ৫জন ত্যাগ করেন তাহলে আমাদের অবস্থা হয় ১৪, তাদের ১৬, কাজেই তারা পাশ করে নিতে পারতেন। আমাদের সদস্যের সংখ্যা ২১, তাদের সদস্যের সংখ্যা ১১, আমাদের ৫ জন গেলে সদস্যের সংখ্যা থাকে ১৬, তাদের Position হয় ১৬। Speaker এর সাহায্য ছাড়া, Casting vote ছাড়া আমরা আমাদের অস্তিত্ব বজায় রাখতে পারিনা, মন্ত্রীসভা বজায় থাকেনা। এই অপপ্রচারের ফলে কলিকাতা থেকে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন, দিল্লী থেকে আমাদের Home Minister শ্রীনন্দ, কংগ্রেসের General Secretary শ্রীসাদিক আলী, কংগ্রেসের নেতা শ্রীঅতুল্য ঘোষ প্রভৃতি বারবার Telephoneএ আমাদের মুখ্যমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করেছেন যে একথাটি কি সত্য যে কংগ্রেস দলের সদস্যরা দল ছাড়া হয়েছে এবং Communist Partyর পক্ষে ভোট দিবেন। অপপ্রচারের মহিমা এতদূর।

কাজেই আমার নিজের বিবৃতির পরেও যখন এই অপপ্রচার বন্ধ হলনা এবং এখনও যখন এই অপপ্রচার চলেছে যে Communist Partyর সদস্যরা ধৃত না হলে আমাদের অবস্থা কি হত, মন্ত্রী মণ্ডলী টিকত কিনা তা সন্দেহের বিষয়। এখন এই অপপ্রচার চলছে। আমার দলের প্রতি সদস্যের সঙ্গে আলোচনা করে দেখলাম যে আমাদের দলের প্রতিটি সদস্যের আমাদের মুখ্যমন্ত্রীর প্রতি আনুগত্য ঠিক আছে। এই জন্যই আমি এই প্রস্তাব উত্থাপন করেছি। আমাদের মুখ্যমন্ত্রী শ্রীশচীন্দ্র লাল সিংহ দীর্ঘদিন নিজের সাধনার বলে, নিজের কাজের মাধ্যমে এবং স্বাধীনতা সংগ্রামের সৈনিক হিসাবে নিজের প্রতিষ্ঠা তিনি লাভ করেছেন। স্বাধীনতা প্রাপ্তির পুর্ব্বেও কংগ্রেসের সেবা করেছেন, দেশের সেবা করেছেন, জনাধারণের সেবা করেছেন। স্বাধীনতা লাভের পরেও তিনি সব সময়েই জনসাধারণের কাজ করেছেন। ১৯৫২, ১৯৫৭, ১৯৬২ এই তিনটি Election তিনি দলের নেতা হিসাবে পরিচালনা করেছেন। আমরা যদি এই নির্বাচনের ফলাফল বিশ্লেষণ করি তাহলে তাঁর নেতৃত্বের বলিষ্ঠতা আমরা দেখতে পাই। ১৯৫২ সালের নির্বাচনে ত্রিপুরাতে কমিউনিষ্ট পার্টি জয়লাভ করে এবং কংগ্রেস দলকে প্রায় পর্য্যুদস্ত করেছে বললেও অত্যুক্তি হয় না। লোক সভার দুইটী আসন তারা দখল করে এবং Electoral College এর প্রায় ২০টী ২১টী আসন তাঁরা লাভ করে ৩০টি আসনের মধ্যে। ৫ বৎসরের নেতৃত্বে এবং কার্য্যের ফলে ৫৭ Election এ আমরা লোকসভার ১টি আসন এবং আইনের অসঙ্গতি জন্য না হলে লোকসভার দুইটি আসনই আমরা লাভ করতে পারতাম বলতে পারি এবং Territorial Council এর ১৫টি আসন আমরা লাভ করি। ৬২ সালের Election এ T.T.Cএর ১৭টী আমরা লাভ করি। বিধান সভা প্রতিষ্ঠিত হওয়ার পর আরও দুইজন সদস্য আমাদের সঙ্গে যোগ দেন। এখানে একটি প্রশ্ন উঠতে পারে, এই যে দলত্যাগের কথাটা যে কথাটায় আমার এত আপত্তি, দলত্যাগ এমন কোন দোষনীয় কিছু নয়, অনেক সময় অনেকেই দলত্যাগ করে থাকেন ভারত বখ্যাত নেতারা ও দলত্যাগ করেছেন। আচার্য্য কৃপালনী, ডা: প্রফুল্ল চন্দ্র ঘোষ এরাও দলত্যাগ করেছেন। বলিষ্ঠ মত যাদের থাকে, নিজস্ব চিন্তাধারা যাদের থাকে, দলত্যাগ করবার এবং মত পরিবর্ত্তন করবার হিম্মৎ তাদেরই হয়। সুচেতা কৃপালনী আগে কমিউনিষ্ট ছিলেন। কংগ্রেস দল ত্যাগ করেছেন। আবার তিনি কংগ্রেসে এসেছেন এবং বর্ত্তমানে তিনি উত্তর প্রদেশের মুখ্য মন্ত্রী। কাজেই দলত্যাগ এমন কোন অপরাধের কিছু নয়। মত যার থাকে মত পরিবর্ত্তনের স্বাধীনতাও তার থাকে। কিন্তু দলের মধ্যে থেকে যদি কেউ দলের বিরুদ্ধে কোন আচরণ করেন, দলত্যাগের Notice না দিয়ে দলত্যাগের কথা না জানিয়ে যদি কোন লোক দলের প্রতি বিশ্বাস ঘাতকতা করেন তাহলে সেই বিশ্বাসঘাতকতা মীরজাফরদের বিশ্বাসঘাতকতার চেয়েও হীন এবং এই বিশ্বাসঘাতকতা দেশ এবং জাতিকে বিপন্ন করে, দেশের স্বাধীনতাকে বিপন্ন করে। সুখের বিষয় এখন পর্য্যন্ত আমি আমার দলের মধ্য থেকে দলত্যাগের কোন সংবাদ পাইনি বা কোন কিছু পাইনি। কাজেই আমি এখন পর্য্যন্ত বলছি যে আমার দলের যারা সদস্য তাঁদের প্রত্যেকেরই সম্পূর্ণ আস্থা আমাদের মুখ্যমন্ত্রীর প্রতি আছে। আমার দলের অন্যান্য সদস্যদের কাছে আমি আবেদন করব, House এর কাছে আমি আবেদন করব তারা আমার এই প্রস্তাবে পূর্ণ সমর্থন করে গ্রহণ করবেন। সর্বশেষে

আমি একটা কথা বলব, এই সাধারণ ঘটনাকে পল্লবিত করে যে ঘটনা ঘটেছে এবং যারা নিহত হয়েছেন তাদের আত্মার আমি সদ্গতি কামনা করি, তাদের পরিবারবর্গের প্রতি আমি সমবেদনা জ্ঞাপন করি এবং আমার দলের যে নেতা তার প্রতি পূর্ণ আস্থা আমি জ্ঞাপন করছি।

Mr. Speaker :— Any other member.

Shri Promod Ranjan Das Gupta :— মাননীয় Speaker মহোদয় আজকে আমাদের মুখ্যমন্ত্রীর উপর আস্থা জ্ঞাপক যে প্রস্তাবটি এসেছে সেটিকে আমি সর্ব্বান্তঃকরণে সমর্থন করি। কারণ এই ২৮ এবং ২৯ তারিখের নেতৃত্ব তিনি যে ভাবে দিয়েছেন, সত্যি গণতন্ত্রের প্রতি যদি অবিচল বিশ্বাস না থাকে, যদি সহিষ্ণুতা না থাকে তাহলে এমন নেতৃত্ব কোন নেতাই দিতে পারে না। সেই জন্য তাঁর উপর আমার আস্থা আরো দৃঢ়তর হয়েছে। কারণ যে গণতান্ত্রিক সমাজবাদকে প্রতিষ্ঠিত আমরা কংগ্রেসের নেতৃত্বে করতে চাই তার জন্য এমনই নেতৃত্বের দরকার, যে নেতা তার ভালবাসা, প্রেমের মারফতে সবকে জয় করতে যান তার জন্য এবং সমস্ত বিপদের ঝুঁকি নিতেও দ্বিধাবোধ করেন না। আজকে একটা জিনিস পরিষ্কারভাবে বের হয়ে এসেছে যে, আমাদের যে বেদনাদায়ক ঘটনা ঘটে গেল তার মধ্যে একটা জিনিস সত্যি বেরিয়ে এসেছে যে তিনি ছাত্রদের কত ভালবাসেন এবং ছাত্রদের তিনি যে প্রতিশ্রুতি দিয়েছেন সে প্রতিশ্রুতি তিনি রক্ষা করেছেন এবং এই House এর মধ্যেই বিরোধী নেতা যে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, যদি জুডিশিয়াল এনকোয়েরীর প্রতিশ্রুতি দেওয়া হয়, তাহলে তারা যে চেষ্টা করবে শান্তি বজায় রাখতে। তারা সে প্রতিশ্রুতি ভঙ্গ করেছেন। এই নেতৃবৃন্দ প্রতিশ্রুতি ভঙ্গ তো করছেনই তার উপর সেই বিরোধী দলেরনেতারা এবং পার্লামেণ্টের সদস্যদ্বয় এবং অন্যান্য নেতারা এইভাবে ছাত্রদের Provocation করেছেন কতিপয় ছাত্রদের। কারণ আমার ছাত্রদের উপর বিশ্বাস আছে যে ছাত্ররা ন্যায় ও নিষ্ঠাবান কিন্তু এদেরে misguided করেছে তারাই যারা বলে যে তারা গণতন্ত্রে বিশ্বাস করে, যারা বলে যে তারা মানুষের ব্যক্তি স্বাধীনতা চায়। আজকে ঐ দুই দিনের ঘটনায় এইটুকু প্রমাণ হয়েছে যে কতিপয় ছাত্র এবং জনতাকে কি ভাবে তারা misguide করেছিল। কিন্তু আমার বিশ্বাস আছে যে আজকে যে প্রতিশ্রুতি রক্ষা করতে গিয়ে যে লাঞ্ছনা তিনি নিয়েছেন সেই লাঞ্ছনায় আজকে ছাত্রেরদল এবং জনতার মধ্যে সেই জ্ঞান হবে যে দুষ্কৃতকারী যারা তাদেরে provocation দিয়েছিল তারা তাদেরে চিনতে পারবে এবং শান্তিপূর্ণ, উত্তেজনাহীন পরিবেশে এই সত্যটি ছাত্রদের কাছে পরিষ্কার হয়ে আসবে যে তারা ভুল করেছে এবং আমার বিশ্বাস তাদের এই ভুলের জন্য তারা নিশ্চয়ই অনুতপ্ত হবে। তবে অনুতপ্ত হবে না তারা, যারা একটা রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে করেছে। কারণ একটা জিনিস সেই দিন বিরোধী দলের নেতার বক্তৃতার মধ্যে বেরিয়ে এসেছে যে Parliamentary Democracyতে তাদের বিশ্বাস নেই। যদিও তারা মুখে বলে Parliamentary democracyতে বিশ্বাস আছে। কিন্তু Perliamentary Democracyতে বিশ্বাস নেই। তারা মাওসেতুঙের সেই কথা, যে Political Powers come out of the barrel of guns. মানে বন্দুকের মুখ দিয়ে ক্ষমতা আসে। সেটাকে তারা

বিশ্বাস করে। আমাদের বিরোধী দলের মাননীয় নেতার provocative বক্তৃতার মাধ্যমে এই সত্য জিনিষটাই বেরিয়ে এসেছে। আজকে আমাদের এই জিনিষটা দেখতে হবে যে, যে সংবিধানের নামে তারা শপথ নিয়েছিল সেই সংবিধানকে যে কোন মুহূর্তে তারা ত্যাগ করতে পারে। আজকে আমাদের নেতার নেতৃত্বে সেই সংবিধানকে রক্ষা করার জন্য আমরা দৃঢ় প্রতিজ্ঞ এবং সেইজন্য আমাদের নেতার প্রতি পূর্ণ আস্থা জ্ঞাপন করছি। কংগ্রেস সম্বন্ধে তারা কি ধারণা পোষণ করে সে সম্বন্ধে আমি কয়েকটি উদাহরণ তাদেরই (Right Communist) একটি পত্রিকা "New Age" থেকে উদ্ধৃত করবো। 7th November 1965 সালের একটি আর্টিকেলের Caption হচ্ছে "Strange Attitude of Marxist (Leftist) " Messiah.

Marxist (left) C.P.I.'S stand is that the congress Govt. is their main Enemy. Any enemy of this enemy is its Friends hence-alliance with Muslim League, Jana Sangha Swatantra etc. Similarly any Friend of this enemy is their enemy. Hence since the Soviet Govt. adopts a friendly attitude to the Govt. of India it becomes the enemy of the C. P. I. অতএব চিন্তা করুন যে তাদের চিন্তার মধ্যে কি রকম যে সোভিয়েট গভর্ণমেন্ট ভারতবর্ষকে সাহায্য করছে তাও তারা স্বচক্ষে দেখছেনা। কারণ তারা চায় যে ভারতের ভিতরে একটা বিশৃঙ্খলা হউক, ভারতের ভিতরে আভ্যন্তরীণ বিশৃঙ্খলা হলে তাদের revolution করার সুবিধে হয়, কারণ তাদের ধারণা যে দুঃখ দারিদ্রের মধ্য দিয়েই তারা Communism কে প্রতিষ্ঠিত করতে পারে, দুঃখ দারিদ্র্য যদি না থাকে তা হলে Communismএর programme এগিয়ে যেতে পারেনা। তারপর আমরা দেখেছি যে 20th November, 1965এ সেই "New Age" এর একটি Captionএ "Neutrality of Marxists (Leftist) Excel" সেখানে বলছে গুরুমুখ সিং ! সে হচ্ছে leftist Communist Partyর Central Committeeর member এবং একজন নেতা, তার একটা article জন শক্তিতে বের হয়েছিল। 'New Age" তার উপর মন্তব্য করেছে This article criticised the present Soviet Leadership for giving aid to India and for boasting Nehru who was criticised as enemy of Indian Socialism.

It is strange but true that the nasakti editorial has a dislike for Soviet aid in India similar to Masani and the Chinese Dogmatist.

অতএব এই Communist partyর যে দৃষ্টি ভঙ্গি সেই দৃষ্টি ভঙ্গিটা হচ্ছে কংগ্রেসের বিরোধী এবং নেহেরু যে সমাজতন্ত্রে যায়না, সেও নেহেরুকে তারা সমাজতন্ত্রের শক্তি হিসাবে স্বীকৃতি দিয়েছে। কিন্তু আমি এখানে ১৯৩০ সালের নেহেরুর একটা উক্তি দিয়ে প্রমাণ করছি যে নেহেরু সমাজতন্ত্রকে বিশ্বাস করে কিনা ? ১৯৩০ সালে নেহেরু বলেছিলেন যে Socialism is the only key to the solution of the world's problem and of Indian's problem

there being no way of ending poverty, the vast unemployment, the degradation and subjection of Indian people except through Socialism. ১৯৩০ সালে সমাজতন্ত্রে যার এতখানি আস্থা, সেই নেহেরুকে তারা আজকে enemy of Socialism হিসাবে উল্লেখ করেছে। আজকে বিরোধী দলের তারা কি বলছে? তারা চীনের মাউ-এর যে নীতি, মাউ-র নীতির উপর বিশ্বাসী। তারা একথা একবার বলেনি, বারবার বলেছে। General congress-এ তারা অনেক কিছুই বলেছে, কিন্তু Socialism এর কোন উল্লেখ নাই। মা-ও এর-যে পথ সেই পথকে আমরা বিশ্বাস করি। সেই পথ কি? সেই পথে leftist Communism হচ্ছে absolutely law of violent revolution অর্থাৎ সশস্ত্র বিপ্লবে তারা বিশ্বাসী। অতএব এই বিধান সভায় তাদের মুখে যদি গণতন্ত্রের কথা বলতে শুনা যায়, বিধান সভায় যদি তাদের মুখে এ সব কথা শুনা যায়, তাহলে সেটা mockery ছাড়া আর কিছু নয়। এরা বিশ্বাস করে না বিপ্লবকে সহিংস বিপ্লব ছাড়া। আজকে পৃথিবীর এই আন্তর্জাতিক অবস্থায় শান্তিপূর্ণ উপায়ে যে সমাজতন্ত্রকে গণতান্ত্রিক সমাজতন্ত্রে উত্তরণ করা যায় যেটা রাশিয়াও মেনে নিয়েছে, সেটা Indian Communist party বিশ্বাস করেনা। কারণ Chinise Communist party সেটাকে বিশ্বাস করে না। Chinise Communist party বিশ্বাস করে Absolutely law of violent revolution. মাননীয় Speaker মহোদয় এদের থেকে যেন আমরা সাবধান হই। একটা অতীতের কথা আমার মনে পড়ছে। সেই কথা হচ্ছে তাদের দৃষ্টিভঙ্গিটা ঠিক ভারতের স্বাধীনতা, ভারতের বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে কি-না আজকে ঐদিনকার ঘটনায় এসব প্রশ্ন উঠেছে। আমাদের এসব প্রশ্ন যাচাই করে দেখতে হবে। কারণ আমরা জানি যে আগষ্ট মাসের ১৯৩৯ সালে যখন জার্মানের সাথে রাশিয়ার non aggressio1 pact হল তখন ভারতের মধ্যে এই Communist party-র slogan ছিল যে, যে যুদ্ধ আরম্ভ হয়েছে সেই যুদ্ধ হল British Imperiliasm এর বিরুদ্ধে যুদ্ধ এবং সেই যুদ্ধই আবার যখন ১৯৪১ সালের শেষ ভাগে হিটলার যখন রাশিয়াকে আক্রমণ করল, রাতারাতি সেই যুদ্ধ সাম্রাজ্যবাদ যুদ্ধ থেকে পরিবর্তিত হয়ে জনযুদ্ধে রূপান্তরিত হল। ভারতের স্বাধীনতা সংগ্রাম চলেছে তখন। ভারতের বাস্তব অবস্থা, ভারতের জনতার আশা আকাঙ্খা তার দিকে লক্ষ্য না রেখে ভারতের তৎকালীন কমিউনিষ্ট পার্টি সেই সাম্রাজ্যবাদ যুদ্ধকে, আমি তখন হিজলি জেলে ছিলাম তখন রাত্র ১২টার সময় সেই যুদ্ধ রূপান্তরিত হল জনযুদ্ধে, পরদিন তারা জেল থেকে বেরিয়ে যা করেছে তৎকালীন যারা ছিলেন তারা জানেন। আজকেও দেখতে হবে এই Communist party র যে দৃষ্টিভঙ্গি আমরা মনে করেছিলাম এবং আমি তখন Communist partyতে গিয়েছিলাম, তখন মনে করেছিলাম যে তারা Communist international যে forum সেই forumকে desolution করে দিয়েছে। তখন তারা বলেছিল প্রত্যেকটি দেশের বাস্তব অবস্থার উপর নির্ভর করে তাদের সমাজতন্ত্র Communism কে গড়ে তুলবে। কিন্তু আজকে সেটা চিন্তার বিষয় হয়েছে। কারণ সেই Communist forum, international forum desolve করা সত্বেও আজকে দেখছি চীন এবং রাশিয়া যখন দুভাগ হয়ে

গেল তখন তার সাথে সাথে ভারতের কমিউনিষ্ট পার্টিও দুটি Campএ চলে গেল এবং তার পেছনে তারা ডাঙ্গেকে করল State Group, ১৯২৪ সালে ডাঙ্গে কি spying করে কি report করেছিল, কি convention দিয়েছিল, ১৯৬২ সালে ৪০ বৎসর তার সাথে একত্রে কাজ করার পর তারা সিদ্ধান্ত করে ফেলল যে ডাঙ্গে spy, তার সাথে থাকা চলে না, কিন্তু সত্যি তা নয়। তা হচ্ছে একটা ভাওতা, আসল কথাটা ছিল যে কিভাবে Communist Party থেকে বেরিয়ে এসে পাল্টা Communist Party করা যায় অর্থাৎ চীনের আদর্শের ভিত্তিতে। আজকে সেই প্রশ্নটা কেন আমি এনেছি, যে চীনের নীতি, চীনের দৃষ্টিভঙ্গি, সেই দৃষ্টিভঙ্গির উপর বিচার করে ভারতের উপর দিয়ে যে attitude হবে, সেই attitude এর উপর বিচার করে ভারতের Communist Partyর attitude হবে। কারণ আমরা সেই জিনিষটা লক্ষ্য করছি, যে জিনিষটা আমি পরে বলেছিলাম। আজকে এই জিনিসটা আমার কাছে পরিস্কার হচ্ছে পাকিস্তানের ব্যাপার নিয়ে। ভারতের প্রতি পাকিস্তান কি আচরণ করছে এবং ভারতের উপর পাকিস্তান যে হামলা করলো সেটা কম্যুনিষ্ট পার্টির দৃষ্টিতে খারাপ বলে মনে হবে না। আমাদের বিরোধী দলের নেতা যে দলভূক্ত তার দৃষ্টিভঙ্গী তা নয়। তার দৃষ্টিভঙ্গী হবে চীন ভারত সম্বন্ধে কি বলছে এবং পাকিস্তানের সংগে কি করেছে তার উপর নির্ভর করে কম্যুনিষ্ট পার্টির প্রগ্রাম হবে এবং সেই প্রগ্রাম হবে বলেই তারা সব সময়ে বলে আসছে, নাম্বুদ্রিপাদ বলেছিলেন যে আকস'ই চীনকে দিয়ে এটাকে মীমাংসা কর। অর্থাৎ চীন যদি ভারতবর্ষ আক্রমণ করে তাহলে তার কি ষ্টেপ নেবে, দেশপ্রেমিক হিসাবে কোন বক্তব্য তারা আজও রাখেন নি। যখনই তাদের কোন সাংবাদিক প্রশ্ন করেন তখনি তারা ইভাসিভ রিপ্লাই দেন। কিন্তু তার সাথে তারা ভারতকে অনুরোধ করে যে যেন তেন প্রকারেন চীনের সাথে একটা মীমাংসা করে ফেল, এটা ভারতের উচিত। কিন্তু তারা কখনও বলবেন না যে চীন তুমি ভারতের সাথে একটা মীমাংসা করে ফেল। আমেরিকা যখন পাকিস্তানকে জেট বিমান দেবে তখন তারা তার প্রতিবাদ করবে। কিন্তু চীন যখন পাকিস্তানকে অস্ত্র সাহায্য দেবে তখন কোন পত্র পত্রিকায় দেখেছেন কি যে, চীন যখন পাকিস্তানকে বিমান দিয়ে, ট্যাঙ্ক দিয়ে সাহায্য করছে তখন তার কোন প্রতিবাদ তারা করেছে? তারা তা করেনি। আবদুল্লা এবং কাশ্মীরের ব্যাপারে চীনের যে দৃষ্টিভঙ্গী সেটা ডি, আই, রুল বাঁচিয়ে আজকে তেনালীতে প্রস্তাব নেওয়া হচ্ছে যে তোমরা আবদুল্লার হাতে কাশ্মীরটা ছেড়ে দাও এবং আবদুল্লার নেতৃত্বে সরকার কর। অর্থাৎ কাশ্মীরটা ছেড়ে দাও। অর্থাৎ চীনকে আসতে দাও। অর্থাৎ তাদের প্রত্যেকটি কাজ এই দিকে ঝুঁকে করা হয়। আমি আজ এই কথাটা বলছি যে এইদিন যে উশৃঙ্খলতা, যে প্রভোকেশন তিনি দেন তার উদ্দেশ্য হচ্ছে তারা আভ্যন্তরীণ বিশৃঙ্খলা সৃষ্টি করে আমাদের সীমান্তে দুর্ব্বলতা সৃষ্টি করতে চায়। তাই যে নীতি তারা গ্রহণ করেছে সেই নীতিকে আমাদের ফাইট করতে হবে। সেই নীতিকে আমাদের রুখতে হবে। নেহরুজী যে পীসফুল কো একজিষ্টেনস এবং নন এলায়েনস এবং ডেমোক্রেটিক সোশ্যালিজমএর যে আদর্শ দাঁড় করিয়েছেন এবং যে তৃতীয় শিবির দাঁড় করিয়ে গিয়েছেন তিনি, তাকে নস্যাৎ করার জন্য আজকে ভারতের কম্যুনিষ্ট পার্টি উঠে পড়ে লেগেছে। কারণ এই যে ডেমোক্রেটিক

সোশ্যালিজম এবং শান্তিপূর্ণ উপায়ে সমাজতন্ত্র রচনা সেটা বাস্তবে ধীরে ধীরে এগিয়ে যাচ্ছে। সেটা যাতে এগিয়ে না যেতে পারে, ভারতের যে আদর্শ রয়ে গেছে, সেই আদর্শ যাতে নষ্ট হয়ে যায়, পৃথিবীর মধ্যে নেহরুর এই যে প্রিচিং, এই প্রিচিং যাতে ধূলিসাৎ হয়ে যায়, তারজন্য আপ্রাণ চেষ্টা করছে তারা। তাই আমাদের আজকে সাবধান হতে হবে। তাদের প্রত্যেকটি কাজ মাওএর নীতি, মাওএর পথ, মাওয়ের প্রগ্রামের উপর দৃষ্টি নিয়ে তাদের বিচার করতে হবে। তাই আজকে আমাদের যে নেতা, তার নেতৃত্বের উপর আস্থা রেখে আমরা শুধু এইটুকু বলব যে, যে আদর্শকে আমরা গ্রহণ করেছি সেই আদর্শকে আমরা এগিয়ে নিয়ে যাব। তারজন্য যে সহিষ্ণুতার পরিচয় তিনি দিয়ে গেছেন, তার জন্য যে গণতন্ত্রের পরিচয় তিনি দিয়ে গেছেন, আমি আশা করি তার নেতৃত্বে ত্রিপুরা সেই পথে এগিয়ে যাবে। আর আমি ঘৃণা করি বিরোধী দলের নেতা বক্তৃতার মাধ্যমে আমাদের কোমলমতি ছাত্রদের যেভাবে বিপথগামী করতে চেয়েছিলেন সেই প্রচেষ্টাকে। সেই ছাত্ররাই একদিন তার জবাব দেবে যেভাবে জবাব দিয়েছে ইন্দোনেশিয়ায় আইদিতকে।

Mr. Speaker :—Is there any other member ?

শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য্য ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় সদস্য শ্রীসুনীল দত্ত মহাশয় যে মোশন অব্ কনফিডেন্সটা এনেছেন সেটাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। এই জাতীয় মোশন অব কনফিডেনস যে কারণে তিনি এনেছেন সেই কারণটা তিনি তাঁর বক্তৃতায় বিশেষভাবে বিবৃত করেছেন। কিছুদিন আগে নো কনফিডেনস একটা মোশন আনার কথা পত্র পত্রিকায় দেখেছি এবং বাজারেও এই সম্বন্ধে খুব গরম আলোচনা শোনা গিয়েছে। বিশেষ করে আমাদেব মাননীয় সুনীল দত্ত মহাশয় আলোচনা করেছেন যে কলিকাতার দু'একটি সংবাদপত্রে এই সম্বন্ধে বেশ ফলাও করে প্রচার করা হয়েছে, এমন কি সম্পাদকীয় প্রবন্ধেও এর বিশেষ আলোচনা করা হয়েছে। কয়েকটি পত্র পত্রিকায় একেবারে ক্যালকুলেশন করে দেখিয়ে দেওয়া হয়েছে যে এবার আর রক্ষা নাই। এমনভাবে ক্যালকুলেশন করেছে যে মাননীয় স্পীকার মহোদয়ের কাষ্টিং ভোট পেলে হয়তবা রক্ষা পেতে পারে। তা না হলে পরে এবার আর রক্ষা নাই। ক্যালকুলেশনের ক্ষমতা তাদের এত সুন্দর আর অংক শাস্ত্রে ব্যুৎপত্তি এত প্রখর যে হাউসে কতজন মেম্বার আছেন সেটাই তারা ঠিকমত বুঝতে পারেন নি। আমার মনে হল যে তারা অংক শাস্ত্রের ফরমুলার উপরেই একটা অ্যালজেবরার ফরমূলা লাগিয়ে যাব বিরুদ্ধে নাকি নো কনফিডেনস মোশন আসবে, মাননীয় মুখ্যমন্ত্রী, তাঁকেও যদি নো কনফিডেনস মোশনের সমর্থক হিসাবে ধরে নিতে পারতেন তাহলে পরে আরও সুন্দর অ্যালজেবরার পদ্ধতি দেখানো যেত। যাই হোক জানিনা কোন সংবাদদাতার উপর ভিত্তি করে তারা এই জাতীয় ক্যালকুলেশন করলেন। ক্যালকুলেশানটা হয়ত এখান থেকে গিয়েছে, কোন বুদ্ধিমান ব্যক্তির মস্তিস্ক থেকে হয়ত বেরিয়েছে। তারা সেই ক্যালকুলেশনের উপর ভিত্তি করে একটা সম্পাদকীয় রচনা করেছেন। যাই হউক, এই জাতীয় ভিত্তির উপর বা এই জাতীয় ইনফরমেশনের উপর ভিত্তি করে সম্পাদকীয় প্রবন্ধ লেখা বা এই জাতীয় ফলাও করে

কলিকাতার বিশিষ্ট পত্রিকার পক্ষে লেখা সংগত হয়েছে কিনা বা এই জাতীয় সাংবাদিকতাকে সুষ্ঠু সাংবাদিকতা বলা যায় কিনা এই চিন্তাটা আমি সাংবাদিকদের করতে বলব, আমি এই বিষয়ে কিছু বলব না। এখন আরেকটা কথা হল যে আশ্চর্যের বিষয়, যে যারা নো কনফিডেন্স মোশান আনবেন, তারা ছিলেন কম্যুনিষ্ট পার্টি। কিন্তু আশ্চর্যের বিষয় কম্যুনিষ্ট পার্টির কোন মুখপাত্র বা তাদের কোন পত্র পত্রিকায় এমন সূক্ষ্ম ক্যালকুলেশান বের হয়নি। তারাও এটা আশা করেন নি যে নো কনফিডেন্স মোশানে তারা জিতে যাবেন। কারণ তারা জানেন যে নো কনফিডেন্স মোশান তারা আনতে পারেন এবং আনার প্রথা রয়েছে, প্রত্যেক এ্যাসেমব্লীতে বা পার্লামেণ্টই আসে, কিন্তু এর পরিণতি কি হবে বিশেষ করে ত্রিপুরায়, এটা কম্যুনিষ্ট দল, আমাদের বিধানসভার কম্যুনিষ্ট দল তারা ভাল করে জানেন। তাই তাঁরা এত সূক্ষ্ম বিচারের মধ্যে যাননি। নো কনফিডেন্স মোশান তারা আনবেন এইটুকুই তারা জানেন। কারণ তাঁরা জানেন যে এর পরিণতি পূর্বে যেমন হয়েছে, এইবারেও তেমনি হবে, এটা নূতন নয়। আঞ্চলিক পরিষদেও আমরা দেখেছি ইলেকশানের পূর্বে তাঁরা নো কনফিডেন্স মোশান এনেছিলেন। তা নিয়ে তৎকালীন এ্যাডমিনিষ্ট্রেটার এর সভাপতিত্বে সেখানে সভা হয়েছিল আঞ্চলিক পরিষদ ভবনে এবং তার পরিণতি কি হয়েছিল সেটাও ত্রিপুরার জনসাধারণ জানে। আর আজকে যদি নো কনফিডেন্স মোশান তাঁরা আনতেন, তাহলে তার কি পরিণতি হত সেটাও বিরোধী দল, কম্যুনিষ্ট পার্টি জানেন। তাহলে এই জাতীয় যে একেবারে নির্ভুল ক্যালকুলেশান সেটা কোথা থেকে পেল, কম্যুনিষ্ট পার্টি থেকে নিশ্চয়ই যায়নি। এমন কোন একটা কোয়ার্টার রয়েছে, এমন কোন ব্যক্তি, ব্যক্তি বিশেষ বা ব্যক্তি সমষ্টি রয়েছে যাদের মাধ্যমে এই অপপ্রচার এবং এই সমস্ত ক্যালকুলেশান হচ্ছিল। যাই হউক, তারা এই ক্যালকুলেশান কোন শক্তির উপর ভিত্তি করে করেছেন জানিনা, তবে যারা এই ক্যালকুলেশান করেছেন তারা যদি কোন রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে করে থাকেন, তারা নিজেরাই হয়ত জানেন না যে তাদের পায়ের তলায়ও মাটি নেই। সুতরাং তাদের এটা জেনে রাখা দরকার যে যাদের পায়ের তলায় মাটি নেই, তাদের পক্ষে এই সূক্ষ্ম ক্যালকুলেশন করা বা এই ধরণের অপপ্রচার করা উচিত নয়। আরেকটা প্রশ্ন উঠতে পারে যে সংখ্যাগরিষ্ঠ দল মোশান অব কনফিডেন্স আনলেন কেন, তারা কি নো কনফিডেন্স মোশান ফেস করতে ভয় পান? মোটেই নয়। কারণ বিরোধী দল নো কনফিডেন্স মোশান প্রথম দিনের অধিবেশন পর্যন্ত আনেন নি, তারপর তাদের কয়েকজন সদস্যকে আটক করা হয়েছে, কিন্তু তাদের একথা বলা হয়েছে, আমাদের মুখ্যমন্ত্রী তাদের এই আশ্বাস দিয়েছেন যে তোমরা যদি নো কনফিডেন্স মোশান আনতে চাও আনতে পার, তোমাদের সম্পূর্ণ সুযোগ দেওয়া হবে, নো কনফিডেন্স মোশান সই করার সুযোগ দেওয়া হবে এবং যে অধিবেশনে আনা হবে সেই অধিবেশনে পার্টিসিপেট করার সম্পূর্ণ সুযোগ দেওয়া হবে। সুতরাং আমাদের মুখ্যমন্ত্রী বা সংখ্যা গরিষ্ঠ দল নো কনফিডেন্স মোশানকে ভয় করেন না, নো কনফিডেন্স মোশান ফেস করার যথেষ্ট ক্ষমতা তাদের রয়েছে, সংঘবদ্ধতা রয়েছে, একতা রয়েছে এবং পার্টি লীডারের উপর আমাদের বিশ্বাস অটুট রয়েছে। যাই হউক জনসাধারণের মনে যাতে কোনরকম সন্দেহের উদ্ভব না হয়, বিশেষ করে এই জাতীয় অপপ্রচার বন্ধ করার জন্যই আজকে এই কনফিডেন্স মোশান এনেছেন আমাদের চীফ হুইপ এবং সেই সম্পর্কে তিনি বলেছেন এবং আশা করি আমাদের হাউস আজকে সেটা সমর্থন

করবেন এবং তার পরিণতিও ত্রিপুরার জনসাধারণ দেখবেন। আর যদি বিরোধী দলের সদস্যরা ইচ্ছা করেন নো কনফিডেন্স মোশান আনতে, সেটাও তারা আনতে পারেন, সেটা ফেস করার ক্ষমতা আমাদের রয়েছে আমরা সাদরে আহ্বান জানাব যে আসুক। নো কনফিডেন্স মোশান যদি তারা আনতে চান, তারা আনতে পারেন। তার কি পরিণতি হয় সেটাও জনসাধারণ দেখতে পারবেন। কিন্তু তারা নো কনফিডেন্স মোশান আনবেন কিনা এই বিষয়ে আমার সন্দেহ রয়েছে। কারণ তারা হয়ত বা একটু আশা করেছিলেন যে কিছু সংখ্যক সংখ্যাগরিষ্ঠ দলের সদস্য হয়ত তারা পেতে পারেন. সেটা এই মধ্যবর্তী যে একটা সংস্থা রয়েছে, যাদের এই অপপ্রচার, তাদের কাছ থেকে হয়ত আশ্বাস পেতে পারেন যে দুই-চারজন কংগ্রেস সদস্যের ভোট বা অনুপস্থিতির সুযোগে তারা কিছুটা হয়ত এগুতে পারেন। সেই আশ্বাস হয়ত তারা পেয়েছিলেন কারও কাছ থেকে। কিন্তু যখন প্রথম দিনের সভায় বিশেষ চেষ্টা করা সত্বেও দেখলেন যে প্রায় সমস্ত কংগ্রেস সদস্য উপস্থিত হয়ে গেছেন। তারা বহু বাধা দেওয়ার চেষ্টা করলেন যাতে কংগ্রেস সদস্য ঢুকতে না পারেন, ছেলেদের প্ররোচিত করে গেট আটক রেখেছেন, তারা নিজেরা ঢুকে গেছেন কিন্তু কংগ্রেস সদস্যকে ঢুকতে দিচ্ছেন না। মনে করেছিলেন যে আজকে একটা কিছু গোলমাল পাকিয়ে দেব। কিন্তু তা সত্বেও সমস্ত বাধা বিপত্তি উপেক্ষা করে, সমস্ত বিপদ আপদকে উপেক্ষা করে কংগ্রেস সদস্যরা সকলেই প্রায় এই সভায় উপস্থিত হলেন। এটা যখন তারা দেখলেন, তখন তারা বুঝলেন যে যদিও কোন কোয়ার্টার থেকে, কোন সংস্থা থেকে কোন আশ্বাস পেয়ে থাকেন সেই আশ্বাস ভুল, সেই আশাটা যে একেবারে নিরাশায় পর্যাবসিত হবে সেটা তারা বুঝতে পারলেন এবং সেই ভেবে তারা যদি নো কনফিডেন্স মোশান না আনেন তাহলে আমাদের কিছু বলবার নেই। কিন্তু সংখ্যা গরিষ্ঠ দল আগেও নো কনফিডেন্স মোশান ফেস করার জন্য প্রস্তুত ছিলেন, এখনও আছেন। এখনও তারা সেটা আনতে পারেন।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের বিধানসভার মর্যাদা সম্বন্ধে বিরোধী দল যে স্বরূপ প্রকাশ করেছেন এবং পরিচয় দিয়েছেন এই সম্পর্কে আমার মাননীয় সদস্যরা আলোচনা করেছেন। আমি বিশেষ আলোচনা করতে চাইনা। তবে তাদের প্ররোচনায় বিধানসভায় যেকাণ্ড ঘটেছে, মুখ্যমন্ত্রীর উপর যে লাঞ্ছনা হয়েছে, এই আঘাতটা আমি মনে রাখতে বলব সকলকে। সে আঘাতটা বিধানসভার উপর নয় বা মাননীয় মুখ্যমন্ত্রীর উপর নয়। সেই আঘাতটা সমস্ত ত্রিপুরার জনগণের উপর এবং গণতন্ত্রের উপর আঘাত। এটা আমি সকলকে মনে রাখতে বলব যে এর প্রতিবাদ, প্রতিকার ত্রিপুরার জনগণ করবে এই বিশ্বাস আমার আছে এবং ত্রিপুরার জনগণের আস্থা তাদের নেতা শ্রীশচীন্দ্র লাল সিংহের উপর আছে, এই বিশ্বাস আমার আছে। তিনি জননেতা, ছোট বেলা থেকেই তিনি জননেতা, আজও তিনি জননেতা। পিপলের সংগে তিনি নিজেকে ছেলেবেলা থেকে মিশিয়ে দিয়েছেন, আজও তিনি পিপলের সংগে মিশে গেছেন। তার নিকট অবাধ গতি সকলের, তার গৃহে সকলের অবাধ গতি। পাহাড়, জংগল, পর্বত সর্বত্র শচীনবাবুকে সকলেই চেনেন সকলেই শচীনবাবুকে স্নেহ করেন, প্রীতি করেন, ভালবাসেন এবং আজকেও তার কোন ব্যতিক্রম ঘটেনি। আজ যে তিনি শুধু এই বিধানসভার আস্থা-ভাজন, আমাদের যে শুধু আস্থা ভাজন তা নয়, ত্রিপুরার সমগ্র জনগণের আবাল-বৃদ্ধবণিতা, সকলেরই আস্থা ভাজন। এই বলেই আমি শেষ করছি।

শ্রীপ্রফুল্ল কুমার দাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে মাননীয় সদস্য শ্রীসুনীল দত্ত মহাশয় লীডার অব দি হাউসের প্রতি আস্থাজ্ঞাপক যে মোশন এনেছেন সেটা যুক্তিসংগত এবং বিভিন্ন ঘটনার বিশ্লেষণ করে সংগত কারণ দেখিয়েছেন এই হাউসে। আমি তার সমর্থনে আমার বক্তব্য রাখছি। আমাদের হাউসে বিভিন্ন বক্তা তাদের বক্তৃতার মাধ্যমে মুখ্যমন্ত্রীর প্রতি আমাদের আস্থা যে প্রশ্নাতীত, সেটা দেখিয়েছেন। তথাপি আজকে বিশেষ এক অবস্থার পরিপ্রেক্ষিতে, যেটা মাননীয় সদস্যরা বলে গেছেন, আমাদের এই মোশন আনতে হয়েছে। সংশ্লিষ্ট ঘটনাগুলির বিশ্লেষণ করলে মুখ্যমন্ত্রীর প্রতি আমাদের যে আস্থা ছিল সেটা আরও দৃঢ় হয়েছে, আরও গভীর হয়েছে, এই কথাটাই আস্থাজ্ঞাপক মোশনের মধ্য দিয়ে বলা দরকার। এটা এইজন্য বলছি যে অপোজিশন থেকে অনাস্থা প্রস্তাব আনার জন্য যেসমস্ত পত্রপত্রিকায় প্রচার এবং গুজব রটনা হয়েছে এবং হাউসে গত ২৯শে তারিখে এবং তার আগের দিন ২৮শে তারিখে শহরে যেসমস্ত ঘটনা ঘটেছে এর পেছনে অপোজিশন পার্টির যে কাজ তাতে আমরা বুঝি যে অনাস্থা প্রস্তাব তারা হয়ত আনত। এই অনাস্থা প্রস্তাবকে পাস করানোর জন্য তারা যে ট্যাক্‌টীস্‌ অবলম্বন করেছিল সেটা অগণতান্ত্রিক এবং মুখ্যমন্ত্রী এই অগণতান্ত্রিক ট্যাক্‌টিস্‌কে ফেস্‌ করতে গিয়ে তাঁর যে ধৈর্য্য তাঁর যে সহিষ্ণুতা, তাঁর যে মানুষের প্রতি বিশ্বাস, গণতন্ত্রের প্রতি তাঁর যে আস্থা তিনি দেখিয়েছেন সেটা আমি মনে করি আমাদের আস্থার যে কারণগুলি ছিল সেই কারণগুলি আরও গভীরভাবে, আরও আন্তরিকভাবে বুঝবার জন্য সাহায্য করেছে। তাঁর ধৈর্য্য, তাঁর আদর্শ এবং তাঁর ভালবাসা দিয়ে এই ঘটনা ফেস করতে গিয়ে তিনি তা দেখিয়েছেন। তথাপি আমরা আরও গভীরভাবে তাঁর গণতন্ত্রের প্রতি যে আস্থা, তাঁর যে সহিষ্ণুতা, তাঁর যে ধৈর্য্য সেটার প্রতি আমরা গভীর আস্থা বুঝতে পেরেছি। সুতরাং আজকে আস্থা জ্ঞাপন করতে গিয়ে আমরা এই কথাটাই বলব যে গণতান্ত্রিক পদ্ধতিতে অনাস্থা প্রস্তাব তারা মুভ করতে পারতো। কিন্তু তারা সেটা না করে যে অগণতান্ত্রিক এবং অনেকটা আমি বলব তারা যে অমানুষিক পদ্ধতি গ্রহণ করেছে, বিভিন্ন ঘটনার পর্যালোচনা করে আমরা যা বুঝতে পেরেছি সেটাও আমরা ভুলব না, আমরা মনে রাখতে বলব এবং শুধু আজকে হাউসে নয়, গণতন্ত্র যে আজকে একটা চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে অপোজিশনের হাতে সেটা আজকে হাউসে যেমন বিপর্যস্ত হয়েছে একদল লোকের হাতে হাউসের বাইরেও তেমনি বিপর্যস্ত হতে পারে। সেজন্যই আমরা স্বীকারের মাধ্যমে জানাতে চাই যে এই ব্যবহার যেন ত্রিপুরার জনতা গণতন্ত্ররক্ষার জন্য ঐক্যবদ্ধভাবে চিন্তা করে এবং চেষ্টা করে। আজকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর প্রতি আমাদের আস্থা জ্ঞাপন করতে গিয়ে বলব যে, যে বিপদে তিনি নিজের আস্থা গণতন্ত্রের প্রতি দেখিয়েছেন এবং এই পথে আমাদেরও নির্দেশ করেছেন তাঁর আদর্শকে অনুসরণ করবার জন্য। আমরা আশা করব গণতন্ত্র রক্ষার জন্য বিপদের মুখে যে পরীক্ষা দিয়েছেন, গণতন্ত্র রক্ষার জন্য, আমাদের জীবনও যেন সেই পরীক্ষায় উত্তীর্ণ হতে পারে। উনার মত সহকর্মীদের আস্থাভাজন হয়ে, জনসাধারণের আস্থাভাজন হয়ে, সেই কামনাই করি এবং তিনি ভবিষ্যতে দীর্ঘজীবন লাভ করুন এই কামনাই করছি। দীর্ঘায়ু লাভ করে তিনি যেন এই গণতন্ত্রের প্রতি চালিত করতে পারেন আমাদিগকে এবং ত্রিপুরাবাসীদিগকে, সেইজন্য আমি ভগবানের কাছে প্রার্থনা করছি এবং উনার কাছেও আবেদন করছি।

Mr. Speaker :—Any other Member ?

শ্রীমনছুর আলী ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের দলের চীফ হুইপ শ্রীসুনীল দত্ত মহাশয় দল নেতার প্রতি আস্থা জ্ঞাপন করার যে প্রস্তাব এনেছেন তা আমি সম্পূর্ণ সমর্থন করি। এই প্রস্তাব আনার কারণ আজকে বিভিন্ন পত্র পত্রিকায় যেভাবে আমাদের কংগ্রেস দলের সম্বন্ধে আমাদের দলীয় কোন্দল আছে মনে করে লেখা হয়েছে তার পরিপ্রেক্ষিতে জনসাধারণ বিভ্রান্ত হতে পারে, তারজন্য এই প্রস্তাব যুক্তিসংগত এবং এই প্রস্তাব আনার দরকার এই সময়ে। আমিও এই প্রস্তাব সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের দলনেতার প্রতি যে আস্থা আছে সেটা আজকে ১০ বৎসর যাবত উনার সহকর্মী হিসাবে দেখেছি যে আমাদের দলের মধ্যে বিভ্রান্তিকর কিছু তিনি করেন নাই। কম্যুনিষ্ট পার্টির যে অনাস্থা প্রস্তাব আনার কথা পত্রপত্রিকায় দেখা গিয়েছে সেই অনাস্থা প্রস্তাব তারা টেরিটরিয়াল কাউন্সিলেও এনেছিল। তখন আমরা ১৫ জন ছিলাম, তারাও ১৫ জন ছিল। সেই সময়ে তারা শিক্ষা পেয়েছে যে আমাদের ১৫ জন থেকে একজন কংগ্রেস সদস্যকেও তারা নিতে পারেন নাই এবং এটা তারা বুঝতে পেরেছে। আজকে তারা দু'একজন সদস্যদের কাছ থেকে আশ্বাস পেয়েছে সেই কথা আমি বিশ্বাস করি না। এটা তাদের বানানো কথা এবং তারা কংগ্রেস দল থেকে ৫ জন পাবে এই যে পত্রপত্রিকায় লিখেছে সেটা আমাদের কংগ্রেস দলের কথা নয়। এটা জনসাধারণকে বিভ্রান্ত করার কথা বলেই আমি মনে করি। তা' তারা না পেরে তারা এমন একটা সুযোগ নিতে চেয়েছিল যাতে এই অনাস্থা প্রস্তাব তারা কায়েম করতে পারে। সেই সুযোগ ২৯শে তারিখে দেখা গিয়েছে। তারা সেদিন সকালে চলে আসে এই হাউসের মধ্যে এবং আসার পরে আমাদের দুচারজন ছিল কিনা আমার জানা নেই। এদের সংঙ্গে তাদের যে দল, দুষ্কৃতকারী ছিল, তাদের দিয়ে আমাদের গেট বন্ধ করে দেন যাতে আমরা কংগ্রেস দলের লোক না আসতে পারি এবং আমাদের সেই সুযোগ না থাকে এবং তারা অনাস্থা প্রস্তাবকে পাস করিয়ে নিতে পারে। এই পরিকল্পনা তারা করেছে বলে আমার মনে হয়। কারণ আমরা যখন আসি সাড়ে দশটার সময়ে তখন আমি এসে দেখি আমাদের কংগ্রেস দলের সদস্য শ্রীউমেশ লাল সিংহ মহাশয়কে। উনি সেখানে দাঁড়িয়ে আছেন। আমিও আসি। সংগে সংগে ছাত্র যারা ছিল, সবাই ছাত্র ছিল এই কথা আমি বলতে পারি না। আমি যা দেখেছি ছাত্র সংখ্যা খুব কমই ছিল সেই দলে। তখন তারা আমাদের বাঁধা দেয়। আমরা অনেক অনুনয় বিনয় করে বলি যে আমাদের অ্যাসেমবলী আছে, তোমাদের যদি কোন বক্তব্য থাকে তাহলে আমাদের কাছে বল, আমরা সেটা অ্যাসেমবলীতে বলব। তখন তোমাদের নিশ্চয়ই একটা সুরাহা হবে। আমাদের এখানে আটকে রেখে তোমাদের কি লাভ হবে? এইরকম ভাবে আমরা অনুরোধ করেছি। কিন্তু তথাপি তারা এই সমস্ত কথায় কর্ণপাত না করে আরও নানাভাবে তুচ্ছ তাচ্ছিল্য করে আমাদের হেয় প্রতিপন্ন করার জন্য চেষ্টা করে বহু জনসাধারণের সামনে। এই সমস্ত দেখে আধ ঘন্টার মত দাঁড়িয়ে থেকে আমরা অন্য রাস্তায় চলে আসি অ্যাসেম্বলীর ভিতরে। আমাদের মুখ্যমন্ত্রী যখন আসেন তখন আমরা দেখি যে ঐ জনসাধারণ যারা সেখানে ছিলেন, তারা মুখ্যমন্ত্রী আসার সঙ্গে সঙ্গে মুখ্যমন্ত্রীকে বাধা দেন এবং তাদের যে বক্তব্য

ছিল মুখ্যমন্ত্রীকে সেই সমস্ত হামলার জায়গায় নিয়ে যাওয়া, সেখানে তারা তাকে নিয়ে যায়। মাননীয় মুখ্যমন্ত্রী জনসাধারণকে, বিশেষ করে তার জনসাধারণের সঙ্গে ছোটবেলা থেকেই যে যোগাযোগ, ভালবাসা, সেই জনসাধারণকে বিশ্বাস করে তিনি তাঁর প্রতিশ্রুতি রক্ষার্থে সেই জায়গা দেখে আসেন। পৃথিবীর সমস্ত দেশেই যদি কোন অন্যায় বা ক্রটি হয়, তার বিচার যেভাবে করা হয়ে থাকে সেইভাবেই সর্বোচ্চ তদন্ত করা হবে, এই প্রতিশ্রুতি তাঁর মুখ থেকে এই এ্যাসেম্বলীতে আমরা শুনতে পাই। তিনি তাঁর বক্তব্যে বলেছেন যে "জুডিশ্যাল এনকোয়েরী করে আমরা দেখব, যারা অপরাধী তাদের খোঁজে বের করা হবে"। তারপর আরেকটি ঘটনা হচ্ছে আমরা যা কোন দিন দেখিনি। বিরোধী দলের যারা লোকসভার সদস্য, তাদের অন্তত: আমি এই হাউসে আসতে কোনদিন দেখিনি। তাঁরা আইনের লোক, আইনসভার সদস্য, তাঁরা বিনা পার্মিশানে এই এ্যাসেম্বলীতে জনসাধারণ নিয়ে ঢুকছেন এটা অত্যন্ত আশ্চর্য্যের কথা। তাতেই বুঝা যায় যে তাঁরা পুর্ব্বেই একথা জানতেন এবং আলোচনা করেছেন যে এই রকম একটা দুষ্কৃত কার্য্যের মধ্য দিয়ে তাঁরা তাদের এই অনাস্থা প্রস্তাবকে কিছুটা এগিয়ে নেবেন এবং সেই বিশ্বাস তাঁরা করেছিলেন! নতুবা এই টাইমে এই দুইজন সদস্য (লোকসভার) এই এ্যাসেম্বলী হাউসে আসার কোন কারণ আছে বলে আমার জানা নাই। আমি বুঝতে পারিনা কেন তাঁরা এসেছিলেন, তার বিচার জনসাধারণ করবে যে তাঁরা কি উদ্দেশ্যে এই এ্যাসেম্বলীতে এসেছিলেন এবং এসেম্বলীতে আসতে যে কি লাগে তা তাদের জানা আছে। প্রত্যেক M. L. A. একজনকে একটা করে এডমিট কার্ড দিতে পারে। সেটা দিলে লোক এই Assemblyতে ঢুকতে পারে। জনসাধারণ হয়তো অজ্ঞ ছিল কিন্তু উনারা তো অজ্ঞ ছিলেন না। উনারা যে আসেন, কি হিসাবে আসেন সেটা একমাত্র জনসাধারণ বিচার করবে। তারজন্য আমি এই কথাটা রাখছি যে আসার যে নিয়ম কানুন, যারা আইনের লোক, যারা ভারতবর্ষের উচ্চ আসনে লোক সভায়, যেখানে ভারতবর্ষের জনসাধারণের কল্যাণময়তা জায়গা, সেই জায়গার সদস্য তারা, তারা কি করে এই House এর ভিতরে বিনা permisionএ আসতে পারে তা আজকে ত্রিপুরার জনসাধারণকে বিচার করার জন্য আমি অনুরোধ করছি। যদি তাদের উদ্দেশ্য খারাপ না হতো, তারা আইন ভঙ্গ করতেন না। আইন ভঙ্গ করার উদ্দেশ্যেই তারা এখানে এসেছেন ভারতবর্ষের সর্ব্বত্র আজকে, তারা আইনকে ধ্বংস করে তাদের যে দুষ্কৃত কাজ সে কাজ চালিয়ে যেতে চান। আজকে সহজভাবে ত্রিপুরার মানুষ বুঝবেন যে লোক সভার সদস্য যদি আইনকে ভঙ্গ করতে পারে তাহলে কমিউনিষ্ট দলের যে জনসাধারণ তারা কি না করতে পারে। সেই হিসাবে যদি আজকে চিন্তা করা যায় তাহলে বুঝা যাবে। আমি ত্রিপুরার জনসাধারণকে অনুরোধ করবো তারা যেন জিজ্ঞাসা করে যে যারা লোক সভার সদস্য ছিলেন তারা কি করে বিনা permisionএ পবিত্র Assembly হাউসের মধ্যে ঢুকলেন। এই কথা যাতে জিজ্ঞাসা করেন তার জন্য আমি জনসাধারণকে অনুরোধ করবো। আর যিনি দলনেতা, প্রত্যেক কথায় গণতন্ত্রের বুলি দেন, সেই দলনেতা কি করে একটা বাইরের লোককে, বাইরের জনসাধারণকে Assemblyর একটা মাইক দিতে পারে এবং বলতে পারে যে তুমি বক্তৃতা করতে পার। সেই যে দলনেতা সেই দলনেতার শিষ্যগণ কি রকম হতে পারে

তা যেমন ত্রিপুরার জনসাধারণ জিজ্ঞাসা করে। আমি বলব যে কমিউনিষ্ট হউক, কংগ্রেস হউক, যে কোন দল হউক, এই Assemblyতে যখন আমরা বসি তখন দল নাই,তখন Assemblyর পবিত্রতা রক্ষা করা প্রত্যেক দলের সদস্যরই সমান অধিকার। প্রত্যেক দলের সদস্যেরই এই পবিত্রতার কথা মনে রেখে তার বক্তৃতা, তার কার্য্যকলাপ সব কিছু করতে হবে। সেই অনুপাতে একটি দলনেতা বলে যিনি পরিচয় দেন সেই দলনেতার প্রতি মানুষের আস্থা কি করে আসে আমি জানি না। যারা এরকম অসৎ দলপতির উপরে আস্থা রাখে তারা যে কি রকম ধরণের জনসাধারণ তা ও আমার জানা নেই এই যে Assemblyর কথা যেটা বলেছি সেটা আমারও একার নয়, ত্রিপুরার প্রত্যেক মানুষের পবিত্রস্থান। এই পবিত্র স্থানকে যারা অপবিত্র করতে চাইছেন তাদের বিরুদ্ধে ত্রিপুরার জনসাধা-রণ একযোগে, একসুরে যাতে Slogan দেয় যে যারা আমাদের Assemblyকে, আমাদের পবিত্র স্থানকে অপবিত্র করার চেষ্টা করে তাদের বিচার আমরা চাই। তার জন্য আমি ত্রিপুরার জনসাধারণকে অনুরোধ করবো। সেই অনুরোধ নিশ্চয়ই আজকে জনসাধারণ বুঝবে। আমি জানি, আমি আমার সাব-ডিভিশন এ গিয়েছি। তারা যে অপবিত্রতার কাজ করেছে তার জিগির আজ দশে দেশে উঠেছে। তার বিচার তারা পাবে। তার বিচার তাদের সামনে, তারা যখন দেখবে তখন বুঝবে যে তারা কত বড় অপরাধ করেছে। আমি এই বক্তব্য রাখছি যে জনসাধারণ তাদের বিষয় চিন্তা করবে, বিচার করবে। আর এই আস্থা জ্ঞাপক যে প্রস্তাব সে প্রস্তাবের উপর আমার সম্পূর্ণ আস্থা আছে এবং সে আস্থা আরো গভীরতর হয়েছে। আমি জানি যে এই রকম ধরণের জনসাধারণের মধ্যে আমাদের সরল প্রাণ, বিশ্বাসী লোক, যে আমাদের দলনেতা হাজার হাজার লোকের মধ্যখানে যেভাবে গিয়েছেন এই ভাবে কোন দেশে কোন মন্ত্রী যান কিনা আমার জানা নেই। তবে কাগজপত্রে, আমি যতটুকু ক্ষুদ্র লেখা পড়া জানি, আমি দেখিনাই যে এইভাবে কোন জননেতা এই রকম ঘটনার মধ্যে যেতে পারে। তবে আমি জানি আমাদের জননেতা যিনি তিনি সরল। জনসাধারণের প্রতি অত্যন্ত দরদ আছে বলেই তিনি গিয়েছিলেন। কিন্তু এতে যে দুষ্কৃতকারী দলের উস্কানি আছে সেটা তিনি সম্পূর্ণ বিশ্বাস করেন নাই বলেই উনি গিয়েছিলেন। তবে এই দুষ্কৃতকারীরা যা করেছে সে সম্পর্কে অনেক সদস্যেরই বক্তব্য পাওয়া গিয়াছে। এই বলেই আমি আমার দলপতির প্রতি গভীর সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Umesh Lal Singh, M.L.A —মাননীয় অধ্যক্ষ মহোদয় আমাদের মাননীয় সদস্য শ্রীযুত সুনীল চন্দ্র দত্ত মহাশয় মুখ্যমন্ত্রীর প্রতি আস্থা রেখে যে প্রস্তাব এনেছেন তার সমর্থনে আমি দু'চারটি কথা বলব। আমরা জানি আমাদের এই নেতা, কংগ্রেস Partyর শ্রীশচীন্দ্র লাল সিংহ। তার প্রতি আমাদের এই দলের সমস্ত সদস্যদেরই গভীর আস্থা আছে। তার অতীত ইতিহাস সম্বন্ধে আমরা সবাই জ্ঞাত এবং বাল্যকাল থেকে দেখে এসেছি, তিনি ছাত্রদের নেতা ছিলেন। আস্তে আস্তে বয়স বাড়বার সাথে সাথে তিনি ছাত্র এবং জনসাধারণের নেতা হয়েছেন। তার অতীত ইতিহাস গৌরবময়। তিনি প্রথম যোগ দিয়েছিলেন বৈপ্লবিক দলে। বৃটীশ আমলে

বৃটিশ রাজত্বের উচ্ছেদ করতে তিনি প্রতিজ্ঞাবদ্ধ হয়েছিলেন। দেশ মাতার সুসন্তান, দেশ মাতাকে ইংরেজের শৃঙ্খল থেকে মুক্ত করার জন্য তার প্রচেষ্টা ছিল। বহু যুবক তার আহ্বানে সাড়া দিয়েছিল। তখন থেকেই তাকে আমরা নেতা বলে মনে করেছি। আমরা তাকে দেখেছি তার হৃদয়ে কত দরদ, তার হৃদয়ে কত প্রেম, কত ভালবাসা জনসাধারণের প্রতি। যে কোন দুঃস্থ, যে কোন রুগ্ন, যে কোন ক্লিষ্ট ব্যক্তির প্রতি তার অত্যন্ত প্রেম, ভালবাসা ছিল। তাদের দুঃখে তিনি কাতর হতেন এবং অবশেষে দেখেছি যে বৃটিশ তার এই জাতীয় উদারতা, এই জাতীয় দেশপ্রেম সইতে পারেনি। তিনি বৃটিশ কারাগারে অবরুদ্ধ হন। স্বাধীনতার মুক্তি সংগ্রামে তিনি যোগ দিয়েছিলেন তাই তার দোষ। আমি জানি যে এখানে গত ২৯শে আগষ্ট যে একটা দুর্ঘটনা হয়েছে, তখনকার সময়ে আমাদের বিরোধী পক্ষের সমস্ত নেতা সেই দুর্ঘটনার সাথে সংযুক্ত। তাদের ইতিহাস কতটুকু তা আমার খুব জানা আছে। কতজন তাদের মধ্যে তার সমকক্ষ হতে পারে তা আমি জানি না। আমি খুঁজে পাই না, আমি দেখেছি বৃটিশ কারাভ্যন্তরে তিনি রোগে আক্রান্ত হয়েছিলেন। বৃটিশের কাছে তিনি করুণা ভিক্ষা করেননি নিজের জীবনের জন্য। তিনি জীবনকে উৎসর্গ করেছিলেন ভারতমাতার মুক্তির জন্য। এ জাতীয় মুক্তি আন্দোলনে যোগ দিয়েছিলেন তখনকার সময়ে আমার বিরোধী দলের কয়জন সদস্য ; তার হিসাব করলে হয়তো কাউকে পাওয়া যাবে কিনা সন্দেহ। মানুষ কখনও কখনও ভুল করে, পরশ পাথর খুঁজে বেড়ায়, কবির ভাষায় তাই আছে। কিন্তু কোথায় পরশ পাথর আছে তা না দেখেই তারা অবিরাম খুঁজে যায়। হয়তো অলক্ষ্যে তার কাছে পরশ পাথরের ছোঁয়া লেগে তার লোহা সোনা হয়। কিন্তু অন্ধকারে, অলক্ষ্যে সেই পরশ পাথরকে খুঁজে পাওয়া সম্ভবপর নয়। তাই আমাদের বিরোধী দলেরও তাই হয়েছে। তারা দেশের জনসাধারণকে, দেশের যুবকগণকে, কোমলমতি বালকদের উত্তেজিত করেছিলেন একটা অন্যায়ের জন্য। মানুষ যেদিন ভুল বুঝবে তাদের সেই অন্যায়ের প্রতিকার তারা করে যাবে। আমরা দেখেছি, তখনকার সময়ে তারই মত কয়জন দেশ সেবক এই জাতীয় নির্যাতন ভোগ করেছে কারাভ্যন্তরে এবং কারার বাইরে। তিনি এই রাজ্য থেকে নির্ব্বাসিত হয়েছিলেন, তার কোনও রোজগার ছিল না, ঘর বাড়ী ছিলনা কিন্তু নির্ব্বাসিত হলেও জনসাধারণ তাকে কোলে তুলে নিয়েছিলেন। জনগণের প্রতি তার যে দরদ, তার যে মমত্ব তা জনসাধারণ বুঝেছিল, তাই জনসাধারণ আদরে তাকে গ্রহণ করেছিলেন। এবং তারই জন্য তিনি আরো দেশের কাজ করবার জন্য এগিয়ে গেছেন। আমরা জানি বৃটিশ ভারতের মধ্যে তিনি যখন ছিলেন বিভিন্ন জেলা থেকে তিনি বিতাড়িত হয়েছিলেন। অবশেষে বৃটিশ ভারত থেকে বিতাড়িত হয়ে আবার ত্রিপুরার কারাভ্যন্তরে তাকে অবরুদ্ধ করা হয়েছিল। এ জাতীয় নির্যাতন আমার বিরোধী দলের কয়জন সদস্য ভোগ করেছিলেন তা আমার জানা নেই। আমি জানি যে আমাদের দেশের জনসাধারণ তাদের দেশসেবকের প্রতি তাদের যে কর্ত্তব্য তা তারা করে থাকেন। তাই তিনি যখন যে কোন কাজে এগিয়ে গিয়েছিলেন জনসাধারণ তাকে অকপট হৃদয়ে সাহায্য করেছিলেন। আমি জানি তার অতীত জীবনে, তিনি বৈপ্লবিক দলে যোগ দিয়েছিলেন। তখনকার সময়ে

তিনি কংগ্রেসের আদর্শ, মহাত্মা গান্ধীর অহিংসার প্রতি তার যে study ছিল তাই থেকে তিনি অবশেষে কংগ্রেসে যোগদান করে কংগ্রেসকে শক্তিশালী করেছিলেন এবং দেশীয় রাজ্য প্রজা পরিষদের সাথে যোগ দিয়ে এই দেশীয় রাজ্যের ভিতরে প্রজা আন্দোলন করেছিলেন। তারই ফলে তিনি রাজরোষে এই রাজ্য থেকে বিতাড়িত হয়েছিলেন। একটা কথা মনে রাখতে হবে এখানে যাদের অতীত ইতিহাস গৌরবময় এবং ত্যাগের মাধ্যমে যারা এগিয়ে এসেছিলেন দেশমাতার সেবার জন্য তাদের মধ্যে তিনি একজন। শুধু ত্রিপুরা নয়, বাংলা, আসাম এবং ভারতের বহু প্রান্ত তাকে জানে। এবং বহু বিশিষ্ট নেতা এবং কর্মীর সংগে তার সংযোগ আছে। তাই তাকে আমরা আমাদের বিধান সভার দলপতি হিসাবে নির্ব্বাচিত করেছি। আমরা জানি যে তার পরিচালনায় আমাদের দলের উন্নতি হয়েছে। আমার পূর্ব্ববর্ত্তী মাননীয় সদস্য বলেছিলেন ১৯৫৭ সালের নির্বাচনের ফল, আবার তিনি বলেছিলেন ১৯৬২ সালের নির্ব্বাচনের ফল। এটা হতে আমরা দেখতে পাই এই দল তাঁরই নেতৃত্বে ধাপে ধাপে এগিয়ে গেছে উন্নতির সোপানে। তাই তারই কার্য্যকলাপের দ্বারা ত্রিপুরার উন্নতি আমরা দেখছি, তাকে আমরা দেখেছি সাম্প্রদায়িকতার উর্দ্ধে। কি আদিবাসী, কি হিন্দু, কি মুসলমান, কি বৌদ্ধ, কি খৃষ্টান সকলের প্রতি তাঁর মমত্ব আছে, সবাইর প্রতি তাঁর ভালবাসা ; কারণ সবাই তাঁকে ভালবাসে। তিনি আজ নেতা হিসাবে আমাদের কাছে আছেন তাই আমরা গৌরবান্বিত, কিছুদিন পূর্ব্বে পত্রিকায় যেসমস্ত খবর দেখেছিলাম—আমাদের পূর্ব্ববর্ত্তী বক্তা তা বলেছিলেন, মাননীয় সদস্যদের বক্তৃতায় যা শুনেছি এবং কাগজেও যা শুনেছি বিরোধী পক্ষের একটা অপপ্রচার ছিল এই দলের ভিতরে একটা ভাঙ্গন ধরানো। আমাদের সদস্যদের মধ্যে কোন প্রকারের ত্রুটি-বিচ্যুতি নেই, কোন প্রকারের অবিশ্বাস নেই, পরস্পরের প্রতি তাই তারা আজ একতাবদ্ধ হয়ে তাদের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছেন। গত ২৯শে আগষ্ট যে দুর্ঘটনা ঘটেছে আমি নিজে দেখেছি আমাদের বহু সদস্য দেখেছেন এবং অন্যান্য জনগণও দেখেছেন যে আমারই সামনে আমার বিরোধী দলের সদস্যগণকে Assembly প্রাঙ্গণে ঢুকতে দিয়েছে কিন্তু আমাকে ঢুকতে দেয়নি এবং আমার পরে যাঁরা এসেছিলেন তাঁরাও ঢুকতে পারেনি। মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়কেও তারা অবরুদ্ধ করেছিলেন বল প্রয়োগ করে। আমি জানি এই বল প্রকৃত বল নয়। এর মধ্যে ছিল পাশবিক বল। মনুষ্যত্বের কাছে, উপযুক্ত নেতার কাছে তা অতি তুচ্ছ, তাই তিনি এগিয়ে গিয়েছিলেন তাদের সামনে। যে নির্ভীক যোদ্ধা, বৃটিশ আমলের যে নির্ভীক কর্মী, যে নির্ভীক নেতা, যিনি বৃটিশের সময়ে নিজের জীবনকে তুচ্ছ করেছিলেন, মৃত্যুকে আলিঙ্গন করার জন্য প্রস্তুত হয়েছিলেন, আমার দেশের জনসাধারণের দাবীও তিনি মেনে নিয়েছিলেন।

Mr. Speaker :—The House Stands adjourned till 2 P. M.

(after recess)

Mr. Speaker : I would call on Shri Umesh Lal Singh.

শ্রীউমেশ লাল সিংহ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ২৯শে আগষ্ট বিধানসভার ফটকের সামনে এসে যখন পৌছলাম এবং আমদের কতিপয় মাননীয় সদস্য এসে যখন পৌছলেন তখন

আমাদিগকে কতিপয় ব্যক্তি বাধা দিল প্রবেশ করতে। সামান্য কয়েক মুহূর্ত পূর্ব্বে আমি দেখেছিলাম বিরোধী দলের কতিপয় মাননীয় সদস্যগণকে, সে কতিপয় ব্যক্তি যারা আমাদের পথ রোধ করে দাঁড়িয়েছিলেন, তারা তাদেরকে ঢুকতে দিয়েছিল, কিন্তু কংগ্রেস দলের মাননীয় সদস্যগণকে সেখানে প্রবেশ করতে দেওয়া হয়নি এবং মাননীয় মুখ্যমন্ত্রী যখন এসে পৌছলেন তাঁকেও ঢুকতে দেওয়া হয়নি এবং সেখানে আরও অধিকসংখ্যক লোক একত্রিত হতে একটা বিরাট উত্তেজনার সৃষ্টি সেখানে হল এবং আমি দেখতে পেয়েছি, এটা অত্যন্ত দুঃখের কথা, ক্ষোভের কথা, অত্যন্ত লজ্জার কথা যে বিরোধী দলের নেতৃবর্গ তাদেরকে উস্কানি দিচ্ছেন এবং অবশেষে মাননীয় মুখ্যমন্ত্রীকে নিয়ে তারা যেন ছেলেখেলা সুরু করে দিলেন। যাই হউক অবশেষে মাননীয় মুখ্যমন্ত্রী প্রবেশ করলেন এবং আশ্বাস দিলেন যে তাদের মধ্য থেকে পাঁচ জন লোককে ভিতরে আসতে দেওয়া হবে। কিন্তু বল প্রয়োগ করে তারা সবাই এসে পড়ল এবং তাতেও আমি দেখতে পেয়েছি মাননীয় বিরোধী দলের সদস্যগণ তাদেরকে উস্কানি দিয়েছেন এবং তারা সবাই এসে বিধানসভার পবিত্রতা নষ্ট করেছে এবং আইন লঙ্ঘন করেছে। বিধান সভার যে স্যাঙ্কটিটি তা সর্ব্বদেশেই সমান, সর্ব্বদেশেই একই অবস্থা আছে। তার মান, তার সম্মান এবং মর্য্যাদা কখনও ক্ষুন্ন হতে দেখা যায়নি, কিন্তু এখানে তা সম্ভব হয়েছে। বিধান সভার কক্ষে যে দুর্ঘটনা ঘটেছে তা আমার পূর্ববর্তী মাননীয় সদস্যগণ বলেছেন, আমি এখানে আর অধিক কিছু বলতে চাইনা, আমি তাদের কথায় সমর্থন জানিয়ে তা স্বীকার করে নিচ্ছি। অবশেষে মাননীয় মুখ্যমন্ত্রী সহ সে সমস্ত দুষ্কৃতকারীগণ রাস্তায় বেরিয়ে পড়ল। তাদের উদ্দেশ্য মহত ছিলনা একথা আমি বলতে পারি এবং তাদের সাথে বিরোধী পক্ষের সদস্যগণকেও দেখতে পেয়েছি। মাননীয় সদস্যগণের যে কি উদ্দেশ্য ছিল তা জনসাধারণ বিশেষভাবে উপলব্ধি করেছেন এবং তাতে জনসাধারণ অত্যন্ত মর্ম্মাহত হয়েছেন। একটা দেশের নির্ভিক এবং ত্যাগী নেতা যিনি দেশকে সুষ্ঠুভাবে পরিচালনা করে উন্নতির ধাপে এগিয়ে নিয়ে যাচ্ছেন, তাঁর প্রতি এই জাতীয় ব্যবহার? জনসাধারণ তাতে অত্যন্ত মর্মাহত হয়েছেন। আমি জানি তাদের উদ্দেশ্য মহত ছিলনা এবং বিরোধী পক্ষের নেতা এই বিধানসভার কক্ষে যে ভাষণ দিয়েছিলেন তা সত্যিই দুঃখের বিষয়। তাঁরা এই হাউসেই একদিন বলেছিলেন যে যারা ব্ল্যাকমার্কেটীয়ার্স, তাদেরকে গুলিবিদ্ধ করে মারতে হবে। কিন্তু ২৭শে তারিখে সন্ধ্যার ঘটনার কোন উল্লেখ তাদের মুখে শুনতে পাইনি। ২৮শে তারিখের সিনেমা টিকিটের ব্ল্যাকমার্কেটিয়ারের কথা এব তার সাথে সাথে পিক পকেটিয়ারের কথা, পরবর্ত্তী সময়ে সেই লোকটা ধরা পড়েছে কিনা, তার বিচারের জন্য উপস্থাপিত করা হয়েছে কিনা এই জাতীয় কথা আমরা তাঁদের মুখ থেকে শুনতে পাইনি। কিন্তু সেখানে একটা লোক আহত হয়েছে, তাকে উদ্ধারের জন্য যখন পুলিশ এগিয়ে গিয়েছিল, জনতা উপস্থিত হয়ে পুলিশকে আক্রমণ করে, তখন দোষ হয়েছে পুলিশের। পুলিশ আমাদেরই লোক, পুলিশ শান্তি শৃংখলা বজায় রাখবার জন্য এগিয়ে গিয়েছিল এবং তারা আমাদের দেশের লোক, তারা আমাদের দেশেরই আত্মীয়স্বজন, তাদেরকে এই শিক্ষায় শিক্ষিত করে তোলা হয়েছে কিভাবে শান্তি শৃংখলা বজায় রাখতে হয়। সেই লোকটাকে যখন থানায় নিয়ে আসা হল, আহত ব্যক্তিটিকে, তখন তাকে ছিনিয়ে নিয়ে যাওয়ার জন্য থানা আক্রমণ

করল উপস্থিত জনতা এবং সেখানে আমরা দেখেছি তারা প্রস্তর নিক্ষেপ করেছিল এবং পুলিশ অফিসার আহত হয়েছিলেন এবং সেদিন রাত্রির দুর্ঘটনায় ৬২জন পুলিশ আহত হয়, এমনকি ফায়ার বিগ্রেডের যে কর্মচারী তাদের মধ্য থেকেও আহত হয়েছে, এ্যাম্বুলেন্স গাড়ী নষ্ট করা হয়েছে এবং এম্বুলেন্সের যে কর্মী, সেই কর্মী পর্য্যন্ত আহত হয়েছিল, কিন্তু সেই সমস্ত কথা কোথায় তলিয়ে গেল, সেই সমস্ত কথার এখানে কোন উল্লেখ নাই। অন্যায়ের বিরুদ্ধে দাঁড়াবার জন্য যারা চিরদিন বলে থাকেন, তাদেরকে আজ পর্য্যন্ত সেকথা উল্লেখ করতে শুনতে পাইনি। আমি সেখানে উপস্থিত ছিলাম, আমি সেখানে দেখেছি, আমি নিজেও প্রস্তরের আঘাত পেয়েছিলাম, অবশ্য সেটা খুব সাংঘাতিক নয়। আমি থানাতে ৭-১৫মিঃ থেকে রাত ২-৩০মিঃ পর্য্যন্ত ছিলাম, আমি দেখেছি সেখানে পুলিশের কাজ। তারা অত্যন্ত সাহসিকতার সহিত এগিয়ে গিয়েছিলেন। প্রস্তর নিক্ষেপ এবং আক্রমণ তিন দিক থেকে থানায় হয়েছে। সেখানকার পুলিশ যে সহিষ্ণুতা, যে ধৈর্য্যের পরিচয় দিয়েছে তা সত্যই ধন্যবাদের বিষয় এবং তারা মস্তিস্ক ঠিক রেখে কাজ করায় সেদিন যে আর বিশেষ কিছু দুর্ঘটনা ঘটতে পারেনি তার জন্য তাদিগকে ধন্যবাদ দিতে হয়। আমি এই কথা বলব যে পুলিশ হলেই যে অত্যাচারী হবে এই কথা ঠিক নয়। কিন্তু যারা প্রস্তর নিক্ষেপ করেছিল তাদের সম্বন্ধে তো কোন কথা শুনতে পাইনি। সকল প্রস্তর নিক্ষেপকারী আহত হয় নি এই কথাও কেউ বলেনি। কিন্তু যে অবস্থা আমাদের অ্যাসেম্বলীর মধ্যে হয়েছে—তারপর আমরা দেখতে পেলাম আমাদের মুখ্যমন্ত্রী এগিয়ে গেলেন। জানি তিনি নির্ভীক, বৃটিশ আমলের যোদ্ধা, মরনে তাঁর ভয় নাই। আমি পুর্ব্বেই বলেছি উদ্দেশ্য মহৎ নয়, ছিল না তাদের উদ্দেশ্য মহৎ। কিন্তু আমরা দেখেছি ইতিহাসের পৃষ্ঠায় এই জাতীয় নির্ভীক যোদ্ধার ভারতে অভাব নেই। আমরা যখন রামায়ণের কথা আলোচনা করি, রামের দেহাবসানের কথাও আমরা আলোচনা করি। আমরা শুনেছি যে সহস্র স্কন্দ রাবনের কাছে তাঁর মূর্চ্ছা ঘটেছে। আমরা দেখেছি যে শ্রীকৃষ্ণ, যিনি যুগাবতার, সামান্য এক ব্যাধের শরে তার মৃত্যু ঘটেছে। আমরা দেখেছি যে ক্রুশ বিদ্ধ অবস্থায় যীশুর মৃত্যু ঘটেছে। আমরা দেখেছি জাতির জনক মহাত্মা গান্ধীর একটা সাধারণ লোকের হাতে মৃত্যু ঘটেছে। নির্ভীক যোদ্ধা যারা, দেশমাতার সুসন্তান যারা ভয়ের কথা তো তাদের মনে উঠতেই পারে না। যারা তখনকার যুগে মরেছেন তাঁরা আজ আমাদের কাছে অমর। তাঁরা আজ আমাদের কাছে নমস্য। তাঁরা দেশের মধ্যে চিরবরেণ্য নেতা, যুগাবতার। কিন্তু যারা তাঁদিগকে মেরেছে তাদের আজ পর্য্যন্ত ইতিহাসে সম্মান করেনি কেউ। যারা হিংসার আশ্রয় গ্রহণ করে এই জাতীয় দুর্ঘটনা ঘটাবার চেষ্টা করেছিল, ভ্রান্ত পথে পরিচালিত হয়েছিল বিরোধী পক্ষের নেতৃবৃন্দের দ্বারা, তারা একদিন বুঝতে পারবে যে আমাদের নেতা সহাবস্থানে বিশ্বাসী, অহিংসায় বিশ্বাসী, দেশের উন্নতি তাঁর কাম্য, জনসাধারণকে তিনি ভালবাসেন। তাঁর কাছে কেউ শত্রু নয়। তারা এ কথা একদিন বুঝতে পারবে যে তিনি তাদের শত্রু নন, এবং তখন তারা উপযুক্ত শিক্ষা দেবে ঐ বিভ্রান্তকারীদিগকে। আমি জানি গত তিনটী নির্বাচনের ফলাফল। জানি বিরোধী পক্ষের তূনে আর কোন অস্ত্র নেই। শেষ অস্ত্র বন্ধ আন্দোলন। এই বন্ধ আন্দোলনের

দ্বারা তারা আগামী নির্বাচনে জয়লাভের চেষ্টা করছে। কিন্তু ব্যর্থ হয়েছে তারা। তাদের তুনের শেষ অস্ত্র ব্যর্থ হয়েছে। বন্ধ আন্দোলনের দ্বারা দেশের মুক্তি হতে পারে না। বরং আমাদের পাশে যে আয়ুবশাহী আছে তার রাজ্য বিস্তারের জন্য সুযোগ ঘটিয়ে দেবে, কম্যুনিস্ট চীনের সুযোগ ঘটিয়ে দেবে, ভারতকে আক্রমণের সুযোগ এনে দেবে ঐ বন্ধ আন্দোলনের দ্বারা। অ্যাসেম্বলী বন্ধ, ইণ্ডাসট্রি বন্ধ, কম্যুনিকেশন বন্ধ এবং যা কিছু উৎপাদন সমস্ত কিছু বন্ধ হলে মানুষ বাঁচবে কি করে? সেই সমস্ত মানুষ তাদের বিরুদ্ধে রুখে দাঁড়াবে। ঐ যে অস্ত্রটুকু তাদের হাতে এসেছিল সেই অস্ত্রটুকু ব্যর্থতায় পর্য্যবসিত হবে আগামী নির্বাচনে, জনসাধারণ তাদের সমুচিত শিক্ষা দান করবে। জানি, যে এইজন্য জনসাধারণ প্রস্তুত হচ্ছে, এই সুযোগ করে দিল তারা। তারা মনে করেছিল যে আমাদের ভিতরে, সরকারপক্ষের ভিতরে একটা কোন্দল আছে, পরস্পরের প্রতি পরস্পরের বিশ্বাস নাই। কিন্তু তাঁদের ধারণা ভ্রান্ত। আমাদের মাননীয় সদস্যগণ লোভী নন। তাঁরা মোহবশে অভিভূত নন। তাঁদের পদের লোভ নেই। তাঁরা দেশের সেবা করতে এসেছেন। তাঁদের মধ্যে একটা একতা আছে, তাঁদের মধ্যে বিশ্বাস আছে, তাঁরা আদর্শে বিশ্বাসী এবং দেশের উন্নতি করতে চান। কাজেই তাঁদের ভিতরে পদমর্য্যাদার লোভ নাই এবং কোন প্রকার ভ্রান্ত পথে তাঁরা চলেন না, আদর্শে তাঁরা অটল বিশ্বাসী। কিন্তু তাঁরা প্রথম মনে করেছিলেন যে শুধু তারাই যদি এই অ্যাসেমব্লীতে প্রবেশ করেন তা হলে হয়ত এই নো-কনফিডেন্স মোশনকে পাশ করে নিয়ে যেতে পারবে। কিন্তু যখন তাঁরা দেখতে পেলেন যে আমাদের মাননীয় সদস্যরাও সেখানে উপস্থিত এবং মেজরিটী হয়েছেন তখন তাঁদের সেই আশা ভূলুণ্ঠিত হয়ে যায়। তারই জন্য তাঁদের এই অপচেষ্টা। আমি এইটুকু বলতে বাধ্য হব যে আমাদের সামনে আমাদের দুইজন এম, পি, এখানে উপস্থিত ছিলেন। যদিও দিল্লীতে এখনও সেসান চলছে তথাপি তাঁরা এখানে উপস্থিত ছিলেন। আমি জিজ্ঞাসা করি—যদিও তাঁরা অধিক সংখ্যক ভোট পেয়ে এম, পি, হয়েছেন-দেশের তারা প্রতিনিধি, তবুও দেশের মধ্যে যে একটা উশৃঙ্খলতা এসেছে তার সম্বন্ধে তাঁদের কোন উক্তি আমরা আজ পর্য্যন্ত শুনতে পাইনি কেন? বরং উশৃঙ্খলতা তাঁরা বাড়িয়েছেন। আমরা রাত্রিবেলায় দেখেছি এবং খবরও পেয়েছি যে ২৮শে তারিখে তাঁরা জনতাকে উত্তেজিত করে তুলেছেন এই উশৃঙ্খলতার জন্য। আমি জানি যে আমাদের মাননীয় মুখ্য-মন্ত্রীকে ত্রিপুরা পুলিশের একজন ইনস্পেক্টর শ্রীউষারঞ্জন ভৌমিক এবং সুবেদার আবদুল মন্নাফ, তাদের পুলিশ বাহিনীকে নিয়ে অত্যন্ত কৌশলে মুখ্যমন্ত্রীকে উদ্ধার করেছে। তাদের কাজের জন্য আমি তাদের আন্তরিক ধন্যবাদ জানাই এবং তারা তাদের কর্তব্য পালন করেছে বলে আমি অত্যন্ত আনন্দিত। আমি এদিকেও আরও গভীর দুঃখ বেদনা জানাই তাদের যারা এই উশৃঙ্খলতার মধ্যে প্রাণ বিসর্জন দিয়েছেন, আহত হয়েছেন, যারা আহত তাদের প্রতি আমার সমবেদনা রইল এবং যারা নিহত তাদের আত্মীয়স্বজনের প্রতি আমার সমবেদনা এবং দুঃখ জানাচ্ছি। আমি আশা করি আমার দেশের জনসাধারণ এবং

আমার দেশের গণতন্ত্রের পূজারী যে জনসাধারণ তারা এই জাতীয় অগণতান্ত্রিক কার্য্যের কোন সমর্থন করবেন না এবং তারই জন্য আমাদের অ্যাসেমব্লীর মাননীয় সদস্যগণ আজকে যে আস্থা প্রস্তাব এনেছেন মুখ্যমন্ত্রীর প্রতি সেই প্রস্তাবের সমর্থনে আমি আমার ভাষণ মাননীয় অধ্যক্ষ মহোদয়ের কাছে এই অ্যাসেমব্লীতে স্থাপন করছি। আশা করি আমাদের এই অ্যাসেমব্লী তাকে গ্রহণ করবে।

Mr. Speaker :—Any other member ? I will have to put some time limit.

শ্রীগোপেশ রঞ্জন দেব ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে মাননীয় সদস্য শ্রীসুনীল চন্দ্র দত্ত মহাশয়, আমাদের দলীয়নেতার উপর আস্থাসূচক যে প্রস্তাব এনেছেন তা আমি সমর্থন করছি। আমি বাল্যকাল থেকে মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে পরিচিত হওয়ার কোন সুযোগ পাই নাই কিন্তু বিগত পনের বছর যাবত ঐ দলের কর্মী হিসাবে তাঁর সংস্পর্শে এসেছি এবং গত নির্বাচনে নির্বাচিত হওয়ার পর থেকে তার সহকর্মী হিসাবে তাকে চিনি এবং তাঁর যে জনদরদ, জনপ্রীতি সেই সম্পর্কে ছোট সময় আমরা শুনেছি আমাদের বয়স্কদের কাছ থেকে আর এখন আমরা প্রত্যক্ষ করছি তার তা বিভিন্ন কার্য্যের মাধ্যমে। গত ২৮শে তারিখে রাত্রে সিনেমা টীকিট নিয়ে যে ঘটনা হয়ে গেল, সেই সম্পর্কে মাননীয় সদস্যরা সবাই বলেছেন, আমি তার পুনরাবৃত্তি করছিনা। কিন্তু এখান থেকে একটা কথাই শুধু আমার মনে জাগে যে, এই যে অঘটন ঘটল, তার উৎস কোথায় ছিল। তার উৎস ছিল ২৮শে তারিখে সেই দলীয় মিটিং। আমরা যখন মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে একমত হয়েছিলাম যে এই যে গণ্ডগোল তা যেন বিনা রক্তপাতে আয়ত্ব করা হয় এবং সেই খবরটা আমাদেরই মধ্যে কোন লোক, কোন মুখোসধারী লোক তাদের কাছে পৌঁছে দিয়েছিলেন, তাতে দুর্বৃত্তরা এত সাহস পেয়েছিল, যার ফলে আজকে বিধান সভার উপর পর্য্যন্ত অভিযান করতে তারা সাহস করেছিল। আমরা লক্ষ্য করেছি, ২৯শে তারিখে তারা এসেমব্লী হাউসে এসেছিলেন এবং যখন জনতা গেট্ কণ্ট্রোল করে ফেলে, তার পূর্ব্বে যারা এসেছিলেন আমাদের কয়েকজন কংগ্রেস দলের সদস্য তার মধ্যে আমি একজন। আমরা এই হাউসের দোতলা থেকে লক্ষ্য করেছি রাস্তায় কি চলছে। যখন জনতা গেট কণ্ট্রোল করল তখন বিনা বাঁধায় বিরোধী দলের সদস্য আটজন ঢুকলেন, ঢুকেই তারা হাউসে ঢুকে পড়লেন। অনবরত হাউসের ঘণ্টা বাজছে কিন্তু কংগ্রেস দলে আমরা মাত্র পাঁচজন, আমরা বাইরে দাঁড়ান আছি, আমরা হাউসে আসতে পারিনা, তখন মাননীয় মুখ্যমন্ত্রী তার উদারতা এবং দৃঢ় মনোবল নিয়ে হাউসের দিকে ছুটে এসেছেন। তাঁর আত্মবিশ্বাস ছিল, তিনি এই জাতীয় জনতা, এই জাতীয় ডেমনষ্ট্রেশান তার জীবনে বহু তিনি ফেস্ করেছেন, তিনি খুবই অভ্যস্থ। কিন্তু তিনি জানতে পারেন নাই যে এই জনতা সেই জাতীয় জনতা নয়। এই জনতা অন্য রকম ছিল। আমরা লক্ষ্য করেছি দোতলার উপর থেকে যে আমাদের বিরোধী দলের মাননীয় সদস্য এবং লোক সভার সদস্য তাঁরা ইঙ্গিত

করেছেন তাদের যে তোমরা কথা মানতে যেওনা, তোমরা নিয়ে চল। তাদের হস্ত ইঙ্গিতে আমরা বুঝতে পেরেছি এই কথা, যে নিয়ে চল, এই ছিল তাদের কথা। কাজেই সেই যে জনতা, সেই জনতা কোন রিজনিং বা কোন গ্রাউণ্ড মানবার মত জনতা ছিলনা, কারণ তাদের বুদ্ধিদাতা ছিল পেছনে। বারবার তারা মস্তক পেছনের দিকে নিয়ে বারবার পরামর্শ চেয়েছে, আমরা প্রত্যক্ষভাবে দোতালার উপর থেকে লক্ষ্য করেছি। কিন্তু আমাদের কোন উপায় ছিলনা. আমরা বেরুতে পারিনা, কেননা গেট তখন তারা কণ্ট্রোল করছে। তারপর হাউসের ভিতর যে ঘটনা ঘটেছে তা মাননীয় সদস্যগণ বিস্তারিতভাবে বলেছেন, আমি আর বলতে যাচ্ছি না। কিন্তু মাননীয় স্পীকার মহোদয় যখন মিটিং ডিজলভ করলেন তখন আমরা কয়েক-জন কংগ্রেস দলের সদস্য লবীতে ঢুকে পরলাম, মাননীয় মুখ্যমন্ত্রী এবং আরও কয়েকজন সদস্য উপরের দিকে উঠলেন। সেই বিক্ষিপ্ত জনতা তখন ছোটাছুটি করছিল। যখন লোকসভার মাননীয় সদস্যদ্বয় লবীতে ঢুকলেন, এবং দেখলেন আমাদের কয়েকজন সদস্য সেখানে বসে, তখন তাদের একাংশকে তারা লবীতে পরিচালিত করলেন এবং লবীতে এসে তারা টেবিল ভাঙ্গতে লাগল, আমাদের সামনে যে প্রহসন তারা করেছিল তা প্রত্যক্ষদর্শী ছাড়া কোন ছবি আঁকা অসম্ভব। জীবনে তা কোনদিন দেখিনি, অনুভবও করিনি। দুইদিক থেকে দুইটি জনতা আক্রমণ চালাতে লাগল। এখানে আমার জিজ্ঞাস্য যে, যারা এই জনতাকে চালিত করেছিল, কোন্ স্বার্থে তারা এই জনতাকে চালিত করেছিল? তার পেছনে কি স্বার্থ ছিল, মাননীয় মুখ্যমন্ত্রীর অপমান, তার পেছনে কি স্বার্থ ছিল, বিধানসভার অপমান, তাদের কি স্বার্থ ছিল, বিধানসভার সদস্যদের নির্যাতন, তার পেছনে কি স্বার্থ ছিল যে অকালে ত্রিপুরার মাননীয় মুখ্যমন্ত্রীর প্রাণ-হনন? আজকে আমি অনুরোধ করব সে জনতাকে, তারা যেন প্রশ্ন করেন তাদের, যারা তাদের বুদ্ধি জুগিয়েছিল যে তোমরা তোমাদের কোন স্বার্থে আমাদের পরিচালনা করেছিলে।

আরও আমরা দেখতে পাই বিভিন্ন পত্রপত্রিকায় যে বিরোধী দল অনাস্থা প্রস্তাব আনবে। তারা হয়ত ভেবেছিল (যারা এই পত্রপত্রিকার মাধ্যমে প্রচার চালাচ্ছে) যে আমাদের দল থেকে হয়ত কয়েকজন সদস্যকে টেনে আনতে পারবে, কিন্তু তা নিতান্ত ভুল। ভুল কিভাবে বুঝি, আমরা জানি যখন মাননীয় বিরোধী দলের কয়েকজন সদস্য এরেষ্ট হলেন, তারপর তাদের জামিন'এর জন্য তারা মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলেন এবং তারা বলেছিলেন যে বিধান সভা সুষ্ঠুভাবে চালানোর জন্য তারা জামিন চান। কিন্তু মুখ্যমন্ত্রী তাদের বলেছিলেন যে জামিন দেওয়া তার কাজ নয়, সেটা কোর্টের ব্যাপার। তবে যদি তারা অনাস্থা প্রস্তাব আনেন, তবে যাতে ঐ অনাস্থা প্রস্তাবে ধৃত এম, এল, এ,রা পার্টিসিপেট করতে পারেন, ভোট দিতে পারেন, তার সুযোগ তিনি করে দিতে পারেন। কিন্তু তারা তা সাহস পাননি সেই সর্তে রাজী হতে যেহেতু তারা জানেন যে এই অনাস্থা প্রস্তাব এনে তারা কিছুই করতে পারবেন না। কাজেই আজকে আমাদের দলীয় হুইপ মাননীয় মুখ্যমন্ত্রীর উপর আস্থাসূচক যে প্রস্তাব এনেছেন, তাকে সর্বান্তঃকরণে এবং দৃঢ়তার সঙ্গে আমি পুনরায় সমর্থন করছি।

শ্রীএরসাদ আলী চৌধুরী :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় সদস্য শ্রীসুনীলচন্দ্র দত্ত মহাশয় আমাদের লীডার অব দি হাউসের প্রতি যে আস্থাসূচক প্রস্তাব এই হাউসে উত্থাপন করেছেন, আমি সর্বান্তকরণে তা সমর্থন করছি। কি কারণে মাননীয় সদস্য এই প্রস্তাব হাউসে উত্থাপন করেছেন প্রস্তাবক সবিস্তারে বর্ণনা করেছেন। সুতরাং এর উপর আর বিশেষ কিছু বলা পুনরাবৃত্তি বৈ আর কিছু নয়। আমি শুধু এইটুকু বলতে চাই যে আমাদের মাননীয় নেতার প্রতি আমাদের আস্থা পূর্বে যেমন ছিল বর্তমানেও ঠিক তদনুরূপই আছে। যে সমস্ত সাংবাদিক বা যে সমস্ত লোক পত্রপত্রিকার মাধ্যমে আমাদের কংগ্রেস দলের সদস্যদের মধ্যে একটা বিচ্ছেদ বা বিভেদ সৃষ্টির জন্য অপপ্রয়াস করেছিল এবং এর পরিপ্রেক্ষিতে যে সমস্ত সংবাদ পরিবেশন করেছিল, তাদের মধ্যে কণামাত্র সত্যতা ছিল না। কারণ আমরা জানি যে আমাদের মাননীয় লীডার'এর প্রতি আমাদের যে আস্থা তা একটা দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত। যে কোন আলোড়নে, যে কোন মিথ্যা প্রচারে সেটার ভিত্তিমূল কখনও নড়বড় হবার উপযুক্ত ছিলনা। আমরা পূর্ব্বেও দৃঢ় আস্থা নিয়ে আমাদের শ্রদ্ধেয় নেতার আনুগত্য স্বীকার করে নিয়েছিলাম, সেই আনুগত্য এখনও স্বীকার করছি। বিগত ২৮শে এবং ২৯শে তারিখে যে সমস্ত ঘটনার সূত্রপাত হয়েছিল সেটার উপর আমাদের বিভিন্ন বক্তা বলেছেন, অতএব সেই সম্বন্ধে আমার বিশেষ বলার নাই। শুধু আমি এইটুকু বলি যে আমাদের মাননীয় লীডার ঐদিন যে ধৈর্য্য, তিতিক্ষা এবং আদর্শনিষ্ঠা প্রদর্শন করেছেন তার আমি সর্ব্বান্তকরণে ভূয়সী প্রশংসা করছি। তারপর ঐ তারিখে বিধানসভা আক্রমণ, সরকারী বেসরকারী সম্পত্তির ধ্বংস সাধন, পুলিশের উপর অত্যাচার এবং জুলুম, বিধানসভার পবিত্রতা নষ্ট করার জন্য যে সমস্ত অপ-প্রয়াস, সেটাও আমরা প্রত্যেকে তীব্র নিন্দা করছি। এর প্রতিক্রিয়া আজ আমরা দেখছি যে সঙ্গে সঙ্গে ত্রিপুরার সমস্ত আকাশে বাতাসে এটার বিরূপ প্রতিধ্বনি আরম্ভ হয়েছে। প্রত্যেক সাবডিভিশানে, যেমন আমার উদয়পুর সাবডিভিশানে আমি জানি বিগত শনিবার সেখানে একটা বিরাট জনসমাবেশ হয়েছিল, এবং সেখানে ছাত্র, শিক্ষক, শ্রমিক কৃষক তারপর ব্যবসায়ী, বুদ্ধিজীবি, প্রত্যেকে সেখানে যোগদান করেছেন এবং এই সমস্ত ঘটনার (আগরতলা যে ঘটনা ঘটে গেছে) প্রতি তীব্র নিন্দাসূচক প্রস্তাব গ্রহণ করেছেন। সুতরাং আমি দেখছি যে ত্রিপুরার প্রত্যেক সাবডিভিশানে এবং আগরতলা শহরের প্রত্যেকে যে সমস্ত দুষ্কৃতিকারী এই সমস্ত ঘটনার সৃষ্টি করেছে, তার নিন্দা করছেন। আমি আশা করব আমাদের মাননীয় সদস্যগণ যে সমস্ত এলাকা থেকে নির্ব্বাচিত হয়েছেন, সেখানে অনুরূপ সভা-সমিতি করে যাতে যে অঘটন ঘটেছে, যেটা নাকি অপ্রত্যাশিত, বর্ব্বরোচিত যে ঘটনা আগরতলা শহরের বুকের উপর ঘটে গেছে তার তীব্র নিন্দা করবেন। সঙ্গে সঙ্গে আমি আমাদের শ্রদ্ধেয় নেতার প্রতি, তাঁর বলিষ্ঠ নেতৃত্বের প্রতি আমার পরিপূর্ণ আস্থা জ্ঞাপন করে, তাঁর দীর্ঘ জীবন কামনা করে, আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকরুণাময় নাথ চৌধুরী :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীসুনীলচন্দ্র দত্ত মহাশয় আমাদের কংগ্রেস দলের নেতা তথা লীডার অব দি হাউস এবং শ্রদ্ধেয় শ্রীশচীন্দ্রলাল সিংহ মহাশয়ের নেতৃত্বের প্রতি আস্থা জ্ঞাপক যে প্রস্তাব এনেছেন আমি তার প্রতি সর্ব্বান্তকরণে

সমর্থন জানাচ্ছি এবং তার সমর্থনে আমার বক্তব্য রাখছি। ভারতবর্ষের মধ্যে ত্রিপুরা একটি ক্ষুদ্র অঞ্চল। এখানে আমরা অতি অল্প সংখ্যক লোক হলেও সমস্ত ভারতবর্ষের ঐতিহাসিক দৃষ্টি আজ ত্রিপুরার দিকে নিবদ্ধ। তার একটা বিশেষ কারণ হল এই পৃথিবীর ইতিহাসের মধ্যে যতগুলি রাজনৈতিক হত্যা ঘটে গিয়েছে তার মধ্যে এই ত্রিপুরা ক্ষুদ্র হলেও এখানে একটা বর্বরতম ইতিহাস অনুষ্ঠিত হতে চলেছিল। আমরা দেখেছি যে আমাদের পার্শ্ববর্তী পাকিস্তান তিন দিকে এই ত্রিপুরাকে বেষ্টন করে আছে। তারপর পূর্ব্ব দিকে আছে মিজো, যারা বর্তমানে আন্দোলন চালাচ্ছে। আজকে ঠিক এই অবস্থায় ত্রিপুরা রাজ্যে যারা এই রাজনৈতিক জঘণ্যতার সৃষ্টি করেছে তাদের ভিতরে একটিমাত্র জিনিষ আমরা দেখেছি যে এখানে গণতান্ত্রিক উপায়ে ক্ষমতা দখলের যে বিশ্বাস ছিল সেই বিশ্বাস তাদের আজ নেই। তাই তারা অগণতান্ত্রিক একটা বর্ব্বর প্রথায় এই ত্রিপুরার শাসন যন্ত্রকে বিকল করে তাকে দখল করে নেওয়ার একটা অপচেষ্টা মাত্র চালিয়েছে। আমাদের আস্থা আমাদের নেতার প্রতি জ্ঞাপন করার প্রয়োজন কেন এই প্রশ্ন যদি কেউ করেন তাহলে আমি বলব যে ২৮ এবং ২৯ এই দুই দিনে ত্রিপুরা রাজ্যে যে ইতিহাস রচিত হয়েছে তাকে সাথে সাথে আমরা জবাব দিতে পারিনি এবং এই দুইটি ঐতিহাসিক দিনে আমাদের নেতা যে ইতিহাস রচনা করেছেন আমাদের জন্য, তা' শুধু এই আমলেই নয় আমাদের পরবর্তী আমলেও আমাদের সকলের গৌরব বৃদ্ধি করবে। তাই আমরা আমাদের এই ঐতিহাসিক প্রস্তাবের দ্বারা আমাদের মাননীয় নেতাকে গৌরবান্বিত করার পরিবর্তে আমাদের নিজদিগকেই গৌরবান্বিত করছি। এতদর্থেই এই প্রস্তাব আমি সমর্থন করছি। আমরা লক্ষ্য করেছি যে আমাদের মাননীয় নেতা ২৮ তারিখে রাত্রে যখন দুর্ঘটনা সম্পর্কে খবর পান তখন শাসন পরিচালক যাঁরা, তাঁরা চেয়েছিলেন যে জনতা যেভাবে পুলিশের উপর আক্রমণ চালাচ্ছে তাতে অন্ততঃ তাদিগকে প্রতিরোধ করতে হলেও গুলি চালানোর আদেশ হওয়া উচিত। কিন্তু আমরা সদস্য যারা উপস্থিত ছিলাম—তাঁর সেই ঐতিহাসিক উক্তি আমাদের স্মরণ থাকবে এবং ভবিষ্যতে যারা আসবে তাদের জন্য তিনি এটা রেখে গেলেন। তিনি বলেছিলেন যে আমার চাইতেও আমার ছেলেরা প্রিয়। আমি গুলির আদেশ দেওয়ার পূর্ব্বে আমার দেহ থেকে যেন আমার প্রাণ চলে যায়। আমি গুলির আদেশ দিতে পারব না। এই যে আদর্শ তিনি দেখিয়েছিলেন তাতে আমরা যারা উপস্থিত ছিলাম তারা বিস্ময়ে অভিভূত হয়েছিলাম। আমাদের বিশ্বাস তখনও নড়বড় করছিল যে এতবড় বিশ্বাস আমরা কি করে রাখি যে ক্ষেত্রে এক ঘণ্টা নয়, দুই ঘণ্টা নয়, সুদীর্ঘ ছয়টি ঘণ্টা তারা লড়াই চালিয়েছে। কিন্তু পুলিশকে তার সংযমের বাইরেও সংযম রক্ষা করতে হয়েছে। এই অবস্থায় মুখ্যমন্ত্রী তাঁর সেই সাবলীল দৃষ্টিভঙ্গী নিয়ে ইতিহাস সৃষ্টি করেছেন। আমার সহকর্মীদের বিশ্বাস তখন কি অবস্থায় ছিল জানি না। কিন্তু আমার বিশ্বাস এই পর্যায়ে এসে পৌছেছিল যে এই মুহূর্ত্তে গুলির আদেশ না হলে হয়ত আমাদের অনেক পুলিশের প্রাণ যাবে। ভগবান রক্ষা করেছেন যে ঐ সময়কার মত থেমে গিয়েছিল। তার পরের দিন যা' ঘটেছে তার সংগে আফ্রিকার একমাত্র লুমুম্বা হত্যার ঘটনার সংগে তুলনা করা চলে। এছাড়া আর দ্বিতীয় কোন ঘটনা

পৃথিবীর ইতিহাসে আমি দেখিনি। তবু এই ঘটনার মধ্যে আমি লক্ষ্য করেছি যে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যখন এই বিধানসভা ভবনের সামনে এলেন তখন তিনি ঘটনাস্থল পরিদর্শন করবেন বলে কথা দিলেন। কিন্তু সেই কথার দাম যারা আন্দোলনকারী তারা রক্ষা করতে পারেন নাই। তারা তাঁকে জোর করে ঘটনাস্থলে নিয়ে যেতে চাইল। কিন্তু সেই স্বীকৃতিকে তারা যেভাবে অভিনন্দিত করলো সেই পন্থাটা আইন সম্মত নয়। এটা বেআইনী। আমার যতটুকু মনে হয় তারা আইনগত একটা সুযোগ নেওয়ার জন্য—যখন তারা বুঝতে পেরেছে যে—আমাদের মাননীয় সদস্য শ্রীযুক্ত গোপেশ বাবু একটা ইঙ্গিত দিয়েছেন যে তারা যেভাবেই হোক জেনেছে যে কোন অবস্থাতেই মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর ক্ষমতার অপব্যবহার করবেন না, অহিংসার পরীক্ষা তিনি করবেন, এই দৃঢ় প্রতিজ্ঞার কথা তারা বোধ হয় পূর্ব্বেই জানতে পেরেছিল। তাই এই সুযোগ নেওয়ার জন্য তারা বিধানসভা ভবনের দিকে এসেছিল। কারণ একটিমাত্র সুযোগ তারা নিতে চেয়েছিল যে বিধান সভার ভিতরে যদি আনতে পারে আর একটা ঘোষণা যদি নিতে পারে তাহলে তাদের জয় হবে। তখন তারা বিধানসভা ভবনে এসেছিলেন। কিন্তু আশ্চর্যের বিষয়—এখানে অনেক বক্তাই উল্লেখ করেছেন যে আমাদের পার্লামেণ্টের দুইজন সদস্য এখানে উপস্থিত ছিলেন। কম্যুনিষ্ট পার্টির সরোজ চন্দকেও আমি দেখেছি। তিনিও তাঁদের সংগে উপস্থিত ছিলেন। আমি এখানে একটি ঘটনা তুলে ধরতে চাই যে পার্লামেণ্টের একজন সদস্য আমাদের নোটীশ অফিসের পাশের একট ঘর দখল করে সেখানে একটা কার্টুন আঁকেন, যে কার্টুনের দ্বারা তিনি ছাত্রদিগকে আরও উত্তেজিত করতে প্রয়াস পান এবং লোকসভার যে চিঠি লেখার প্যাড সেই প্যাডেই তিনি তা আঁকেন এবং আমাদের নোটীশ বোর্ডে সেটাকে তিনি প্রবেশ করিয়ে দেন এবং ছাত্রদের তিনি ডেকে তা' দেখিয়ে উত্তেজনা বৃদ্ধি করতে থাকেন। আমি আর একটি সংবাদ আপনাদের কাছে পরিবেশন করতে চাই যে মাননীয় পার্লামেণ্টের সদস্য তাঁর সেই প্যাডখানা সেই ঘরে রেখে গেছেন। আমরা জানি ক্রিমিন্যাল ব্লাণ্ডার বলে একটা কথা আছে। সেই ব্লাণ্ডার তিনি করেছেন। তা না হলে সজ্ঞানে তিনি তা' করতে পারতেন না। সেই দৃশ্য আমাদের মার্শাল মহাশয় নিজে দেখেন এবং আমাকে দেখান। আমি তার চাক্ষুষ প্রমাণ। যারা বিধান রচনা করেন পার্লামেণ্টে, তারাই বিধান ভংগ করে আমাদের এই বিধানসভার এলাকার মধ্যে প্রবেশ করেন উত্তেজিত জনতা নিয়ে। তারপর যে ইতিহাস ঘটে গেছে তা আমাদের সদস্যরা বলেছেন, আমি তার দ্বিরুক্তি করতে চাই না। শুধু এই কথাই বলতে চাই যে মাননীয় স্পীকার মহোদয়কে যখন ছেলেরা আক্রমণ করে বলে যে আসুন, আপনি দেখে যান যে ছেলেদের হত্যা করার জন্য সৈন্যদল তলব করা হয়েছে, তখন আমি তাঁর পাশে ছিলাম। আমি শুধু বলেছিলাম যে সরকার যে আদেশ দেন তার উপর আমাদের অধ্যক্ষ মহোদয়ের কোন হাত নেই। সুতরাং তাঁকে আপনারা জোর করে টেনে নিয়ে যাচ্ছেন, এইরকম অসম্মান করা উচিত নয়। কারণ একসময় তো আপনারাই বিধান সভার সদস্য হতে পারেন। তখন তারা আমাকে টেনে দূরে ঠেলে দেন, আমি অসুস্থ তাই তাদের সংগে আর পারি নাই। তারপর আমি দুঃখের সংগে তাদিগকে বলেছিলাম যে আজ যদি আমার কথা বলার

অধিকার আপনারা বন্ধ করে দেন তাহলে আগামী কাল আপনাদের কথা বলার অধিকার আপনাদের ভাইয়েরা কেড়ে নেবে। সুতরাং আমার মনে হয় আপনাদের ধৈর্য ধরা উচিত। কিন্তু কোন কথাই কাজে লাগেনি। আমি যখন এইরকম অবস্থায় দাঁড়িয়েছিলাম তখন একজন অপরিচিত নেতার মুখে একটা কথা শুনি। একথাটা হল এই যে মাননীয় মুখ্যমন্ত্রীকে তারা যখন কোনঠাসা করে আমাদের মাননীয় স্পীকার মহোদয়ের ঘরে, তখন আমাদের মাননীয় সদস্য শ্রীকৃষ্ণদাস ভট্টাচার্য মহাশয় তাঁর পাশে, ঠিক তখনই একজন নেতা বলে উঠলেন যে শচীন্দ্রলাল সিংহ ব্রিটিশ সিংহকে পদদলিত করেছেন, ব্রিটিশ সিংহকে ভারতবর্ষ থেকে তাড়নোর জন্য ব্রত নিয়ে জীবন কাটিয়েছেন, তোমরা মুর্খের দল, তাঁকে এখানে তোমরা যেভাবে চাঁপে ফেলে কথা আদায় করতে চাইছ, কাজ আদায় করতে চাইছ, আর তোমাদের উদ্দেশ্য সাধন করতে চাইছ তা ব্যর্থতায় পর্যবসিত হবে। তোমরা ভীরু ছেলের দল, কিছুই করতে পারবে না। আমাদের লোক আছে, রাস্তায় নিয়ে চল, সেখানে তার আমরা শেষ সমাধি রচনা করব, চল এক্ষুনি নিয়ে চল। একথা বলে তিনি যখন লেকচার দিচ্ছিলেন; তখন আমার প্রায় কথা বলার শক্তি শেষ হয়ে গিয়েছিল, আহত অবস্থায় আমি পরেছিলাম। এরপর লক্ষ্য করলাম যে দীর্ঘ তিন ঘণ্টা পর মাননীয় মুখ্যমন্ত্রীকে তারা নিয়ে রওয়ানা দিয়েছে। প্রথম তারা বলেছেন যে জি, বি, হাসপাতালে যাবে আহত ছেলেদের দেখাতে, কেউ বলেছে প্রথম যাবে ঘটনাস্থলে। কিন্তু মূল উদ্দেশ্য যেটা, সেটা হল রাস্তায় আমাদের লোক আছে, তার শেষ পরিণতি অর্থাৎ হত্যার জন্য তাকে নিয়ে যেতে হবে। এই উত্তেজনা পরিবেশন করেছেন বিরোধী দলের প্রধান নেতা এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীকে তারা সেই অগ্নি পরীক্ষায় টেনে নিয়ে যান। অহিংসা আদর্শের পূজারী আমাদের মুখ্যমন্ত্রীর এদিকে দৃষ্টি ছিলনা তা নয়, এই দীর্ঘসময় তিনি ধৈর্য সহকারে কাটিয়েছেন। আমার বিশ্বাস তিনি জানতেন যে পুলিশ বাহিনী পৃথিবী বিখ্যাত যে কেনেডি, তাকে রক্ষা করতে পারেনি। পাকিস্তানের প্রধান মন্ত্রী লিয়াকতআলিকে রক্ষা করতে পারেনি। তাই তার বিশ্বাস ছিল জনতার প্রতি। গণতন্ত্রের অতন্দ্র প্রহরী হিসাবে তার যে ব্রত তিনি নিয়েছেন, তার চরম পরীক্ষায় নিজের জীবন তুচ্ছ করে তিনি এই জনতার নেতা, জনতার মধ্যে রওয়ানা দিয়েছিলেন অজানার পথে এবং তার এই দৃষ্টিভংগী গঠন করেছে নূতন ইতিহাস। আর আমরা গৌরব বোধ করি এই জন্য যে মাননীয় মুখ্যমন্ত্রী তার এই অগ্নিপরীক্ষায় শেষ পর্যন্ত অটল ছিলেন এবং আমি আশ্চর্য্যের সহিত একটা জিনিষ লক্ষ্য করেছি যে যখন আমাদের সৈন্যবাহিনী এই বিধানসভা ভবনের মাত্র ১০০ গজের ভিতরে ছিল, তখন যদি মুখ্যমন্ত্রী ইচ্ছা করতেন তার অংগুলি হেলনে শত শত প্রাণ ধুলায় লুণ্ঠিত হত। আজকে আমাদের যারা বলছেন জালিয়ানওয়ালাবাগ তারা হয়ত আরো কিছু দেখতে পারতেন। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রীর অসীম ধৈর্য ত্রিপুরাকে রক্তস্নাত করেনি, তাকে গৌরবান্বিত করেছে। তার একমাত্র ধৈর্য এবং সাবলীলতা এবং তার প্রতি ইতিপূর্বে যে ভক্তি শ্রদ্ধা ছিল, যে আস্থা ছিল আজ তার থেকে অনেক গুণ বেড়েছে বলেই আমি আমার বক্তব্য রাখছি। আমি এর পটভূমিকায় যে দুইটী উত্তেজক অবস্থা সাহায্য করেছে, সেই

সম্পর্কে মাননীয় অধ্যক্ষ মহোদয়ের অনুমতি নিয়ে আরও কয়েক মিনিট বলতে চাই। আমরা লক্ষ্য করেছি ১৯৫২ সালে, কংগ্রেসের ভাংগা নৌকা দে ডুবাইয়া দে, এই গান যারা গেয়েছিল তারা তখন এই ত্রিপুরায় অরাজকতার সৃষ্টি করেছিল, তা আমরা সকলেই জানি। এই অরাজক অবস্থার মধ্যে সমস্ত ত্রিপুরায় আমাদের এই নেতার নেতৃত্বে আমরা নয়টি আসন পেয়েছিলাম, আর বিরোধী দল পেয়েছিল ২১টি আসন। স্বাধীনতার পূর্বে ত্রিপুরায় যে রাজত্ব কায়েমী ছিল সেটা ছিল সামন্ততন্ত্র এবং হিন্দু মহাসভার মত সাম্প্রদায়িক প্রতিষ্ঠান, সেখানে বিভিন্ন দল মিলিয়ে ২২টা দলের প্রতিষ্ঠান কেন্দ্র হয়েছিল এই আগরতলায়। আমাদের নেতা তখন সমস্ত ভারতবর্ষের চিন্তায় চিন্তিত হয়ে এই সাম্প্রদায়িকতা দূর করে, এক জাতি এক প্রাণ গড়ে তোলার জন্য তার জীবন পণ করে তিনি জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা করেছিলেন। কোন সাম্প্রদায়িকতা, কোন হীনতা, কোন নীচতা তাকে আকর্ষণ করতে পারেনি। তার সেই সাবলীল দৃষ্টিভংগীর মধ্যে তারা বারবার মার খেয়েছেন। তারা ১৯৫৭ সালে তাঁর বলিষ্ঠ নেতৃত্বের কাছে পরাজয় বরণ করলেন। এই সময়ে মাত্র ১৫।১৫ অর্থাৎ সমান সমান আসন পেলেন। তখন আমাদের এই নেতা, তার যে নীতি, তার প্রতি সদস্যদের বিশ্বাস, এই মূলধন করে তিনি এই পাঁচ বছর আঞ্চলিক পরিষদে কাজ চালিয়েছিলেন। তারপর ১৯৬২ সালে আমাদের বিরোধী দল, যতই তারা বলুকনা কেন, সমস্ত ভারতবর্ষ এর সংগে যদি তুলনা করি, তাহলে ত্রিপুরা যে অসুবিধায় ছিল, সেই অবস্থার মধ্যে আমরা ১৭টা আসন এই নেতার নেতৃত্বে পেয়েছিলাম। আজ কি অবস্থা থেকে কোথায় এসে পৌঁচছি, এই সম্পর্কে বিভিন্ন পত্র পত্রিকায় লেখা বারবার হয়েছে। কাজেই এই সম্পর্কে না বলে শুধু বলব যে কংগ্রেসের বিরুদ্ধে যারা অগণতান্ত্রিক পন্থায় সরকার দখল করার জন্য অগ্রসর হতে চান তারা আজকে ক্ষিপ্ত হয়ে উঠেছেন। কাজেই সেদিন একটা বে আইনি কাজকে—একটা ব্ল্যাকমার্কেটীয়ারের ব্ল্যাকমার্কেটীং এর নিন্দা না করে তারা অভিনন্দন করে, তারপর অগ্রসর হয়েছিলেন এই রাজ্যে শাসকদল যারা আছেন, তাদের পর্যদুস্ত করার জন্য এবং তার মূলে রয়েছেন আমাদের যারা ভারত রক্ষা আইনে আবদ্ধ ছিলেন তাদের উস্কানি। একদিকে পকিস্তান, আরেকদিকে মিজো, মধ্যে আমরা ত্রিপুরাবাসী। আমাদের বিপন্ন করতে পারলে আজকে চীনের সংগে পাকিস্তান, আর পাকিস্তানের সংগে ত্রিপুরা, ত্রিপুরার সাথে মিজো। এই চিন্তায় চিন্তিত হয়ে তারা এই আন্দোলনে উৎসাহ যোগিয়েছেন। আমি আশা করব যে অদূর ভবিষ্যতে আমাদের দেশের সর্বত্র যে অপপ্রচার হয়েছে এই অপপ্রচার যদি আমরা রোধ করতে পারি তাহলে জনগনের মনে যে সন্দেহ এসেছে তা ভবিষ্যতে অপসারিত হবে। বিশেষ করে যারা এই উত্তেজক বক্তৃতা ইত্যাদি দিয়ে আমাদের নির্দোষ কতকগুলি ছেলেকে তারা উত্তেজিত করেছে, প্ররোচিত করেছে এবং শেষ পর্যন্ত পুলিশ তার আত্ম রক্ষার জন্য গুলি চালনার ফলে যে কয়েকজনের মৃত্যু হয়েছে, তাদের জন্য আমি দুঃখ প্রকাশ করছি। যারা খল, তারা তাদের খলতা করে যাবে, সজ্জন যারা তারা তার দুর্ভোগ ভুগে থাকে, ইহা ঐতিহাসিক সত্য। সুতরাং আজকে যতই দুঃখের হউক না কেন, এই ঘটনা মেনে নিতে হবে যারা প্রাণ হারিয়েছেন, তাদের জন্য আমি দুঃখ প্রকাশ করছি এবং আমি নেতার প্রতি গভীর শ্রদ্ধা এবং আস্থা রেখে আমার বক্তব্য সমাপ্ত করছি।

শ্রীরাজকুমার কমলজিৎ সিংহ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে হাউসে আমাদের মাননীয় সদস্য শ্রীসুনীল দত্ত মহাশয় যে মোশান এনেছেন তার সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি। উনার যে প্রস্তাব, সেই প্রস্তাবের প্রয়োজনীয়তা অপ্রয়োজনীয়তা সম্বন্ধে উনার বক্তৃতায় পরিস্কার ভাবে দেওয়া হয়েছে। আমি শুধু এটা অ্যাড করতে চাই। সমস্ত ঘটনার আমরা যদি বিশ্লেষণ করি, তাহলে আমরা দেখতে পাব যে এই ঘটনার পিছনে একটা বিরাট উদ্দেশ্য ছিল। এই সেশান আরম্ভ করার আগে থেকে বিভিন্ন পত্র পত্রিকায়, রাস্তায়, ঘাটে এবং গ্রামে গ্রামে একটা গুঞ্জরন তদুপরি গত ২৮শে এবং ২৯শে তারিখের যে ঘটনা, এই সমস্ত ঘটনাগুলি বিশ্লেষণ করলে দেখা যাবে ইহার পিছনে একটা ষড়যন্ত্র ছিল। ত্রিপুরার বর্ত্তমান যে অবস্থা, তিন দিকে পাকিস্তান, তদুপরি মিজো এবং ভিতরে নানারকম সমস্যা সংকুল যে ত্রিপুরা, এইসব নানাহ সমস্যার ভিতর দিয়ে আমাদের মাননীয় নেতা শ্রীশচীন্দ্র লাল সিংহের নেতৃত্বে ত্রিপুরাকে আমরা পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে ধীরে ধীরে গঠন করে উন্নতির দিকে এগিয়ে নিচ্ছি। এই অবস্থায় যারা গণতন্ত্রকে বিশ্বাস করেনা এবং অগণতান্ত্রিক পদ্ধতিতে যারা দেশে উশৃঙ্খলতা আনতে চায়, তাদের মনে স্বভাবতই ভয় এবং ভীতির কারণ হয়ে দাঁড়ায়। তাই তারা নানাহ কৌশল করে এই যে গণতান্ত্রিক প্রতিষ্ঠান এবং এই নেতৃত্বকে চ্যালেঞ্জ করার জন্য নানাহভাবে কৌশল অবলম্বন করে এটার পতন ঘটাবার চেষ্টা করে। তার প্রমাণ তারা দেখাল। তাদের যে সহিংস সংগ্রাম তার প্রমাণ আমরা পেয়েছি গত ২৯শে তারিখের ঘটনায়। কিন্তু আমাদের মাননীয় নেতার নেতৃত্ব, নিজের ব্যক্তিত্বে এবং সারা জীবনের অহিংসা সংগ্রাম এবং ত্যাগের মাধ্যমে দেশকে সেবা করার জন্য উনার যে নেতৃত্ব, তাদের কাছে সেটা ব্যর্থ হয়ে যায়। এই অবস্থায় আমাদের ক্রমে ক্রমে ত্রিপুরার ১৫ লক্ষ লোকের মধ্যে এবং ভারতবর্ষের অন্যান্য জায়গায়ও একটা সংশয়ের সৃষ্টি হয়েছে যে এই ত্রিপুরা রাজ্যের মন্ত্রী মণ্ডলী এবং বিধান সভায় কি একটা ঘটনা ঘটেছে। এই অবস্থায় আমাদের মাননীয় সদস্য শ্রীসুনীল দত্ত যে প্রস্তাব এনেছেন সেটা আমার বিশ্বাস যে সময়োপযোগী হয়েছে এবং এতে আমাদের ত্রিপুরা রাজ্যের ১৫ লক্ষ লোকের সংশয় দূর হবে এবং সঙ্গে সঙ্গে ত্রিপুরা রাজ্যের জনসাধারণও দাবী করবেন যে ত্রিপুরা রাজ্যের বর্ত্তমান উশৃঙ্খল পরিস্থিতি এবং বিধানসভাকে বানচাল করে দেবার জন্য যারা দায়ী, আমাদের ত্রিপুরাকে যারা দুষমনদের হাতে তুলে দিতে চায় তাদের বিচার হোক এবং সমুচিত শাস্তি দেওয়া হোক এবং আমাদের ত্রিপুরার জনসাধারণ এটাও বিশ্বাস করেন যে যারা অগণতান্ত্রিক পন্থাতে ত্রিপুরাকে এইভাবে দুষমনের হাতে তুলে দিতে চায় জনসাধারণ তাদের কোনদিন ক্ষমা করবে না, কোনদিন বিশ্বাস করবে না। তাই আজকে আমাদের এই অবস্থায়, আমাদের মাননীয় নেতা এবং বিধানসভার যে নেতা তাকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনিশিকান্ত সরকার ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের মাননীয় সদস্য শ্রীসুনীল দত্ত মহাশয় আমাদের মুখ্যমন্ত্রীর উপর যে আস্থাজ্ঞাপক প্রস্তাব এনেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন করছি এবং এই সমর্থন শুধু আজকের নয়, আমি আজকে ২০ বৎসর ধরে উনার নেতৃত্বে চলেছি এবং নেতৃত্বের মধ্য দিয়ে আমরা কাজ করে যাচ্ছি। আর একটা কথা হল যে

আজকে যে ঘটনা হয়ে গেল এই সম্বন্ধে হাউসের সামনে বিভিন্ন সদস্য বিভিন্নভাবে ব্যাখ্যা করেছেন, আমি আর ব্যাখ্যা করছি না। আমি শুধু আনন্দিত এইখানে যে আজকে আমাদের মহান নেতা যে আদর্শ দেখিয়ে গেলেন ত্রিপুরাবাসীকে, আমাদের চক্ষে যে কত ভুল রয়ে গেছে সেটাকে আমি অনুভব করছি। আমি দেখেছি বিরোধী দলের সঙ্গেও আমার এই মহান নেতা যেভাবে আলাপ আলোচনা করেছেন এবং এক জায়গায় বসে যেভাবে তাদের আপ্যায়িত করেছেন এবং খাওয়াদাওয়া করেছেন তারপরও এই বিশ্বাসঘাতকের দল যে ব্যবহার করে গেলেন এরপরে এটা আমি আশা পোষণ করছি যে ভবিষ্যতে এই দলকে অন্ততঃ ত্রিপুরা থেকে যতক্ষণ আমরা নিশ্চিহ্ন না করতে পারি ততক্ষণ আমাদের সংগ্রামের শেষ নাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বেশী সময় বলব না, আমি অসুস্থ। আমাদের মহান নেতার প্রতি সম্পূর্ণ আস্থা রেখেই আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী রেণু চক্রবর্তী ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় সদস্য শ্রী দত্ত যে আস্থা-জ্ঞাপক মোশনটা এনেছেন তাকে আমি আন্তরিক অভিনন্দন জানাই এবং সম্পূর্ণ সমর্থন জানাই। আমাদের আস্থা আমাদের নেতার প্রতি কোনদিন বিন্দুমাত্রও কম নয়। তবু বর্ত্তমান দুরভিসন্ধি-মূলক বিভ্রান্তিকর অপপ্রচারের জন্য যদি জনসাধারণের মনে বিন্দুমাত্র প্রশ্ন জাগে তার জন্য আমরা এই গণতন্ত্রের পূত কক্ষে আজ তাকে গণতন্ত্রের দৃঢ় ভিত্তির উপর পুনঃ প্রতিষ্ঠিত করতে চাই। এই মহান নেতার জীবনের ইতিহাস আমরা পূর্ব্বে এবং পরে এবং সেদিনের ঘটনাবলীর পূর্ণ বিবরণ আমরা মাননীয় সদস্যদের মুখে শুনেছি। কিন্তু আমার একটা আবেদন যে গণতন্ত্রের এই পূত কক্ষে শুধু আস্থা জ্ঞাপন করলেই আমাদের চলবে না, তার আদর্শকে অনুসরণ করে গণতন্ত্রকে রক্ষার এবং প্রতিষ্ঠার জন্য শপথ গ্রহণ করতে হবে। তাহলেই তার উপযুক্ত মর্য্যাদা দেওয়া হবে এবং তার প্রতি আমাদের শ্রদ্ধা জ্ঞাপন করা হবে এবং তাঁর প্রতি আমাদের আস্থা জ্ঞাপন করা হবে। গত ২৮শে আগষ্ট চোরাকারবারীদের যে অপ্রীতিকর ঘটনা ঘটেছিল, সেটা যারা চোরাকারবারীর বিরুদ্ধে এত অহংকার করে তাদের দমন করার জন্য, কিন্তু সেই ছোট একটা ঘটনাকে প্রশ্রয় দিতে গিয়ে তারা যে অঘটন ঘটালো এবং ২৯শে আগষ্ট গণতন্ত্রের যে একনিষ্ঠ পূজারী আমাদের মহান নেতা সেই গণতন্ত্রকে রক্ষার জন্য ও মর্য্যাদা দেবার জন্য যে অহিংসা, ধৈর্য্য এবং সাহসের যে উজ্জ্বল দৃষ্টান্ত দেখিয়েছেন ত্রিপুরার প্রতিটি গণতান্ত্রিক জনসাধারণ তাকে অভিনন্দন জানিয়েছে এবং ত্রিপুরার ইতিহাসে স্বর্ণাক্ষরে তা লেখা হয়ে থাকবে এবং যুগযুগান্তর ধরে জনসাধারণ এতে আনন্দিত হবে। গণতান্ত্রিক মর্যাদা দিতে গিয়ে নিজের জীবনকেও বিপন্ন করেছিলেন; দুরভিসন্ধিমূলক দুষ্কৃতকারী দুবৃত্তগণ গণতন্ত্রের পবিত্র কক্ষকে অপবিত্র করে হিংসাত্মকভাবে মুখ্যমন্ত্রীর প্রাণ নাশের চেষ্টা করেছিল। কিন্তু তিনি নির্ভীক। নিজের প্রাণকেও বিপন্ন করে গণতান্ত্রিক জয়যাত্রায় সাফল্য অর্জ্জন করেছেন। সুতরাং আমাদের এই শপথ গ্রহণ করতে হবে যে গণতন্ত্রের যিনি ধারক ও বাহক তার আদর্শকে আমরা অনুসরণ করব এবং অন্যায়ের বিরুদ্ধেও আমরা লড়তে কুন্ঠিত হব না। এই অন্যায় দুষ্কৃতকারী যারা, উস্কানিদাতা যারা, সমাজ দ্রোহী যারা, যাদের স্বার্থের জন্য এই কয়েকটি কোমল প্রাণ নষ্ট হল এবং যাদের রক্ত ক্ষয় হল এবং এতগুলি লোক আহত হল তাদের বিচার আমাদের করতে হবে এবং রবিঠাকুরের ভাষায় আমরা বলব যে "অন্যায় যে করে আর অন্যায় যে সহে তব ঘৃণা তারে যেন তৃণসম দহে"।

সুতরাং যে অন্যায় করে সেই অন্যায়কে আমরা সহ্য করব না এবং তার উপযুক্ত জবাব আমাদের সাধ্যমত দিতে চেষ্টা করব। এই বলেই আমাদের মহান নেতার প্রতি আমার পরিপূর্ণ আস্থা জ্ঞাপন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমনোরঞ্জন নাথ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে হাউসের সামনে আমাদের মাননীয় সদস্য শ্রীসুনীল দত্ত মহাশয় যে প্রস্তাব রেখেছেন, মাননীয় মুখ্যমন্ত্রীর প্রতি আস্থাজ্ঞাপক যে প্রস্তাব রেখেছেন, আমি তা সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি। আমাদের এ্যাসেম্বলী সেশান আরম্ভ হওয়ার কিছুদিন পূর্ব থেকেই বিভিন্ন পত্রপত্রিকায় আমরা দেখতে পাচ্ছি যে আমাদের কংগ্রেস পার্লামেণ্টারী পার্টি থেকে নাকি কয়েকজন সদস্য অপর দিকে সরে গেছেন বা বিভিন্ন রকম ফাটল ধরেছে ইত্যাদি, এবং দেশের কিছুসংখ্যক লোকের সেই সম্পর্কে সন্দেহ হচ্ছে, কেউ কেউ আমাদিগকে প্রশ্ন করছে, কাজেই আজকে যে প্রস্তাব এসেছে তা যুক্তিসংগত এবং সময়মত প্রস্তাব এসেছে। আজকে এই প্রস্তাব আনার উচিত কারণ ঘটেছে। কারণ আমাদের মানুষের মনে যে সন্দেহ জেগেছে তা নিরসন করতে হবে। আমরা জানি আমরা যে সদস্য পার্লামেণ্টারী পার্টিতে আছি তারা প্রত্যেকে একমত হয়ে কাজ করছি, আমাদের মধ্যে কোন ফাটল নাই। কিন্তু বিভিন্ন পত্রপত্রিকায় নানারকম অপপ্রচার করছে, হয়ত বিভিন্ন সংবাদ এখান থেকে কলিকাতায় গেছে এবং তাকে রঙ্ এবং নমুনা দিয়ে প্রচারিত হচ্ছে, তা সম্পূর্ণ ভিত্তিহীন আমরা জানি। এইজন্যই আমাদের মনে সাহস আছে, কাজেই আমরা এই প্রস্তাব এনেছি। গত ২৮শে ও ২৯শে তারিখে যে ঘটনা হয়েছে, সেই সম্পর্কে হাউসের সামনে দীর্ঘ আলোচনা হয়েছে, সুতরাং সেই সম্পর্কে বিশেষ কিছু বলবনা আমি, আমার ব্যক্তব্য আমি অল্প কথায়ই শেষ করব। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ২৮শে ও ২৯শে তারিখে যে ধৈর্য্য, সাহস ও নির্ভিকতা দেখিয়েছেন তাতে আমাদের আস্থা আরও গভীরতর হচ্ছে। আমরা আজকে ২০ জন সদস্য কংগ্রেস পার্লামেণ্টারী পার্টির ২০ জন সদস্য এক সংগে বলব যে মাননীয় মুখ্যমন্ত্রীর প্রতি অগাধ আস্থা আছে, সম্পূর্ণ অটুট আস্থা আছে। আজকে আমরা মানুষের মনের এই যে সন্দেহ তা ২০ জন সদস্য এক কণ্ঠে উচ্চারণ করে আমরা এই সন্দেহের নিরসন করব। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদশমী রিয়াং ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় সদস্য শ্রীসুনীল চন্দ্র দত্ত মহাশয় যে কনফিডেন্স মোশান আমাদের মাননীয় নেতার উপর এনেছেন, আমি তা সমর্থন করি।

শ্রীআবদুল ওয়াজিদ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, হাউসের মধ্যে সুনীলবাবু যে আমাদের পার্টি লীডারের উপর আস্থাসূচক প্রস্তাব এনেছেন, আমি সেটাকে সমর্থন করি। কারণ আমরা দেখেছি ২৮শে ও ২৯শে তারিখের ঘটনাকে কম্যুনিষ্ট পার্টি যে রূপ দিয়েছে এবং পত্রপত্রিকায় আমাদের কংগ্রেস দলের ভিতর যে কোন্দল আছে বলে যে বিবৃতি প্রকাশ পাচ্ছে, আমাদের ত্রিপুরাবাসীকে বিভ্রান্ত করার জন্য তারা যে অপপ্রচেষ্টা করছে, তার জন্য আমাদের যে সম্পূর্ণ আস্থা আছে আমাদের পার্টি লীডারের উপর, সেটা পুনরায় আমাদের হাউসের মধ্যে আনা দরকার। নতুবা ত্রিপুরাবাসী এই পত্রিকার গুজবে বিভ্রান্ত হতে পারে। যাতে বিভ্রান্ত না হয় তার জন্য আমাদের সকলের যে সম্পূর্ণ আস্থা আছে আমাদের লীডারের উপর সেটা এই সময়ে আনা একান্ত

প্রয়োজন। আমরা শুনেছি ত্রিপুরার বুকে বিভিন্ন সময়ে কম্যুনিষ্ট পার্টি, ত্রিপুরাবাসীর কোন কোন ব্যক্তিকে, তাদের উপর বিশ্বাস জন্মায়ে, রাত্রিতে তাদের হত্যা করেছে। কিন্তু দুঃখের বিষয় সেটা আমরা দেখি নাই, আমরা শুধু পত্রপত্রিকায় দেখেছি। কিন্তু নূতন অভিজ্ঞতা আমরা নিলাম সেদিন ২৮শে ও ২৯শে তারিখে, আগরতলা শহরের বুকের উপর, দিবালোকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীকে তারা যে হত্যা করার অপচেষ্টা করেছিল এবং তারা যে কত নীচ হতে পারে সেটার অভিজ্ঞতা আমরা প্রত্যক্ষ করছি এবং সেই হত্যাকাণ্ডের মধ্যে, সেই গুরুতর সমস্যার মধ্যে সেই যে আমাদেব মহান নেতা, তিনি সেই পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। সেটা শুধু ত্রিপুরার নয়, ভারতবর্ষে নয়, পৃথিবীর মধ্যে এইরকম খুব কম নেতাই আছেন যারা এই কঠিন পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, তার জন্য আমি আমার শ্রদ্ধেয় নেতার প্রতি আস্থাজ্ঞাপক প্রস্তাব সমর্থন করে আল্লার কাছে প্রার্থনা করছি তিনি যেন আমাদের মধ্যে অমর হয়ে থাকেন এবং আমরা যেন তার আদর্শে অটুট থাকিয়া দেশের সেবা করতে পারি, এই বক্তব্য রেখে প্রস্তাবটি সমর্থন করে, আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবি, দাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই হাউসের সামনে আমাদের মাননীয় সদস্য শ্রীসুনীল চন্দ্র দত্ত মহাশয় আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এবং দল নেতার প্রতি যে আস্থাসূচক মোশান এনেছেন, তার প্রতি আমি আমার সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাতে গিয়ে একটা ছোট্ট ঘটনা আমি এখানে তুলে ধরতে চাই। আজকে সকাল বেলা এই হাউসের মধ্যে আমাদের মাননীয় সদস্য শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত, তাদের আদর্শ নিয়ে, তাদের যে আদর্শগত নীতি সেই সম্বন্ধে তার বক্তব্য রাখতে গিয়ে যে কথাগুলি বলেছেন, তার পরিপ্রেক্ষিতে আমি এই ছোট্ট ঘটনাটি তুলে ধরতে চাই। তাদের যে নীতি, বিশেষ করে বর্তমান যে নীতি, যে কথাটা আমাদের মাননীয় সদস্য কিছুক্ষণ আগে তুলে ধরেছেন যে বুলেটের মুখে ক্ষমতা, এই যে নীতি সেটাকে যাতে ফলাতে পারে, তার যে একটি অপচেষ্টা তার যে একটা অপকৌশল, কিভাবে বিরোধী দলের মাননীয় সদস্যগণ সেদিন সেটা ফলাতে চেয়েছিলেন, এই ছোট্ট ঘটনাটিতে তার কিছুটা আলোকপাত করতে চেষ্টা করব। তখন বেলা ১১টা বাজতে ১০ মিনিট বাকী, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী উনার সরকারী বাসভবন থেকে বেরোলেন সেই বিধানসভার দিকে আসবেন, পায়ে হেটে, সংগে কংগ্রেস দলের মাননীয় সদস্য আসছিলেন, আমিও উনার সাথে ছিলাম। আমরা যখন এ্যাসেম্বলী হাউসের গেটে এসে পৌছাই, তখন সেখানে আমাদের কংগ্রেস দলের একজন সদস্য এবং বিরোধী দলের তিনজন সদস্যকে সেখানে দেখতে পাই। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী সেখানে আসার সাথে সাথে জনতা সেই গেটটা বন্ধ করে দেন, অবরোধ করেন উনার যাত্রাপথ। উনি জনতার সাথে কথা বলতে থাকেন। সেই কথার মাঝখানে বেশ কিছুক্ষণ কেটে যায়, অন্ততঃ ১০ মিনিট, ১০ মিনিট পরে দেখা গেল আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এবং জনতা কিছুটা পূর্বদিকে সরে আসছেন, আমরাও উনার সাথে সাথে, পিছে পিছে যাচ্ছিলাম, হঠাৎ একটা আওয়াজ এসে আমার কানে পৌছিল, সেই আওয়াজটি আমার কাছে বিশেষ পরিচিত কারণ গত তিন বছর ধরে এই এ্যাসেম্বলীতে, এই বিধানসভায় উনার সেই আওয়াজ আমি

শুনেছি, সংগে সংগে আমি ফিরে তাকাই এবং লক্ষ্য করি যে গেটে তখন মাত্র একটা ছোট্ট বালক সেখানে দাঁড়িয়ে আছে এবং যিনি বক্তা, যার আওয়াজটা আমার কানে এসে পেঁছেছিল উনাকে আমি লক্ষ্য করলাম, উনি সেখানে জনতার কিছু অংশকে প্ররোচনা দিচ্ছেন, উসকানি দিচ্ছেন, যে গেট তোমরা বন্ধ কর, কাউকে ঢুকতে দেবেনা ইত্যাদি ইত্যাদি, সংগে সংগে সেখানে আমি বললাম আর কত পরামর্শ দেবেন, আর কত উসকানি দেবেন, উনি সঙ্গে সঙ্গে উত্তর করলেন, এইত সবে সুরু, আসুন না, তারপর আরও দেখবেন, আমিও সঙ্গে সঙ্গে উনাকে বললাম বেশ ভাল কথা, আসুন আপনি, আমিও চ্যালেঞ্জ করছি আসুন, গণতন্ত্রের যে পীঠস্থান, পবিত্র সংস্থা আসুন সেখানে যাই এবং গণতন্ত্রকে রক্ষা করতে যতটুকু করণীয় তা আমরা করব। তারপর উনি সেই ছেলেদের উসকানি দিলেন এবং তাদের কয়েকজনকে ক্ষেপিয়ে দিলেন, সেই জনতা আমাদের দিকে রুখে এল, সেখানে আমি বললাম উনাকে, জনতাকে যতই আপনি রুখান না কেন, আসুন আমরা ভিতরে যাই, গণতন্ত্রকে রক্ষা করবার জন্য আমাদের যতটুকু করনীয় আসুন সেটা আমরা করি। কিন্তু চ্যালেঞ্জ সেখানে উনি গ্রহণ করলেন না এবং সেখান থেকে উনি সরে গেলেন। কাজেই এই যে ছোট্ট ঘটনাটি, তাতে করে আমি তুলে ধরতে চাইছি তাদের যে নীতি বা সেদিন যে ঘটনাটা ঘটালেন, সেটা তাদের পুর্ব পরিকল্পিত এবং সবাই মিলে পরিকল্পনা অনুযায়ী কিছু লোককে, তাদের সদস্যদের কিছু এখানে রেখে বাকী দুই একজন বাইরে তারা অপেক্ষা করছিলেন এবং এভাবে একটা উস্কানি দিচ্ছিলেন। তাদের যে এই নীতি তারা যে ধরণের ব্যবহার সেদিন করলেন, যেভাবে জনতাকে উস্কিয়ে দিলেন, তার আমি নিন্দা রাখছি, আর গণতন্ত্রের ধারক, গণতন্ত্রের পুজারী আমাদের যে শ্রদ্ধেয় নেতা, আমাদের শ্রদ্ধেয় দল নেতা, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী উনার সেই প্রতীক্ষা, উনার প্রতিশ্রুতি, উনার সেই ধৈর্য্য এবং সহিষ্ণুতা দেখিয়ে যেভাবে উনি রক্ষা করতে চেষ্টা করেছিলেন, সেই ক্ষেত্রে জানাই আমার শ্রদ্ধা এবং অভিনন্দন এবং তার প্রতি আবারও আমি আমার বিশ্বাস এবং পুর্ণ আস্থা রেখে আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

শ্রীরাজ প্রসাদ চৌধুরী ঃ—মাননীয় স্পীকার, এই ভারতবর্ষে এমন ইতিহাস, আমি দেখিওনি শুনিও নি। সত্য, ত্রেতা, দ্বাপর এবং কলিতে যুগ যুগ ধরে বৈকুণ্ঠ থেকে যেমন শ্রীভগবান ধরাধামে অবতীর্ণ হয়েছেন জগতের লোককে পরিত্রাণ করতে তেমনি আমাদের ত্রিপুরার মুখ্যমন্ত্রীও ত্রিপুরার ১৫লক্ষ লোকের ত্রাণকর্ত্তারূপে এখানে অবতীর্ণ হয়েছেন। তিনি ক্ষমার অবতার। ত্রিপুরাবাসী যতই অপরাধ করুক না কেন তিনি তাতে অসন্তুষ্ট হন না। বিভিন্ন ধর্ম্মাবলম্বী লোকদের মধ্যে যেমন সংঘাত হয় অথচ লক্ষ্য তাদের একই অথচ এই সংঘাত যেমন আবাঞ্ছনীয় তেমনি গণতান্ত্রিক রাষ্ট্রে গণতান্ত্রিক অধিকার আদায় করতে গিয়ে অগণতান্ত্রিক ব্যবস্থা অবলম্বন করাও অবাঞ্ছনীয়।

বৈকুণ্ঠ থেকে নারায়ণ যেমন পৃথিবীকে রক্ষা করেন, ৯ কোটী ৩০ লক্ষ মাইল দূরে থেকে সূর্য্য যেমন পৃথিবীকে আলো দিয়ে বাঁচিয়ে রাখে, চন্দ্র যেমন দুইলক্ষ ৩২ হাজার মাইল দূরে থেকে পৃথিবীকে শুভ জ্যোৎস্নায় প্লাবিত করে দেয় তেমনি আমাদের মুখ্যমন্ত্রী শ্রীশচীন্দ্র লাল সিংহও ত্রিপুরার প্রতিটী লোকের জীবনে এনে দেবেন আশার আলো এবং সুখ ও সমৃদ্ধি। ভগবানের কাছে এই প্রার্থনা করেই এই আস্থাজ্ঞাপক প্রস্তাবের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীসুনীল চন্দ্র দত্ত মহাশয় আমাদের দলনেতার উপর আস্থা জ্ঞাপক যে প্রস্তাব হাউসে এনেছেন আমি তাকে সর্ব্বান্তঃকরণে সমর্থন করছি। এই জাতীয় প্রস্তাব কেন আমাদের পার্টি হুইপ আজ হাউসে আনলেন সেকথা তিনি তাঁর বক্তৃতায় বলেছেন। কারণ প্রস্তাব আনার যে উদ্দেশ্য সেই পটভূমিকা আমাদের অ্যাসেম্বলী সেসন আরম্ভ হওয়ার একমাসকাল পূর্ব্বে আরম্ভ হয়েছিল। সেই সম্পর্কে জনমনে হয়ত কোন কোন জায়গায় সন্দেহের অবকাশ ঘটেছিল যে না জানি কংগ্রেস সংসদীয় সকলে একযোগে একসাথে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তথা দলনেতার পেছনে আছেন কিনা। সেই সন্দেহ দূর করা আজ প্রয়োজন হয়ে পড়েছে। কলকাতার দৈনিক কাগজে এবং আগরতলার সাময়িক কাগজপত্রে যেভাবে একটা বিভ্রান্তিকর প্রচার চলেছিল সেই প্রচারকে যদি আমরা রোধ না করি, জনগণের সেই সংশয় যদি আমরা দূর না করি তাহলে পর আমাদের কর্ত্তব্যহানি ঘটবে। তারই জন্য আমাদের পার্টি হুইপ এই প্রস্তাব এখানে এনেছেন। আমরা এটা সকলেই জানি যে আমাদের দলনেতার পেছনে ঐক্যবদ্ধভাবে আমাদের সংসদীয় দল রয়েছেন। একথা জেনেই ২৮শে আগষ্ট আগরতলা শহরে সিনেমার চোরাকারবারী নিয়ে যে ঘটনা ঘটে পরবর্ত্তী সময়ে সেটা উদ্দেশ্য প্রণোদিতভাবে কম্যুনিষ্ট দল সেই ঘটনার রূপান্তরিত করেন এবং তারা আগরতলা শহরে যে সমস্ত সরল যুবক এবং বালক রয়েছে তাদের মনে উত্তেজনা সৃষ্টি করেছেন। তাদের উদ্দেশ্য ছিল সেই উত্তেজনার মধ্য দিয়ে আমাদের এই হাউসকে বসতে দেবেনা এবং তারা আমাদের অনুপস্থিতিতেই হাউসে অনাস্থা প্রস্তাব এনে পাশ করিয়ে নেবে। তাদের সেই অপকৌশল ব্যর্থ হয়েছে, তাদের সেই অপকৌশল বানচাল হয়েছে। কারণ আমরা সংকল্পবদ্ধ ছিলাম যে কোন অবস্থাতেই ভয়, ভীতি এবং সন্ত্রাসের নিকট মাথা নত করব না। আমরা জানি সেদিন অ্যাসেম্বলী বসবার কিছুক্ষণ আগে মাননীয় মুখ্যমন্ত্রী যখন তার বাসভবন থেকে অ্যাসেম্বলীর দিকে অগ্রসর হন তখন আমি তাঁর অনুগামী ছিলাম এবং আরও কয়েকজন এম, এল, এও আমাদের সংগে ছিলেন। আমরা যখন গেটের সামনে এসে পেঁীছি তখন সেই উত্তেজিত জনতা কর্ত্তৃক আমাদের মুখ্যমন্ত্রী অবরুদ্ধ হন, তাঁকে প্রবেশ করতে বাঁধা দেওয়া হয়। সেই সময়ে তিনি বলেন যে আমাকে প্রথমে অ্যাসেম্বলীর কাজ করতে দাও— লেট মি ফাংশান ইন দি অ্যাসেম্বলী। কিন্তু উত্তেজিত জনতা তার কথা শুনছিল না। তাঁকে প্রশ্নের পর প্রশ্ন করে চলছিল, তাদের যে দাবী সেই দাবীর প্রতি নতি স্বীকার করাতে চেষ্টা করছিল এবং বলছিল যে আপনাকে আমাদের সঙ্গে ঘটনাস্থলে যেতে হবে, কেউ বলছিল যে আপনাকে আমাদের সঙ্গে হাসপাতালে যেতে হবে। এইভাবে তারা ক্রমে ক্রমে নানা প্রকার দাবী উত্থাপন করছিল এবং মাননীয় মুখ্যমন্ত্রী তার উত্তর দিচ্ছিলেন। কোন অবস্থাতেই তাদের দাবী তিনি মেনে নেবেন না, তিনি বলছিলেন— "Let me first function in the Assembly then I shall meet your demand, then I shall go to your place and I shall help you there." তারপর তাঁকে বলপূর্ব্বক নেওয়ার যখন চেষ্টা করছিল তখন তিনি বলছিলেন—"Kill me first, then take my dead body there, I am not going until I have done my functions in the Assembly." তাঁর কতটুকু মানসিক বল থাকলে পরে সেই উত্তেজিত জনতার কাছে এইকথা বলতে পারেন

সেইকথা ভেবে আমি আশ্চর্য হয়ে যাই। আমি তাঁর সঙ্গে ছিলাম। সেই উত্তেজিত জনতা আমাকেও টেনে নিয়ে যায় আমি তাঁর সংগে থাকতে পারিনি। তারা আমাদের উপর দৈহিক অত্যাচার করার চেষ্টা করছিল। কিন্তু তিনি সমস্ত প্রকার দৈহিক লাঞ্ছনা, তাদের সমস্ত প্রকার কটূক্তি উপেক্ষা করে বলছিলেন—"Kill me first, then take my dead body there. I shall function in the Assembly first" এই যে উক্তি আমি আশ্চর্য্য হয়ে যাই সেই উক্তি তিনি উত্তেজিত জনতার সামনে কি করে করছিলেন। তারপর যেভাবেই হোক একদল উত্তেজিত জনতা তাঁকে অ্যাসেম্বলীতে যেতে দিতে স্বীকৃত হল। তখন তিনি এলেন। তারপর অ্যাসেম্বলী ভবনে যে কি করে তারা কিভাবে আমাদের কাজে বাধা দিয়েছে তা আপনারা সকলেই দেখেছেন এবং আমাদের মাননীয় বিরোধী দলের সদস্যরা, বিশেষ করে মাননীয় বিরোধীদলের নেতা যেভাবে উত্তেজনাপূর্ণ বক্তৃতা দিয়েছিলেন তাও আপনারা প্রত্যক্ষ করেছেন। তাঁদের সেদিনকার কাজ, তাঁদের সেদিনকার আচরণ দেখে আমার মনে হয়েছে যে তাঁরা সংসদীয় গণতন্ত্রের ইতিহাসকে কলঙ্কিত করেছেন। তাঁরা সংসদীয় গণতন্ত্রের ইতিহাসকে ভুলুণ্ঠিত করেছেন। তাঁরা চেয়েছিলেন জোর করে সেদিন অ্যাসেম্বলীর কাজ বন্ধ করে দেবেন। তাঁরা চেয়েছিলেন জোর করে তাঁরা সেদিন অনাস্থা প্রস্তাব মন্ত্রীসভার বিরুদ্ধে আনবেন। তাঁদের কোন অপচেষ্টাই সেদিন ফলপ্রসূ হয়নি। তাঁরা তাঁদের কাজে ব্যর্থ হন। আমাদের মুখ্যমন্ত্রী যেভাবে তাঁর কর্ত্তব্য কাজ করেছেন, যেভাবে তিনি তাদের দাবী স্বীকার করে সেই উত্তেজিত জনতার সঙ্গে ঘটনাস্থলে পরিদর্শন করতে গিয়েছিলেন এবং যেভাবে তিনি তাদের কাছে লাঞ্ছিত হয়েছেন সেই কথা আমরা সবাই জানি। তিনি কেন গিয়েছিলেন? কারণ তিনি তাদের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলেন তিনি যাবেন। তিনি নিজের মৃত্যুকে উপেক্ষা করে তাদের সঙ্গে গিয়েছিলেন কারণ তিনি প্রতিশ্রুতি রক্ষা করেন। এইভাবে তিনি গণতান্ত্রিক আদর্শের প্রতি যে নিষ্ঠা, গণতন্ত্রের প্রতি তাঁর যে কর্ত্তব্যবোধ, যে দৃষ্টান্ত তিনি স্থাপন করেছেন সেই দৃষ্টান্ত আমাদের অনুকরণীয় এবং এই দৃষ্টান্ত আমাদের সকলকে প্রেরণা জাগাবে, শুধু আমাদের কাছে নয়, ত্রিপুরাবাসীকে প্রেরণা দেবে। নিজের জীবনকে বিপন্ন করে, মৃত্যুকে ধ্রুব নিশ্চিত জেনেও তিনি গণতন্ত্রের আদর্শকে রক্ষা করার জন্য চেষ্টা করেছেন। কাজেই আমাদের সংসদীয় দলের প্রতিটি সদস্যের যে শ্রদ্ধা রয়েছে, গভীর আনুগত্য রয়েছে এবং বিশ্বাস রয়েছে, আজকে এইযে আস্থাসূচক প্রস্তাব অংশ গ্রহণ করে যে সমস্ত মাননীয় সদস্য বক্তৃতা করেছেন তাঁদের বক্তব্যে এটা সুস্পষ্ট। কাজেই আশাকরি ত্রিপুরার জনসাধারণ এটা জানবে যে আমরা সংসদীয় দলের প্রতিটি সদস্য মাননীয় মুখ্যমন্ত্রীর পেছনে আছি, আমরা তাঁর আদর্শকে অনুসরণ করে চলছি।

শ্রীসুনীল চন্দ্র দত্ত ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার এই মোশানটির আমাদের দলের সদস্য বিভিন্ন বক্তা বিভিন্ন দিকে আলোচনা করেছেন, সুতরাং আর কিছু আলোচনার প্রয়োজন আছে বলে আমি মনে করিনা। মাননীয় সদস্য শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত মহাশয় কম্যুনিষ্ট পার্টির নীতি সম্পর্কে কিছু বলেছেন। বামপন্থী দলের, যারা বিশেষ করে চীনা পন্থী তারা কিভাবে অগ্রসর হন তারও বিশ্লেষণ করেছেন। এখানে আমি শুধু একটা কথা রাখতে চাই যে কম্যুনিষ্ট পার্টির

ইতিহাস কি ? ভারতবর্ষের কম্যুনিষ্ট পার্টি'র ইতিহাস যদি বিশ্লেষণ করি তাহলে আমরা দেখতে পাই যে ভারতবর্ষ যখন ব্রিটিশ শক্তির অধীন, স্বাধীনতা সংগ্রামে যখন আমরা লিপ্ত হই, কংগ্রেস দল যখন মহাত্মা গান্ধীর নেতৃত্বে ১৯২০, ১৯৩০ সালে, ১৯৩২ সালে, ১৯৪২ সালে সংগ্রাম করে সেই সময়ে কম্যুনিষ্ট পার্টি'র ভূমিকা কি ? ১৯২০ সালে কম্যুনিষ্ট পার্টির জন্মই হয় নাই, তার কথা বলা নিষ্প্রয়োজন। ১৯৩০ সালে ভারতবর্ষে মাত্র দুই চারজন কম্যুনিষ্ট ছিলেন। কিন্তু তার পরের যে ইতিহাস, কম্যুনিষ্টপার্টি'র ইতিহাস সেটা অত্যন্ত কলংকজনক ইতিহাস। সেই ইতিহাস ভারতবর্ষের জাতীয়তার প্রতি বিশ্বাসঘাতকতার ইতিহাস। ১৯৪২ সালে মহাত্মা গান্ধীর ডাকে সমগ্র ভারতবর্ষ ইংরেজকে ভারত ত্যাগ করতে যখন আহ্বান জানায়, প্রাণপণে ঝাঁপিয়ে পড়ে কেবল কংগ্রেস দলই নয়, আকালী, যারা বিপ্লবী দলের সদস্য ছিলেন. পি, এস, পি দলের যারা সদস্য ছিলেন তারা, সমগ্র ভারতবর্ষ ইংরেজকে এদেশ থেকে তাড়াবার জন্য যখন ইংরেজের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিল, ঠিক সেই সময়ে এই যে একটা দল তারা যেহেতু রাশিয়া যুদ্ধে লিপ্ত, তার জন্য পূর্ব্বেই তারা এই যুদ্ধকে, ২য় মহাসমরকে সাম্রাজ্যবাদী যুদ্ধ বলে আখ্যা দিয়েছিল। রাতারাতি তারা এই যুদ্ধকে জনযুদ্ধ বলে অভিহিত করে, ব্রিটিশ শক্তির সাথে হাত মিলিয়ে ১৯৪২ সালের যুদ্ধে যারা আত্মাহুতি দিয়েছিলেন, তাদের বিরুদ্ধে ব্রিটিশ সরকারকে সহায়তা করেছিলেন এবং সরকারের স্পাই হিসাবে এই দল কাজ করেছিলেন। ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে এই দলের কোন দান নেই। কিন্তু স্বাধীনতা লাভের পর আমরা কি দেখি, স্বাধীনতা লাভের পরেই তারা ত্রিপুরায়, কাকদ্বীপে এবং আসামের বহু স্থানে বিপ্লবের চেষ্টা করে এবং সরকার গঠন করবার চেষ্টা করে। যে কাজের জন্য দান নাই, সেই কাজের ফলটা কিভাবে ভোগ করবে ? কাজেই ভারতবর্ষের কোন স্থানে তারা সরকার গঠন করতে সক্ষম হয় নি। ত্রিপুরাতে অসহ্য নির্য্যাতন তারা চালিয়েছিল জনসাধারণের প্রতি, পাল্টা সরকার গঠন করতে চেষ্টা করেছিল, পাহাড়ি অঞ্চলে আমাদের সরকারের সাময়িক ক্ষতি ঘটিয়েছিল কিন্তু আমাদের নেতার মহান নেতৃত্বের ফলে ১৯৫২ সাল থেকে ১৯৬২ মধ্যে আমাদের পার্টি'র যে অবস্থা, যে পজিশান করে নিয়েছে কংগ্রেস দল, তার দ্বারা শুধু একটা কথাই প্রমাণিত হয় যে আমাদের নেতার প্রতি জনসাধারণের আস্থা আছে এবং দলের সদস্যদেরও আস্থা আছে। অনেক সদস্য আমাদের নেতার নেতৃত্বে সম্পর্কে বলেছেন, আমি শুধু একটা কথা বলব যে তিনি দেশের জন্য, জাতীর জন্য বরাবরই প্রাণ দিতে প্রস্তুত ছিলেন, সর্ব্বশেষ প্রমাণ ২৯শে তারিখের ঘটনায়। তিনি নিজের প্রাণকে তুচ্ছ করে, গণতন্ত্রকে রক্ষা করার জন্য অকুতভয়ে নিজের একার সিদ্ধান্তে জনতার সম্মুখীন হয়েছিলেন। ঐদিন তার প্রাণ যেতে পারত। এখানে আমার একটা কথা মনে পড়ে—স্বামী বিবেকানন্দ একটা কথা বলেছিলেন যে—নেতা সেই ব্যক্তিই হতে পারেন যে ব্যক্তি নিজের প্রাণ দলের জন্য বা দেশের জন্য বিসর্জ্জন দিতে পারেন। আমি আমার নেতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে এবং নেতার দীর্ঘ জীবন কামনা করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :— The discussion has been rather pretty long. All the Members present here except only Chief Minister, took part in the discussion

and now I would declare the closure of debate and put the Motion to vote. The question is— "This House records its confidence in Chief Minister, Shri Sachindra Lal Singh, Leader of the House".

As many as are of that opinion will please say-Ayes.

(Voice—Ayes.)

As many as are of contrary opinion will please say-Noes.

Mr, Speaker :—Ayes have it; Ayes have it.

The Motion is carried nem con.

PRIVATE MEMBERS' RESOLUTION

Mr. Speaker :—Now we pass on to the next item-Private Members' Business-Resolution.

Next item in the list of Business is a Private Member's, Resolution. I would call on Shri Promode Ranjan Das Gupta to move his Resolution that—this Assembly is of opinion that the Government of Tripura be requested to extend Agricultural Loan to the Displaced persons of the Rehabilitated colonies where attestation has been completed and the Khatian opened in their respective names under the Tripura Land Revenue and Land Reforms Act, 1960.

Shri Promode Ranjan Das Gupta :—মাননীয় স্পীকার মহোদয়, আমার এই প্রস্তাব হাউসের সামনে রাখছি—

'This Assembly is of opinion that the Government of Tripura be requested to extend Agricultural Loan to the Displaced persons of the Rehabilitated Colonies where attestation has been completed and the Khaitan opened in their respective names under the Tripura Land Revenue and Land Reforms Act, 1960".

মাননীয় স্পীকার মহোদয়, এখন পর্য্যন্ত কলোনীতে অর্থাৎ ১৯৬১ সালের মার্চ্চ পর্য্যন্ত আমরা দেখি ৩৫,৮০০ পরিবার আছে এবং এই যে ৩৫,৮০০ পরিবার তারা সবাই কৃষক। কিন্তু বর্ত্তমানে তাদের অবস্থা কি ? বর্ত্তমানে তাদের অবস্থা হচ্ছে এই যে কৃষক, উদ্বাস্তু কৃষক, যারা আসার দরুণ আমাদের উপর চাপ পড়েছে, ঠিক তারা আসার দরুণ তাদের সাহায্যে উৎপাদন বাড়ানর একটা সম্ভাবনা রয়েছে। কিন্তু এই যে উদ্বাস্তু কৃষক তারা নানাহ দৈব-দুর্যোগে, ড্রউট এবং মহাজনের কাছে ঋণ নিয়ে বর্ত্তমানে এমন অবস্থায় এসেছে যে তাদের ফসল জমিতে রেখেই বিক্রী করে দিতে হয় এবং এই যে অবস্থা, এই অবস্থা থেকে যদি তাদের মুক্ত করতে হয় এবং জমিতে, যেই জমির উপর তাদের নির্ভর সেই জমিতে যদি আবার তাদের ফিরিয়ে নিতে হয় এবং আমাদের ফসল উৎপাদনের দিকে আড়াই লক্ষ থেকে তিন লক্ষ, যে উদ্বাস্তু তাদের কার্যকরীভাবে যদি নিয়োজিত করতে হয়, তাহলে আজকে যেসব উদ্বাস্তু (তাদের এ্যাটেষ্টেশাম হয়ে গেছে, তাদের খতিয়ান হয়ে গেছে এবং কেন্দ্রীয় সরকার তাদের কাছে যে ঋণ, যারা ৯৭৫ বা ১১০০ টাকা পেত, তাদের ঋণ মকুব করছেন), সেইসব উদ্বাস্তু কৃষকদের আজকে অন্যান্য কৃষকদের মত ঋণ দেওয়ার ব্যবস্থা করা প্রয়োজন। ঋণ দেওয়ার ব্যবস্থা করা প্রয়োজন এই জন্য যে যদি তাদের ঋণ দেওয়া হয়, তাহলে তারা হালের বলদ কিনে

এবং তাদের জমিকে ভালভাবে চাষ করে উৎপাদন বৃদ্ধি করতে পারলে তারাও বাঁচতে পারে এবং খাদ্যসমস্যা সমাধানে আংশিক সাহায্য তারা করতে পারে। তাই আমি অধিক কিছু বলবনা, আমি আশা করি আমার যে প্রস্তাব এই প্রস্তাব হাউস গ্রহণ করবেন এবং স্পীকার মহোদয়ের মারফত আমি মাননীয় কৃষিমন্ত্রীকে অনুরোধ করব যাতে তিনি আমার এই মোশান গ্রহণ করে সেই যে উপেক্ষিত কলোনীর প্রায় তিন লক্ষ উদ্বাস্তু কৃষক, তারা আজ যে অবস্থায় আছে, মহাজনের হাতে যেভাবে নিপিড়ীত হচ্ছে, আজকে যেভাবে তারা দিন মজুরে পরিণত হচ্ছে, তারা যাতে আবার তাদের জমিতে উৎপাদনের মধ্যে নিজেকে নিয়োজিত করে আমাদের খাদ্যসমস্যার সমাধান করতে পারে এবং তারাও যাতে বাঁচতে পারে তার ব্যবস্থা করেন, এই অনুরোধ আমি স্পীকার মহোদয়ের মাধ্যমে কৃষিমন্ত্রীকে করব।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—মাননীয় স্পীকার মহোদয়, আজকে মাননীয় সদস্য শ্রীপ্রমোদ দাশগুপ্ত মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন তার ভিতর দিয়ে ত্রিপুরার যে বাস্তব সমস্যা সেই সমস্যাকে ফুটিয়ে তুলেছেন। এই সমস্যা সম্বন্ধে সরকার সম্পূর্ণ অবহিত আছেন। ল্যাণ্ড রিফর্মস অ্যাক্টে ত্রিপুরায় যাদের খতিয়ান হবে, অ্যাটেষ্টেশান হবে এবং যাদের ঋণের ক্লীয়ারেন্স থাকবে তারা ঋণ পাবে। যারা উদ্বাস্তু ভায়েরা এখানে এসেছেন তাদের ঋণ দেওয়া হয়েছে, জমি আছে যাদের এবং অ্যাটেষ্টেশান হয়ে গেছে, তৌজী স্থাপন হয়ে গেছে তাদের অনেককে টাকাও দেওয়া হয়েছে। তবে একটা প্রসিডিউর‍্যাল ডিফিকালটি এখনও আছে যে ভারত সরকার উদ্বাস্তু, কৃষক এবং ছোট ছোট শ্রমিক যারা কারখানা করেছে তাদের ঋণ মকুব করেছেন। কিন্তু সেই অর্ডার এখন পর্যান্ত কমিউনিকেট হয় নি। আমরা তার জন্য সরকার পক্ষ থেকে লিখেছি। অতএব আমরা আশা করছি এটা আমরা পেয়ে যাব। ল্যাণ্ড রিফর্ম অ্যাক্টে আছে, অ্যাটেষ্টশান এবং খতিয়ান হয়ে গেলে পরেই ঋণ যদি তারা শোধ করে তাহলে প্রত্যেকেই পাবে। ডিষ্ট্রেসদের জন্যই এই বিধান রাখা হয়েছে এবং সেই জন্যই ঋণের বরাদ্দ করা হয়েছে এবং সেই অনুসারে সরকার থেকে কারেন্ট ফিনানসিয়াল ইয়ারে প্রায় ছয় লক্ষের মত টাকা রাখা হয়েছে এবং তাদের দুর্গত অবস্থাকে দূর করার জন্য ১৫ লক্ষ টাকা এবং ৫ লক্ষ টাকা গ্রেটুইসাস্ রিলিফ এবং ষ্টেট রিলিফ হিসাবে রাখা হয়েছে। অতএব মাননীয় সদস্যের এই প্রস্তাবটী রিডানডেন্ট হয়ে যাবে। কারণ ল্যাণ্ড রিফর্মস অ্যাক্টে বিধান আছে যে তারা তা' পাবে। অতএব এই প্রস্তাবটী রিডানণ্টেড হয়ে যাচ্ছে। সেইজন্য আমি মাননীয় সদস্যকে অনুরোধ করব যে এই প্রতিশ্রুতির পরে, এই বিধানের পরে উনি তাঁর প্রস্তাবকে প্রত্যাহার করে রিডাণ্টডেনটের হাত থেকে আমাদিগকে বাঁচাবেন।

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় মূখ্যমন্ত্রী যে প্রতিশ্রুতি দিয়েছেন এবং লোনটা যে মুকুব হয়েছে সেটা যদিও কমুনিকেটেড হয়নি এখনও কিন্তু তা' তাড়াতাড়ি হয়ে যাচ্ছে এবং তাড়াতাড়ি তার ব্যবস্থা করা হচ্ছে। এই প্রতিশ্রুতি তিনি দিয়েছেন হাউসে সেজন্য আমি আমার এই প্রস্তাবটা উইথড্র করতে চাই।

Mr. Speaker :—The Resolution should be withdrawn with the leave of the House. Is the House agreeable to withdrawn the Resolution ?

(Voice—'Yes'.)

So the resolution is withdrawn with the leave of the House. There is another resolution of Shri Nishi Kanta Sarker, M. L. A. Now I would call on Shri Sarkar to move the resolution that—"অত্যাবশ্যকীয় প্রাথমিক শিক্ষাকে ফলবতী করার উদ্দেশ্যে ত্রিপুরা রাজ্যে নিম্ন বুনিয়াদী কেন্দ্র পরীক্ষা চলতি বৎসর হইতে প্রবর্ত্তন করার জন্য এই বিধানসভা ত্রিপুরা সরকারকে অনুরোধ করিতেছে"।

শ্রীনিশিকান্ত সরকার ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই হাউসের সামনে একটা প্রস্তাব এনেছিলাম যে "অত্যাবশ্যকীয় প্রাথমিক শিক্ষাকে ফলবতী করার উদ্দেশ্যে ত্রিপুরা রাজ্যে নিম্ন বুনিয়াদী কেন্দ্র পরীক্ষা চলতি বৎসর হইতে প্রবর্ত্তন করার জন্য এই বিধানসভা ত্রিপুরা সরকারকে অনুরোধ করিতেছে"। আমার এই রিজলিউশন রাখার মূলে আমি দুয়েকটি কথা বলব যে এই ত্রিপুরা শিক্ষার দিক দিয়ে অনেক এগিয়ে চলেছে, অনেক স্কুল কলেজ, জুনিয়ার বেসিক, সিনিয়ার বেসিক গড়ে উঠেছে। সেই অনুযায়ী স্কুলের শিক্ষক এবং শিক্ষয়িত্রীর সংখ্যাও বেড়েছে কিন্তু লোক সংখ্যার অনুপাতে আমাদের শিক্ষার আরও প্রসার হওয়া দরকার। আমার এখানে রিজলিউশন রাখার অর্থই হল এই যে আজকে শিক্ষা যতটুকু অগ্রগতির পথে চলেছে, শিক্ষার মান কিন্তু ততটুকু বাড়ছে না। যদি প্রতিযোগিতামূলক একটা পরীক্ষা নেওয়া হয় তাহলে বিভিন্ন গ্রামের স্কুলের ছেলেরা যখন আসে একটা কেন্দ্রে পরীক্ষা দিতে তখন তাদের সেই উৎসাহটা বেড়ে যায় যে কে কত মার্ক পাবে এবং কে কি পুরস্কার পাবে না পাবে, এটা নিয়ে এদের মধ্যে একটা বেশ কম্পিটিশান চলে এবং মাষ্টারদের মধ্যেও একটা আগ্রহ থাকে, যেটা থাকা স্বাভাবিক যে কোন স্কুল কতটা ভাল ফল করল। আমি এই জন্যই হাউসের সামনে আমার এই রিজলিউশনটা রাখছি। অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি শিক্ষা মন্ত্রীকে অনুরোধ করব প্রস্তাবটা গ্রহণ করতে। এটা আমার মনে হয় যে বেশী ব্যয়সাধ্য নয় এবং তাতে ছোট ছোট ছেলেমেয়েদের প্রতিযোগিতার মনোভাবটা বেড়ে যাবে। আশা করি হাউস আমার এই রিজলিউশনটা অনুমোদন করবেন।

Mr. Speaker :—Is there anybody to take part in the resolution ? Yes, I would call on the Hon'ble Chief Minister.

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীনিশিকান্ত সরকার মহাশয় যে প্রস্তাবটি হাউসের সামনে উত্থাপন করেছেন যে 'অত্যাবশ্যকীয় প্রাথমিক শিক্ষাকে ফলবতী করার উদ্দেশ্যে ত্রিপুরা রাজ্যে নিম্ন বুনিয়াদী কেন্দ্র পরীক্ষা চলতি বৎসর হইতে প্রবর্ত্তন করার জন্য এই বিধানসভা ত্রিপুরা সরকারকে অনুরোধ করিতেছে'। তার পরিপ্রেক্ষিতে আমি বলব যে বর্তমানে নিম্ন বুনিয়াদী প্রাইমারী স্কুল পর্যায়ের শেষে বৃত্তি পরীক্ষা নেওয়া হয়। তারপর উনি এখানে একটা কথা বলেছেন যে শিক্ষার মান উন্নতি হয়নি, শিক্ষার্থী বাড়ছে। এখানে কথা হল যে পরীক্ষা নিলেই শিক্ষার মান যদি উন্নতি হয়, তাহলে পরে আমরা দেখব যে নিম্ন বুনিয়াদী প্রাইমারী স্কুল পর্যায় শেষ হলেই পরীক্ষা নেওয়া হয়ে থাকে এবং সেটা চলছে, যদিও সেটা কম্পালসারী নয়। তারপর আমাদের চিন্তা করতে হবে যে স্কুলের শিক্ষার যে মান কেবল পরীক্ষা নেওয়ার উপর নির্ভর করে না। যদি তা করত, প্রাইমারী স্কুলে পরীক্ষা হয়, তারপর সিনিয়ার

বেসিক স্কুলে পরীক্ষা হয়, জুনিয়ার হাইস্কুলে পরীক্ষা হয়, পরীক্ষা হয় স্কুল ফাইন্যালে, পরীক্ষা হয় হায়ার সেকেণ্ডারীতে, পরীক্ষা চলছে কলেজে, ইউনিভারসিটিতে। মান যদি নিম্নই হয় এতগুলি পরীক্ষার পরেও, উচ্চতম না হয়ে তাহলে 'নিম্নতম কেন হচ্ছে? তাই ভারতবর্ষের যারা শিক্ষাবিদ তারা কমিশন গঠন করেছেন এই শিক্ষার মানদণ্ডকে কি করে উঁচু পর্যায়ে নেওয়া চলে? এখন চিন্তা হচ্ছে পরীক্ষা নেবে কিনা? তার চিন্তা হচ্ছে। যারা স্কুলে পড়বে তারা, প্রত্যেক ছাত্রই উত্তীর্ণ হবে, এ'রকম শিক্ষা পদ্ধতি প্রবর্তন করার চিন্তা করছেন বর্তমান পরিবেশে পৃথিবীর চিন্তাবিদ তথা ভারতবর্ষের চিন্তাবিদগণ এবং সেইজন্য সেকেণ্ডারী এডুকেশান কমিশান ভারতবর্ষে গঠিত হয়েছে। তাদের মত হল এই পর্যায়ে এই পরীক্ষাকে কম্পালসারী করার কোন আবশ্যকতা নেই। যদি করা হয় তাহলে প্রথম ষ্টেজেই ছেলেদের মধ্যে শিক্ষার প্রতি একটা ভীতির উদ্ভব হবে এবং সেই ভীতি তাহাদিগকে শিক্ষার থেকে দূরে সরিয়ে দেবে। অতএব সেই জায়গাতে আমাদের চিন্তা করতে হবে, ভাবতে হবে। আমরা জাকির হোসেনের যে প্ল্যান ও প্রোগ্রাম তার মধ্য দিয়ে ভারতবর্ষে এই শিক্ষা পদ্ধতি প্রবর্তন করা হচ্ছে। তাই আমি মাননীয় সদস্যকে, শিক্ষার প্রতি যাঁর আগ্রহ এবং শিক্ষার মান উন্নতির আগ্রহ যাঁর রয়েছে, তাঁকে জানাচ্ছি যে, যাতে আমরা শিক্ষার মানকে উন্নত করতে পারি তার ব্যবস্থা ভারতবর্ষের শিক্ষাবিদরা করছেন। ত্রিপুরার ক্ষেত্রে আমাদিগকে চিন্তা করতে হবে, আমরা এই পদ্ধতিকে পরীক্ষা নিরীক্ষা করব। তাই তাকে অবগতির জন্য আমরা শিক্ষার মানকে উন্নত করার জন্য সর্বপ্রকার চেষ্টা করব। শিক্ষার উন্নতি করবার জন্য জানাই যে কমিশন হয়েছে, কমিশান যে প্রস্তাব করবেন, তাকে আমরা অক্ষরে অক্ষরে পালন করে যেন শিক্ষার মানকে উন্নত করতে পারি। সেইজন্য আমি মাননীয় সদস্যকে তার এই প্রস্তাব উইথ ড্র করার জন্য অনুরোধ করব।

শ্রীনিশিকান্ত সরকার ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের চীফ মিনিষ্টার শিক্ষা সম্বন্ধে যা বললেন, এরপর আমি আমার রিজল্যুশন উইদ ড্র করে নিচ্ছি।

Mr. Speaker :—Yes, the resolution before the House is to be withdrawn with the leave of the House. Is the House agreeable to withdraw the Resolution ?

(Voice :—Yes.)

Mr. Speaker :—So the Resolution is withdrawn with the leave of the House. The business of the day is over. The House stands adjourned till 11 A. M. of Thursday, the 8th September, 1966.

PAPERS LAID ON THE TABLE, ANNEXURE—'A'

Starred Question No. 73 by Shri Dinesh Deb Barma, M. L. A.

Question		Answer
1. Whether loans advanced to old D. Ps. have been cancelled upto Rs. 1000/- as per decision of the Central Government ;	—	Not a 'cancellation' but Govt. of India have sanctioned 'remission' of loan upto Rs. 1000/-.
2. if this cancellation has been delayed, the reason therefor ?	—	The procedure governing this remission has not yet been approved by the Accountant General, Assam and Nagaland Shillong.

Starred Question No. 198 By Shri Hlura Aung Mag, M. L. A.

QUESTION	REPLY
(A) বিলোনীয়া বিভাগে যে দুইটী উন্নয়ন ব্লক খোলা হইয়াছে উহার দৈনন্দিন উন্নয়ন কাজকর্ম্ম করার জন্য সরকার বাহাদুর কর্ত্তৃক যে B. D. C. করা হইয়াছে উহাতে বিলোনীয়া বিভাগে নির্ব্বাচিত সমস্ত গাঁও সভার প্রধানদের নিয়া B. D. C. করা হইয়াছে কিনা ?	না।
(B) না হইয়া থাকিলে কারণ কি।	প্রস্তাব বিবেচনাধীন আছে।

Starred Question No. 919 by Shri Nripendra Chakraborty, M. L. A.

QUESTION	ANSWER
1. Whether any Jail advisory Committee has been formed for Tripura jails for 1965-66, if so, who are its members ?	No.

Starred Question No. 212 By Shri Hlura Aung Mag, M. L. A.

১। পাকিস্তান হইতে জমি বদল করিয়া যে সমস্ত রিফিউজি ত্রিপুরায় আসিয়াছে তাহাদেরকে কৃষি ঋণ দিবার কোন পরিকল্পনা আছে কি ?	না।
২। না থাকিলে কারণ কি ?	বিকল্প ঋণ ও মঞ্জুরির ব্যবস্থা আছে।

Starred Question No. 74 By Shri Dinesh Deb Barma, M. L. A.

1. Whether D. Ps. of Phanindra-nagar colony, Sabroom were shifted to Chotakhil border area in 1963-64 when the muslims of that area left Tripura.	Yes.
2. If so, whether certain land disputes have cropped up and litigations started due to such transfer of D. Ps.	Yes.
3. If so, steps taken to end this state of affairs.	Requisite quantity of land has been acquired for allotment to the D. Ps. as a step to solve the dispute.

STARRED QUESTION NO. 103

By Shri Sudhanwa Deb Barma.

প্রশ্ন	উত্তর
১। পাকিস্তান হইতে আগত বিনিময়কারী উদ্বাস্তদের পক্ষ হইতে সরকার কোন স্মারক লিপি পাইয়াছেন কি ?	উদ্বাস্তদের পক্ষ হইতে সরকার কোন স্মারক লিপি পান নাই।
২। পাইয়া থাকিলে তাহার মূল বিষয় বস্তু কি ? ৩। ঐ সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিবেন।	উল্লেখ করা প্রয়োজন মনে হয় না।

STARRED QUESTION NO. 106

By Shri Sudhanwa Deb Barma.

প্রশ্ন	উত্তর
১। ১লা জুলাই ১৯৬৬ সালে কলিকাতার কোন্ কোন্ পত্রিকায় ত্রিপুরার বিজ্ঞাপন দেওয়া হইয়াছে ?	১। আনন্দ বাজার পত্রিকা, ২। যুগান্তর, ৩। হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড' ৪। অমৃত বাজার পত্রিকা, এবং ৫। জনবাণী।
২। কোন পত্রিকাকে ঐ বিজ্ঞাপন ছাপার জন্য কত টাকা দেওয়া হইয়াছে ?	কলিকাতার কোনও পত্রিকাকে ১লা জুলাইয়ের বিজ্ঞাপন বাবদ এখনও কোন টাকা দেওয়া হয় নাই।
৩। ১লা জুলাই, ১৯৬৬ সালে সর্ব্বমোট বিজ্ঞাপন বাবদ কত টাকা খরচ হইয়াছে ?	এই পর্য্যন্ত মোট ১,০৩.০০ টাকা দেওয়া হইয়াছে (১লা জুলাই, যে সকল কাগজে আমাদের বিজ্ঞাপন ছাপান হইয়াছে, সমস্ত কাগজ হইতে বিল এখনও পাওয়া যায় নাই। স্থানীয় ৬টী পত্রিকার নিকট হইতে বিল পাওয়া গিয়াছে এবং তাহাদিগকে মোট ১,০৩৫.০০ টাকা দেওয়া হয়েছে)।

STARRED QUESTION NO. 142

By Shri Atiqual Islam

QUESTION	REPLY	
	1. Name of Cinema Hall.	No. of employees.
1. Total rrember of employees employed in each of the Cinema Hall viz. Rupchhaya, Surjya Ghar and ChitraKatha.	Rupchhaya Surjya Ghar Chitrakatha	20 15 18
2. Whether the number of employees in each of the Cinema Halls justify the claim of employees concerned for provident fund benefit ?	2. No, only the employees of Rupchhaya Cinema Hall are entitled to the provident fund benefit.	

STARRED QUESTION NO. 248

By Shri Sudhanwa Deb Barma.

QUESTION	REPLY
1. Whether it is a fact that with the very handing over of the charges of the water Supply Machine to the Primary Health Centre of Takerjala by P. W. D. the services of the machineman has been terminated ;	No.
2. if it is so, the reason thereof ?	Does not arise.

STARRED QUESTION NO. 211

By Shri Hlura Aung Mag.

প্রশ্ন	উত্তর
১। বিলনীয়া বিভাগে T. W., R. W. S. এবং R. R. স্কীমে যে সমস্ত টীউব ওয়েলস এবং রিং ওয়েলস নির্মাণ করিয়াছে বর্তমানে উহার কত সংখ্যক অকেজো অবস্থায় আছে এবং উহা মেরামতের জন্য বিগত ১৯৬৫—৬৬ইং সনে কোন অর্থ বরাদ্দ ছিল কি না ?	(ক) অকেজো টীউব ওয়েলস এবং রিং ওয়েলস যথাক্রমে ৫০ ও ২৬। (খ) অকেজো টীউব ওয়েলস ও রিং ওয়েলস মেরামতের জন্য ১৯৬৫—৬৬ইং সনে ২৩,৫৮০·০০ টাকা বরাদ্দ ছিল।
২। না হইয়া থাকিলে তাহার কারণ কি ?	প্রশ্ন উঠে না।

Starred question No, 219 by Shri Bulu Kuki.

১। বালুছড়া অফিস টিলায় (তেলিয়ামুড়া) কোন Charitable Dispensary আছে কিনা,

: হঁ্যা বালুছড়ায় একটী দাতব্য চিকিৎসালয় আছে।

২। যদি থাকে তবে দৈনিক কতজন রোগী ঔষধপত্র গ্রহণ করিতেছে এবং কোন ঘরে এই Dispensaryর কাজ চলে ?

: ক) দৈনিক গড়ে ৩৩জন রোগী ঔষধপত্র গ্রহণ করেন।

খ) বালুছড়া কোঅপারেটিভ সোসাইটির একটি ঘরে কাজ চলে।

Starred Question No. 900 By Shri Nripendra Chakraborty

1), Whether the service conditions of nurses differ from that of West Bengal in matters of allowances, uniforms messings, washings etc. :

Yes.

2). if so, what steps are being taken to bring them at par with that of West Bengal ?

: The matter has been taken up with the Government of India.

Starred Question No. 914 by Shri Nripendra Chakraborty.

QUESTION.	REPLY.
1) Whether attention of the Govt. has been drawn to the fact that posts of Block Development Officers have been abolished in some States, because they are considered to be redundant and unnecessary;	No.
2) if so, whether the Govt. proposes to abolish these posts in Tripura as a measure of economy ?	Does not arise,

Starred question No. 696 by Shri Atiqul Islam.

QUESTION.	REPLY.
1) Whether the Chief Inspector of Factories, Govt. of Tripura, has received any written representation from the Chhatar Bat Karmi Sangha, Agartala dated 7.12,65.	(1) Yes.
2) if so, what steps have been taken on the basis of the representation in question ?	(2) Out of five factories covered by the representation one has been got registered under the provisions of the Factories Act. and another has been made to apply for registration under the said Act. Action is being taken so that these two factories comply with the provision of the Act and Rules framed there-under. The remaining three factories do not come under the purview of the factories Act.

Starred Question No, 656 by Shri Atiqul Islam.

QUESTION.	REPLY.
1. Whether the Govt. has completed inquiry as per instruction of the Commission of inquiry constituted by the Central Govt. to inquire and report on the exodus of the minorities from Pakistan.	No such instruction was received by the Rehabilitation Department.
2. If so, what is the result of that inquiry ?	Does not arise.

ANNEXURE-'B'

UNSTARRED QUESTION No. 252 BY

Shri Birchandra Deb Barma.

QUESTION	ANSWER
1. Whether there is any Development advisory Board.	Yes.
2. If so, whether the Board has reviewed the progress of development schemes & has made any recommendation for removal of Bottlenecks and expediting progress. 3. If so, what are these recommendations ?	The Board reviewed the progress of development Schemes etc. in its meeting held on 6.4.66 & 7.4.66 and made the following recommendations :— a) To assess staff strength in each Department according to staff pattern and assessment of work-load. b) To give stress on agriculture which is very important & prominent. c) To determine the works to be performed by agriculture and Irrigation Department. d) To amalgamate the Irrigation and Investigation Divisions. e) To watch the duties of Man-Power (Officer and Staff) appointed by the Government. If any body fails to perform their duties, the reasons thereof and the difficulties that might have arisen should be found out. To evolve a fruitful policy to remove all difficulties. f) To examine first whether Industry based on forest or Industry based on agriculture should be started here. To consider the question of starting Cold storage and Dehydrate plants here.

g) To give rehabilitation benefits to the Tribal families living in Tripura who are still to be settled.

h) Cooperative should be developed and made popular for industries. Loans should be given through the Co-operatives to the landless agriculturists, Jhumias and the Scheduled Caste applicant as far as practicable.

i) To start irrigation Scheme at Julaibari in Belonia as Belonia is the high producing area in Tripura.

j) To start irrigation schemes at Mohanpur and Bishalgarh and also in Sadar Sub-Division. To implement irrigation schemes on a cooperative basis by the local people, Director of Agriculture, Blocks and Public Works Department.

k) To adopt a concrete policy to implement the scheme one officer should be in-charge of the entire Block for Co-ordinating the officers of different Departments.

l) Development Commissioner and Principal Engineer should sit together for making out programme regarding construction of all roads and buildings including village roads, tribal roads and Block roads and also seed stores, food stores etc.

m) To consider the change in the pattern of present R.W.S. To start construction of Deep Wells or Ring Wells by power. To arrange supply of water through Deep wells and Ring wells etc. To examine if some other means could be devised for giving continuous supply of water. To excavate tanks in the villages and to develop hygienic habit amongst the villagers, so that they did not spoil the water.

Unstarred Question No. 23 by Shri Nripendra Chakraborty.

QUESTION.	ANSWER.
1). what is the share of Agriculture in the total income of Tripura during the period 1951-61 ;	The State income of Tripura has been estimated from the year 1955-56 and as such, information for the period prior to 1955-56 is not available. The share of Agriculture in the total net output of Tripura during the period from 1955-56 to 1960-61 is shown below, year-wise :— 1955-56. ... 53.50./· 1956-57. ... 57.32./· 1957-58. ... 54.62./· 1958-59. ... 54.49./· 1959-60. ... 52.99./· 1960-61. ... 53.65./·
2). Whether the per capita value of Agricultural production is on the decrease ;	No.
3). If so, reasons thereof ?	Does not arise,

Unstarred Question No. 48 by Shri Nripendra Chakarborty.

QUESTION.	REPLY.
1) What are the prescribed criterion for the selection of areas for adopting Rural Works programme in C. D- & T. D. Blocks.	The rural works programme is to be implemented only in those areas where the problem of un-employment and under employment is manifested. The following indicators are adopted in selecting such areas :

i) Density of population per square mile ;

ii) Proportion of people living in rural areas ;

iii) employment in organised industries ;

(iv) value of out put per acre,

v) wage rate of agricultural labour ;

vi) per capita cultivable area, percentage of double cropped and irrigated areas, and

vii) employment likely to be generated by other development projects.

2) Employment generated (in man—days) on works programme in each of the Blocks during 1964-65 and 1965-66

Name of the Block.	1964-65 (man-days).	1965-66 (man-days)
Sadar East post Stage II.	41,079	12,733
Dharmanagar Post Stage II.	16,663	24,442
Kailashahar Post Stage II.	19,737	28,594
Belonia Stage II	27,384	17,098
Kamalpur Stage II	22,726	8,578
Khowai Stage II	10,000	25,000

3) If the employment is on the decrease the reasons therefor.

No.

Unstarred Question No. 55 by Shri Nripendra Chakraborty.

QUESTION.	REPLY.
1) Value of out-turns of each Industrial Estate of Tripura during 1964-66 ;	1) a) Arundhutinagar Rs. 18, 72/-299/- b) Udaipur Rs. 1,89,370/-
2) Employment provided by each Industrial Estate during the period;	2) a) Arundhutinagar - 150 nos. b) Udaipur— 49 nos.
3) No. of sheds remain unutilsed in each Industrial Estate ;	3) a) Arundhutinagar—Nil. b) Udaipur— 3 nos.
4) Steps taken to utilise them ?	4) a) Arundhutinagar-Does not arise. b) Udaipur—Applications are being invited for allotment of sheds.

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT : 1963.

8th September, 1966.

The House met in the Assembly Chamber, Agartala at 11 A. M. on Monday, the 8th September, 1966.

PRESENT

Shri Upendra Kr. Roy, Speaker in the Chair, the Chief Minister, two Deputy Ministers, the Deputy Speaker and fourteen Members.

QUESTIONS.

Mr. Speaker :— First item in the Agenda—Starred Questions. Starred questions given notice of by Shri Aghore Deb Barma, Shri Bulu Kuki, Shri Atiqul Islam, Shri Nripendra Chakraborty are given in Annexure "A" on account of absence of Members giving notices.

I would call on Shri Nishikanta Sarker, M. L. A.

Shri N. K. Sarkar :— 190.

Mr. Speaker :— Please wait a bit. There is one Short Notice Question, by Shri Sunil Ch. Dutta, that Should be taken up first.

Shri Sunil Ch. Dutta : - **270.**

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker, Sir, Short Notice Question No 270.

QUESTION.	ANSWER
a) Whether all the Craft Teachers having Ist Class Diploma or Certificate are enjoying the same scale of pay ?	a) Craft trained Teachers, Craft Instructors having 1st Class Diploma or Certificate from C. T. T. I, Agartala, or a matriculate with a Diploma at least two years from any other Instn. are enjoying the same scale of pay in Government Schools.
b) if not, what are the reasons for this discrimination ?	Does not arise.

শ্রীস্নুনীল চন্দ্র দত্ত ঃ— সর্ব্বক্ষেত্রে এই হায়ার পে-স্কেল দেওয়া হয় কিনা ?

শ্রী এস, এল, সিংহ ঃ— কিছুটা ডিসক্রিপেন্সী আছে। অতএব কেন আছে, কিসের জন্য আছে সেটা আমি দেখব।

শ্রীসুনীল চন্দ্র দত্ত ঃ— মাননীয় মন্ত্রী মহোদয়, এই আশ্বাস দিতে পারেন কি, যে দীর্ঘ পাঁচ, সাত, আট বৎসর যাবত যেসব কেস পেণ্ডিং আছে, সত্বর সেগুলি রেগুলারাইজ করা হবে ?

মিঃ স্পীকার ঃ — Only answer to the question should be expected, not any assurance.

শ্রীসুনীল চন্দ্র দত্ত ঃ— অতি সত্বর এটা রেগুলারাইজ করা সম্ভবপর কিনা ?

শ্রী এম, এল, ভৌমিক ঃ—মাননীয় মুখ্যমন্ত্রী প্রথম উত্তরেই বলেছেন যে যদি কোন ডিসক্রিপেন্সী থাকে সেগুলি কারেক্ট করা হবে। কাজেই এই প্রশ্ন এখানে আসে না। যদি আট, দশ বছর যাবত হায়ার পে-স্কেল না পেয়ে থাকেন, সেই কেসগুলি কন্‌সিডার করা হবে।

শ্রীসুনীল চন্দ্র দত্ত ঃ— আমি ডিসক্রিপেন্সীগুলি পয়েন্ট আউট করছি। দুইজন ক্রেফট টীচার, একজন শ্রীসূর্য রায়, খোয়াই ইনসপেক্টরেট, আরেকজন শ্রীবিনোদ সূত্রধর, সদর ইনসপেক্টরেট, তারা এখনও হায়ার পে-স্কেল পাচ্ছেন না।

শ্রী এস, এল, সিংহ ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আগেই বলেছি যে ডিসক্রীপেন্সী যদি থাকে তাহলে আমি দেখব, আমি জানি আছে। তারপর পার্টিকুলার নাম যখন বলা হল, আমি সেটা নিশ্চয়ই দেখব কেন সেই ডিসক্রিপেন্সী।

মিঃ স্পীকার ঃ— শ্রীনিশীকান্ত সরকার।

শ্রীনিশীকান্ত সরকার ঃ–১৯০

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 190.

	প্রশ্ন	উত্তর
১)	উদয়পুর এলাকার বাগমাস্থিত কমলাসাগর কোন সনে মৎস্য বিভাগ নিয়াছে এবং তাহাতে মাছের চাষাবাদ হইতেছে কিনা ?	বাগমাস্থিত কমলাসাগর ১৯৬০ সনে কৃষি বিভাগের মৎস্য শাখা কর্তৃক নেওয়া হইয়াছিল। বর্তমানে তথায় মাছের চাষ বন্ধ আছে।
২)	ইহাতে এ পর্য্যন্ত সরকারের কত টাকা ব্যয় হইয়াছে ?	এই পর্য্যন্ত মোট ৬০,৭১০ টাকা ইহাতে খরচ হইয়াছে।

শ্রীনিশীকান্ত সরকার ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে এত টাকা খরচ করে দীঘি সংস্কার করে এখন মৎস্য চাষ হচ্ছে না কেন ?

শ্রী এম, এল, ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয় সেখানে আমাদের "আণ্ডার স্কীম অব এষ্টাব্লিশমেণ্ট অব ফিশ সীডস সেণ্টার" সেখানে একটা পুকুর—কমলাসাগর, সেটাকে রিক্ল্যাম করে তার কনষ্ট্রাকশান হচ্ছিল, কিন্তু ১৯৬৩—৬৪ ইংরেজীতে ফ্লাড'এ সেই কনষ্ট্রাকশান এফেকটেড হয়, যায় জন্য পরবর্তী সময়ে স্থির হয় যে সেখানে স্লুইস্‌ গেট দেওয়া হবে। স্লুইস্‌ গেটের এষ্টিমেট ইত্যাদি সব তৈরী হয়ে গেছে এবং প্রপোজাল পাঠান হয়ে গেছে। সেখানে স্লুইস্‌ গেট হয়ে গেলে এবং অন্যান্য কন্‌ষ্ট্রাক্‌শান যা ডেমেজ্‌ড হয়েছে সেগুলি সম্পূর্ণ হলেই আবার মৎস্য চাষের কাজ সুরু হবে

শ্রীনিশীকান্ত সরকার ঃ—মৎস্য বিভাগ থেকে কোন্ সনে পূর্ত্তবিভাগে শ্লুইস্ গেট করার জন্য বলা হয়েছিল, মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রী এম, এল, ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ইন দি ইয়ার, ১৯৬৪, জানুয়ারী মাসে পি. ডবল্লু. ডি. কে অনুরোধ করা হয়েছিল।

শ্রীনিশীকান্ত সরকার ঃ—এতদিন পর্য্যন্ত শ্লুইস্ গেট না হওয়ায় আমাদের মৎস্য চাষের ক্ষতি হয়েছে বলে মাননীয় মন্ত্রী মহোদয় মনে করেন কি ?

শ্রী এস, এল, সিংহ ঃ—শ্লুইস্ গেটের জন্য যে টাকার অঙ্ক বরাদ্দ করা হয়েছে, এটা হচ্ছে নিউ স্কীম প্ল্যান পিরিয়ড, নিউ স্কীম গ্রহণ করান খুবই শক্ত এবং তারপর ওয়ার ইমার্জেন্সীতে কতকগুলি স্কীমকে বন্ধ করে দেওয়া হয়েছে, অতএব এই সমস্ত কারণে সেটা বন্ধ আছে। অর্থের বরাদ্দ এবং নিউ স্কীম যদি ইন্ট্রডিউস করা হয় এবং এক্সেপ্টেড হয় বাই দি সেন্টার, ইট উইল বি টেক্ন আপ, ইফ নট, ইট স্যুড নট বি টেক্ন আপ।

শ্রীনিশীকান্ত সরকার ঃ—ঐ দীঘি পরীক্ষা বা পাহারার জন্য কোন ষ্টাফ রাখা হয়েছে কি না ?

শ্রী এস, এল, সিংহ ঃ—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীএরসাদ আলী চৌধুরী ঃ—মাননীয় মন্ত্রী মহোদয়ের উত্তর থেকে আমরা জানতে পারলাম বর্ত্তমানে মৎস্য চাষ বন্ধ আছে। কোন সময়ে হয়েছিল কি না ?

শ্রী এম, এল, ভৌমিক ঃ—সেখানে মৎস্য চাষের কাজ আরম্ভ হয়েছিল।

শ্রীনিশীকান্ত সরকার ঃ—আমরা এই শ্লুইচ গেট কবে পর্য্যন্ত আশা করতে পারি ?

শ্রী এস, এল, সিংহ ঃ—পূর্বেই আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়, বলেছি যে নিউ স্কীম প্ল্যান পিরীয়ড গ্রহণ করান খুবই কষ্টকর। অতএব অর্থের বরাদ্দ সেন্টার করলে পরে সেটা করা হবে এবং সেন্টার অর্থের বরাদ্দ না করলে সেই কাজ করা যাবে না।

শ্রীনিশীকান্ত সরকার ঃ—ঐ শ্লুইস্ গেট করার জন্য কত টাকার এ্যাষ্টিমেট পূর্ত্তবিভাগ থেকে চাওয়া হয়েছে ?

শ্রী এস, এল, সিংহ ঃ—I demand notice.

মিঃ স্পীকার ঃ—শ্রী মনোরঞ্জন নাথ।

শ্রীমনোরঞ্জন নাথ ঃ—২২১

Shri M. L. Bhowmik :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 221.

QUESTION.	REPLY
(a) How many students have been admitted in Tripura Engineering College in the present year ;	50 students have so far been admitted to Tripura Engineering College in the 1st Year Class.

QUESTION	REPLY
(b) Has any student of Technology group who had been reading the subjects of the degree course from class IX and passed Higher Secondary Examination with the aim of degree course, been admitted in the Tripura Engineering College ;	Yes, 2.
(c) Is it a fact that there was no admission test regarding the subject of Technology and that only question of the subject of Science group were given in the Test for admission ?	Yes.

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয়, বলবেন কি যে টেক্‌নলজিতে যে দুইজন ছাত্র ভর্ত্তি হয়েছে, তাদের নাম কি এবং কোন স্কুলের ছাত্র ?

শ্রী এম, এল, ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আই ডিমাণ্ড নোটিশ। এক্ষুণই দুইজন ছাত্রের নাম বলা আমার পক্ষে সম্ভব নয়।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে টেকনলজীর কতগুলি ছাত্র পরীক্ষা দিয়েছিল ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি, যে ৫০ জন ছাত্র ইঞ্জিনীয়ারিং কলেজে অ্যাডমিশন পেয়েছে তারা কোন ডিভিশানের ছাত্র ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :—৫০ জন ছাত্র কে কোন ডিভিশনে পাশ করেছে এক্ষুণি এই প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নয়। সো আই ডিমাণ্ড নোটীশ।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে টেকনোলজির যে সিলেবাস সেই সিলেবাস অনুযায়ী পরীক্ষা হয়েছে কিনা ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :—টেকনোলজির সিলেবাস অনুযায়ী প্রশ্ন করা হয়েছিল।

Mr. Speaker :—The students who passed Higher Secondary in technological group have been admitted there. Is it so ?

Shri M. L. Bhowmik—Yes, they have been admitted. Two candidates have been admitted.

Mr. Speaker :—But so far as my knowledge goes the students having no physics are not entitled to admission and they would not be allowed to sit for the Universtiy examination.

Shri M. L. Bhowmik :—But our record says that two candidates of technology group have been admitted in the Engineering College.

Mr. Speaker :—I am a bit astonished. The principal himself knows that one boy passed the Higher Secondary with technology and he attended the College and lectures for one year. He was also allowed and his name was

sent up for the final examination. But in the last moment the University detected it and did not allow him to sit for the examination last year.

Shri S. L. Singh :—এখানে মাননীয় অধ্যক্ষ মহোদয়, ইঞ্জিনীয়ারিং কলেজে ৬৬-৬৭এ যে যে ম্যাটারগুলি পড়ানো হয়, সেগুলিকেই পরীক্ষা নিরীক্ষা করে এইখানে গ্রহণ করা হয়েছে। মেথেমেটিকস, ইংলিশ, ফিজিকস অ্যাণ্ড কেমিষ্ট্রি এই ৪টিতেই পরীক্ষা করা হয়েছে।

Mr. Speaker :—It is quite alright.

Shri S. L. Singh :—Regarding the admission test examination the sylabus in the pattern of the Bengal Engineering College affiliated to the Calcutta University has been followed here.

Mr. Speaker :—I do not know whether the Principal should be reminded of this thing. He has had this bitter experience. I had to write to the University authorities and they sent me reply stating—somebody's remark—"Had I been the guardian, I would have sued the principal spoiling one year of my boy."

Shri S. L. Singh :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে আরকিটেকচার কোর্স যেটা সেটার জন্য স্পেসিয়ালী এই টেকনোলজী নেওয়া হয়েছে। যাদের ম্যাপ ড্রয়িং এবং অন্যান্য গুণ আছে স্পেশিয়ালী তাদিগকে আরকিটেকচার কোর্সে নেওয়া হয় এবং সেই অনুসারেই এই কোর্সটাকে করা হয়েছে।

Mr. Speaker :—পয়েণ্টটা আমার যতটুকু মনে আছে that this boy, I would not tell his name, passed from the U. K. Academy in the technological group. Then he was admitted to the politechnic. He finished politechnic course and passed it. Then he accepted the Government post. He worked there for one year. Then when the Engineering College was opened he was admitted again and he finished one year's course and then he passed the test examination, he was sent up to the University and University at that time detected that he had no physics in the Higher Secondary group. Therefore, his admission was not sanctioned. It was sent back. Then the guardian approached me and I had to write to the Treasurer of the Calcutta University and he wrote me first of all that because the boy had no physics in his Higher Secondary Class, he is not entitled to sit for this examination. He quoted the rules and again he wrote me the second letter on his own initiative going through the details of the rules and regulations and he wrote to me and finally remarked "Had I been the guardian, I would have sued the Principal why he spoiled the career of my boy". That was in strong language. That letter is not with me. I have given that letter to the guardian of that boy. The guardian of that boy is now occupying a very high position in our Government. It is a massacre. Still there is time, I should say, to check the thing.

শ্রী এস, এল, সিংহঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার যে বক্তব্য সে সম্বন্ধে আমি অবহিত। এই ছেলেটার লাইফটা স্পয়েল হয়ে যাতে না যায় সেজন্য বেঙ্গল ইঞ্জিনীয়ারিং কলেজের যে কোর্স আছে সেই কোর্সটাকে হয়ত পড়িয়ে নেবে, এবং তারপর তাকে এ' পরীক্ষায় এনটাইটেলড করবে।

Mr. Speaker :—Yes, I think there is no other supplementary.

শ্রীমনোরঞ্জন নাথঃ—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে মুদালিয়র কমিশন এইরকম কোন রিকমেণ্ডেশন করেছেন কিনা যে, যে যেই কোর্স নেবে ক্লাশ নাইন থেকে ভবিষ্যতে তাকে সেই কোর্সেই পড়বার সুযোগ দেওয়া হবে?

শ্রীএস, এল, সিংহঃ—মুদালিয়র রিপোর্টে আছে সত্যি কথা। অ্যাকর্ডিং টু মুদালিয়র রিপোর্ট ভারতবর্ষের প্রত্যেক জায়গায় কাজ হচ্ছে না। স্থান বিশেষে এবং জায়গা বিশেষে তার পরিবর্ত্তন হচ্ছে। কারণ আমাদের যে ইঞ্জিনীয়ারিং কলেজ আছে সেই কলেজেও, মাননীয় সদস্য জানেন যে পলিটেকনিক ইনষ্টিউশনটা যেটা আছে, সেখানে ছাত্ররা থাকে এবং সেই থাকার যে ব্যবস্থা তাও ভাল ব্যবস্থা বলে আমরা মনে করি না। কারণ মেজারমেন্ট আছে যে একটা ছাত্রের জন্য কতটুকু স্পেস লাগবে; কিন্তু আমরা তাও করতে পারছি না। তারপর কেমিষ্ট্রি লেবরেটরীর কতগুলি সেক্সন এখানে করা হয়েছে, আর অবস্থা বিশেষে কতগুলি কলেজে গিয়ে করতে হচ্ছে। অতএব আমাদের পরিবেশের অবস্থা দেখে, আমাদের কনষ্ট্রাকশন-এর অবস্থা দেখে আমরা তা করেছি। কনষ্ট্রাকশন হয়ে গেলে পরে তখন আমরা সব জিনিষগুলিকে ঠিক ঠিক ভাবে অনুধাবন করতে পারব এবং সেই ভাবে পরিচালনা করতে পারব। স্পেশ্যাল কন্‌সিডারেশন হিসাবেই আমরা ক্যালকাটা ইউনিভার্সিটির অনুমোদন পেয়েছি। তা না হলে কোন জায়গাতে এই ভাবে কোন কলেজকে অনুমোদন দেয় না, দেওয়া সম্ভব নয়। সেজন্য আমরা ক্যালকাটা ইউনিভার্সিটিকে অসংখ্য ধন্যবাদ দেব যে হাজার হাজার ত্রুটি বিচ্যুতি থাকা সত্ত্বেও তাঁরা আমাদের অনুমোদন দিয়েছেন।

Mr. Speaker :—I would now call on Shri Nishi Kanta Sarkar.

Shri Nishi Kanta Sarkar :—Question No. 195.

Shri M. L. Bhowmik :—Hon'ble Speaker, Sir, Question No. 195.

QUESTION	ANSWER
উদয়পুরে ত্রিপুরা সুন্দরী মাতার বাড়ীর নজরানার টাকা বর্ত্তমানে কিভাবে আছে এবং কত টাকা জমা আছে?	উদয়পুরে ত্রিপুরা সুন্দরী মাতার বাড়ীতে 'প্রণামী' বাবত প্রাপ্ত টাকা কতক টেজারীতে রেভিনিউ ডিপজিট ও কতক রাধাকিশোরপুর তহশীল কাছাড়ীতে রক্ষিত আছে। সর্ব্বমোট ১৪,৫১৪.০৮ টাকা আছে।

শ্রীনিশি কান্ত সরকারঃ—এই যে ১৪ হাজার টাকা এটা কয় বৎসরের নজরানা?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :—এটা ১৯৬২ থেকে ১৯৬৬ সাল পর্য্যন্ত।

শ্রীনিশিকান্ত সরকার :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি এর পূর্ব্বে যে নজরানার টাকাটা, কি ভাবে খরচ হয়েছে ?

শ্রীএম, এল, ভৌমিক :—আই, ডিমাণ্ড নোটিশ।

শ্রীনিশিকান্ত সরকার :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি মাতার বাড়ীর এই নজরানার টাকাটা কি ভাবে খরচ হয় ?

শ্রীএম, এল, ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই টাকাটা ডিপোজিট আছে। এতদিন পর্য্যন্ত প্রসিড্যুর ছিল টাকা রেভিন্যু ডিপোজিটে থাকত, অডিট অবজেকশান হওয়ার পর এখন এই টাকাটা ডিষ্ট্রিক্ট মেজিষ্ট্রেটের পার্স ন্যাল লেজার'এ থাকে। এটা খরচের জন্য স্যাংশানের প্রয়োজন হয়।

শ্রীনিশিকান্ত সরকার :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, এই যে নজরানার বাক্সটা, এটা খোলার অধিকার কার ?

শ্রীএম, এল, ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, নজরানার বাক্সটা খোলে সরকারী কর্ম্মচারী।

শ্রীনিশিকান্ত সরকার :—সরকারী কর্ম্মচারী বলতে উনি কি ট্রেজারারকে বুঝাচ্ছেন, না এস, ডি, ও'কে বুঝাচ্ছেন, না আর কাউকে ?

শ্রীএম, এল, ভৌমিক ঃ—সরকারের পক্ষে যে কোন কর্ম্মচারী।

শ্রীনিশিকান্ত সরকার :—মাননীর মন্ত্রী মহোদয় বলবেন কি এই টাকাটা কি ভাবে খরচ হয় ?

শ্রীএম, এল, ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই টাকাটা ট্রেজারীতে জমা হচ্ছে।

মিঃ স্পীকার :—কিভাবে খরচ হয় ?

শ্রী এম, এল, ভৌমিক :— মাননীয় অধক্ষ্য মহোদয়, এই টাকাটা এখন ট্রেজারীতে জমা হচ্ছে, খরচ কিভাবে হচ্ছে সেটা এক্ষনি বলা সম্ভব নয়।

শ্রী এস, এল, সিংহ :—যখন এ, জি, অবজেক্শান দেয় যে এই টাকা কালেক্টরীতে রাখা সম্ভব নয়, তখন সেটাকে নিতে হবে ডি, এম, এর পার্স ন্যাল লেজারে। অতএব টাকা খরচ করার অধিকার নাই। যতক্ষণ পর্য্যন্ত এটা ঠিক না হবে ততক্ষণ পর্য্যন্ত এটাকে খরচ করতে দেবেনা।

শ্রীনিশীকান্ত সরকার :—১৯৬২ সনের আগে যে টাকাটা ছিল সেটা কিভাবে আছে ?

শ্রী এস, এল, সিংহ :— আদার চার্জ থেকে খরচ করা হচ্ছে।

শ্রীনিশীকান্ত সরকার :—আমি বলছিলাম ১৯৬২ সনের আগে যে নজরানার টাকা ছিল সেই টাকাটা সম্বন্ধে।

শ্রী এস, এল, সিংহ :—আমি আগেই বলেছি যে সেই টাকাটার উপর এ, জি,র অবজেক্-শান হয়েছে।

শ্রীনিশীকান্ত সরকার :—কত টাকা আছে ?

শ্রী এস, এল, সিংহ : – আই ডিমাণ্ড নোটিশ ।

শ্রীএর্সাদ আলি চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে দান ও দেবোত্তর বলে যে একটা হেড ছিল সেটা এখন আছে কিনা ?

শ্রী এস, এল, সিংহ ঃ—দেয়ার ইজ ওনলি ওয়ান হেড 'আদার চার্জেস'।

শ্রীনিশিকান্ত সরকার ঃ—এখন মাতার বাড়ীর খরচা চলে কিভাবে মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ?

শ্রী এস, এল, সিংহ ঃ— আগেই বলা হয়েছে যে আদার চার্জ থেকে সেটা চালান হচ্ছে।

শ্রীএর্সাদ আলি চৌধুরী ঃ—আমরা জানি আদার চার্জ থেকে খরচটা না হয়ে একটা পাবলিক কমিটি সেখানে আছে. সেই কমিটির উপর সেটার ভার ন্যাস্ত আছে এবং কমিটি সেটা চাঁদা করেই হউক বা অন্যভাবেই হউক, মাতার বাড়ীর খরচ বহন করে, সেটা কি সত্য ?

শ্রী এস, এল, সিংহ ঃ—যে কোন কমিটি তা করতে পারে এবং মাতার বাড়ীর উন্নতির ব্যবস্থা করতে পারে।

শ্রীএর্সাদ আলি চৌধুরী ঃ—যে সমস্ত সম্পত্তি মাতা ত্রিপুরাসুন্দরীর নামে ছিল দেবোত্তর সম্পত্তি. এই সমস্ত সম্পত্তি সম্বন্ধে সরকার বাহাদুর কি করছেন ?

শ্রী এস, এল, সিংহ ঃ—প্রত্যেকটি দেবোত্তর জায়গা সেই মসজিদই হউক, মন্দিরই হউক অথবা বিহারই হউক, সেটাকে দেবোত্তর করা দরকার এবং সেই অনুসারে সরকার চিন্তা করছেন এবং চিন্তা করেন। জমি দেবোত্তর করতে গেলে পরে কমিটি করতে হবে, কমিটি করে তাদের হাতে সম্পত্তি দিতে হবে এবং সম্পত্তি থেকে যে আয় হবে সেই আয় থেকে তার ব্যয় চালান হবে। কিন্তু এমন সম্পত্তি ও আছে যেটার এমন নগন্য আয় যে, তা থেকে সেটা চালান সম্পূর্ণ অসম্ভব। অতএব সরকার চিন্তা করছেন যে তাদের এমন একটা সম্পত্তি তৈরী করতে হবে খাস ল্যাণ্ড দিয়ে যাতে তার এমন আয় হয় যা থেকে ব্যয়টাকে সংকলান করতে পারে এবং সেই অনুসারে সেই দেবোত্তর যে জায়গাগুলি আছে, সেগুলি সুষ্ঠুভাবে পরিচালনা করতে পারা যায়।

শ্রীএর্সাদ আলি চৌধুরী ঃ—মাতার বাড়ীর খরচ বহনের জন্য ত্রিপুরার মহারাজার আমলে বহু পূর্ব থেকে দেবোত্তর বা ব্রহ্মোত্তর, বহু সম্পত্তি মাতা ত্রিপুরা ন্দরীর নামে আছে, সেই সমস্ত সম্পত্তিগুলি বর্তমান সেটেলমেণ্টে কি অবস্থায় আছে ?

শ্রী এস, এল, সিংহ ঃ--বর্তমান সেটেলমেণ্টে যাহা পাওয়া গেছে তাহাই আছে। অতএব বিশদ বিবরণী জাস্ট নাউ দেওয়া সম্পূর্ণ অসম্ভব, সো আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীনিশিকান্ত সরকার ঃ—বর্তমানে মাতার বাড়ীতে চতুর্থশ্রেণীর কর্মচারী যারা আছে, তাদের কোন বেতন নির্ধারণ করা আছে কিনা ?

শ্রী এস, এল, সিংহ ঃ—চতুর্থশ্রেণীর কর্মচারী যারা আছেন, মহারাজার আমলে যে বেতন তারা পেতেন, অদ্যাও সেই বেতন তারা পাচ্ছেন। আদার চার্জে যে টাকাটা আছে সেই

টাকা দিয়ে সেটাকে চালান হচ্ছে। কাহারও হয়ত ১৫ টাকা বেতন ছিল আবার কাহারও ৩০ টাকা আছে, যা ছিল ঠিক সেটাই আছে।

শ্রীনিশিকান্ত সরকার :—আগের যে পনের টাকা, বর্ত্তমানে তারা সেই পনের টাকায় চলতে পারে কি ?

শ্রী এস, এল, সিংহ :—আয় বুঝে ব্যয় করতে হবে। আমি আগেই বলেছি যে এটার আয় যদি বাড়ান না চলে, তাহলে দেবোত্তর সম্পত্তিগুলি এ'ভাবে পরিচালনা করা সরকারের পক্ষে সম্পূর্ণ অসম্ভব।

শ্রীনিশিকান্ত সরকার ঃ—মাতার বাড়ীতে আগে পাঁঠা কাটার দক্ষিণা ছিল পাঁচ আনা থেকে সোয়া পাঁচ আনা, বর্ত্তমানে কত ?

শ্রী এস, এল, সিংহ ঃ—পাঁঠা যে বলি দেওয়া হয় তার দক্ষিণা ঠাকুর কত পান বা আদৌ পান কিনা সেটা আমি অবগত নই, তবে আমি সেটা জেনে হাউসকে জানাতে সক্ষম হব। সো আই ডিম্যাণ্ড নোটিশ।

মিঃ স্পীকার :—এটা বোধ হয় মাননীয় সদস্য নিজেই জানেন। আগেরটা যখন জানেন এটাও নিশ্চয়ই জানেন।

শ্রীমনোরঞ্জন নাথ ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে দেবোত্তর সম্পত্তির যে সমস্ত জমি বর্গাদার বর্গা করে, ঐ জমি বর্ত্তমান সেটলমেণ্টে কার নামে রেকর্ড হয়েছে ?

শ্রী এস, এল, সিংহ :—এই সম্বন্ধে আমি আগেই বলেছিলাম যে বিশদ বিবরণ দেওয়া আমার পক্ষে সম্পূর্ণ অসম্ভব, তবে আমি জেনে জানাতে সক্ষম হব। যেই যেই দেবোত্তর সম্পত্তি রয়েছে, সেটা অন্যখানে চলে গেছে কিনা বা যারা বর্গা করত, তাদের কি রাইট হবে, সেই রাইট হয়েছে কিনা, সেটা আমি জেনে হাউসকে জানাব।

শ্রীনিশিকান্ত সরকার ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি উদয়পুরে পাওয়ার হাউস হয়েছে, আমাদের মাতার বাড়ীতে ইলেকট্রিক লাইট দেওয়ার কোন প্রস্তাব আছে কিনা ?

শ্রী এম, এল, ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ইলেকট্রিক কানেকশান একসটেণ্ড যে হচ্ছে সেটা পরিকল্পনা অনুযায়ী। কাজেই পরিকল্পনা অনুযায়ী মাতার বাড়ী পর্যন্ত ইলেকট্রিক লাইট একসটেণ্ড হবে এবং মাতার বাড়ী ইলেকট্রিক লাইট পাবে সেটা আমরা আশা করি যদি অর্থের সংকুলান করা যায়।

শ্রীনিশিকান্ত সরকার ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে মাতার বাড়ীতে বিভিন্ন দিক থেকে বিদেশীরা আসেন, সেখানে একটা গাড়ীর পার্ক হওয়া দরকার কিনা ?

শ্রীএস, এল, সিংহ ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাতার বাড়ী একটা তীর্থ ক্ষেত্র। কাজেই সেটা ভাল হওয়া উচিত, উন্নত হওয়া উচিত, যাত্রী যারা আসেন তাদের বাসস্থানের বন্দোবস্ত করা উচিত, গাড়ী ঘোড়া রাখার ব্যবস্থা করা উচিত। কিন্তু আমার চার্জ থেকে সেটা সম্পূর্ণ অসম্ভব।

শ্রীনিশিকান্ত সরকার ঃ—মাতার বাড়ীতে যাত্রী নিবাস আছে কি ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—আগেই বলা হয়েছে যে সেটা বর্তমানে আদার চার্জেস থেকে করা হচ্ছে এবং বর্তমানে আরও মন্দির আছে, মসজিদ আছে এবং বিহার আছে। সেখানে স্পেশিয়ালী কোন ব্যবস্থা কোন জায়গাতেই করা যাবে না, করা অসম্ভব।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানতে চাচ্ছি যে ল্যাণ্ড রিফর্মস অ্যাক্টে ভাগীদাররাই সম্পত্তির মালিক হয়ে যায়, এইরূপ ব্যবস্থায় দেবোত্তর সম্পত্তির কি হবে ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—আমি আগেই বলেছি ডিটেলস আমি পরে জানাব। কারণ দেবোত্তর সম্পত্তির ব্যাপারে ল্যাণ্ড রিফর্মস অ্যাক্টে কোন কিছু উল্লেখ নাই। দেবতা, নাবালক, তার একজন অছি থাকা দরকার। অতএব নাবালককে সংরক্ষণের জন্য একটা কিছু করতে হয়।

শ্রীমনোরঞ্জন নাথ ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় এটা তদন্ত করবেন কিনা যে দেবোত্তর সম্পত্তি দেবতার নামে বা কোন কমিটির নামে রেকর্ড করা হয়েছে কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—সেটা আমি আগেই বলেছি যে আমি ডিটেলস কি অবস্থায় আছে, কার পজেশান আছে, পজেশান রাইট হল কি হল না এবং যদি না হয় তাহলে কিভাবে পজেশান রাইট দেওয়া যায় আইনগতভাবে সেটা আমি ঠিক জানি না।

শ্রীসুনীল দত্ত ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে ষ্টেট মার্জারের সময় ভারত সরকারের সংগে ত্রিপুরার মহারাণীর যে চুক্তি হয় সেই চুক্তি অনুসারে মায়ের বাড়ীর রক্ষণা-বেক্ষণের সমস্ত দায়িত্ব বর্তমানে ত্রিপুরা সরকারেব কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ :—ঠিক এ'রকমভাবে কোন কিছু হয়েছে কিনা আমি তা' বলতে পারব না। অ্যাকর্ডিং টু মার্জার অ্যাক্ট মহারাণী মার্জ করেছেন। লায়াবিলিটিস যেটা ছিল আমরা নেব ঠিকই এবং অ্যাসেট্স যেটা আছে তাও সরকার নিয়েছে। অতএব সেই অনুসারে আমি আগেই বলেছি যে আদার চার্জ থেকে সেটা পরিচালনা করা হচ্ছে। তবে মন্দির, মসজিদ বা বিহারের দায়িত্ব সরকার গ্রহণ করবেন এইরমক কোন কিছু আমার জানা নেই।

শ্রীএরসাদ আলী চৌধুরী ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা দেখতে পাচ্ছি যে ১৪,০০০ টাকার মত নজরানা জমা আছে। কিন্তু মাতার বাড়ীতে শত শত যাত্রীর সমাবেশ হয়। কিন্তু একটা প্রস্রাবের বা পায়খানার কোন ব্যবস্থা নাই। আমি জানতে চাই যে মাতা ত্রিপুরা সুন্দরীর বাড়ীতে পায়খানার জন্য কোন ব্যবস্থা আছে কিনা ?

শ্রীশচীন্দ্রলাল সিংহ ঃ—আমাদের যত তীর্থক্ষেত্র দৃষ্ট হয় সেখানে প্রস্রাবাগার এবং বাহ্যি প্রস্রাবের ব্যবস্থা আমি এই পর্যান্ত দেখিনি। হয়ত সেটা আমাদের একটা সংস্কার আছে যে পীঠস্থানে বা তার সংলগ্ন জায়গায় বাহ্যি প্রস্রাব ত্যাগ করা আমাদের ধর্মবিরুদ্ধ কাজ। অতএব সেই অনুসারেই তা করা হয়েছে। এটা তীর্থক্ষেত্র সেই দৃষ্টিতেই তাকে রক্ষা করা হচ্ছে। অতএব জনসাধারণকে অ্যাপীল করা হয় যে তাঁরা যেন বাহ্যি প্রস্রাব না করে এবং থুথু নিক্ষেপ না করে এবং জনসাধারণ সেই অনুসারে সেটাকে এখনও মেনে চলছে।

Mr. Speaker :—Let Mata Tripura Sundari get some rest. (Replies to the Starred Questions not replied orally are shown in Annexure—'A,' and those to unstarred Question in Annexure—'B').

We pass on to the next item of agenda. Government Business (Legislation). The Appropriation (No. 4) Bill, 1966 (Bill No. 6 of 1966) is to be introduced in the House. I shall request the Hon'ble Sachindra Lal Singh to move his motion for leave to introduce the Bill.

Shri S. L. Singh (Chief Minister) :—Mr. Speaker, Sir, I beg to move for leave to introduce the Appropriation (No. 4) Bill, 1966 (Bill No. 6 of 1966).

Mr. Speaker :—As there is no opposition to the motion I would put the motion to vote. Now the question before the House is that the motion moved by the Hon'ble Sachindra Lal Singh for leave to introduce the Appropriation (No. 4) Bill, 1966 (Bill No. 6 of 1966) be granted.

As many as are of that opinion will please say 'AYES'

(Voice—AYES)

As many as are of contrary opinion will please say 'NOES'

(No Voice)

Mr. Speaker :—'AYES HAVE IT, AYES HAVE IT'

The leave to introduce the Appropriation (No. 4) Bill, 1966 (Bill No. 6 of 1966) is granted.

(The Secretary read the long title of the Bill.)

Mr. Speaker :—I would call on Hon'ble Sachindra Lal Singh to move his motion to introduce the Appropriation (No. 4) Bill, 1966 (Bill No. 6 of 1966).

Shri S. L. Singh :—Mr. Speaker, Sir, I beg to introduce the appropriation (NO. 4) Bill, 1966 (No. 6 of 1966).

Mr. Speaker :—I would now put the question to vote. The question before the House is that the Appropriation (No. 4) Bill, 1966 (Bill No. 6 of 1966) be introduced.

As many as are of that opinion will please say 'AYES'

(Voice—'AYES')

As many as are of contrary opinion will please say 'NOES'.

(No Voice)

The Appropriation (NO. 4) Bill, 1966 (Bill No. 6 of 1966) is introduced.

(The copies of the bills were distributed to the Members)

Mr. Speaker :—We pass on to the next item. Consideration & passing of the Tripura General Clauses Bill, 1966 (Bill No. 5 of 1966).

Next item in the List of Business is the Tripura General Clauses Bill, 1966 (Bill No. 5 of 1966) to be taken into consideration. I shall request the Hon'ble Manindra Lal Bhowmik to move his motion for consideration of the Bill.

Shri M. L. Bhowmik :—Mr. Speaker, Sir, I beg to move that the Tripura General Clauses Bill, 1966 (Bill No. 5 of 1966) be taken into consideration at once.

Mr. Speaker :—I would now put the question to vote. The question before the House is the motion moved by the Hon'ble Manindra Lal Bhowmik that the Tripura General Clauses Bill, 1966 (Bill No. 5 of 1966) be taken into consideration at once.

As many as are of that opinion will please say 'AYES'.

(Voice—AYES)

As many as are of contrary opinion will please say 'NOES'.

(No Voice)

'AYES' have it, 'AYES' have it.

Mr. Speaker :—I would now put different clauses of the Bill to Vote.

C12 do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Ayes".

"Ayes".

As many as are of contrary opinion will please Say "Noes".

Mr. Speaker :—"Ayes" have it ; "Ayes" have it.

C!2 do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Ayes".

"Ayes".

As many as are of contrary opinion will please say "Noes".

Mr. Speaker :—"Ayes" have it : "Ayes" have it.

The title do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Ayes".

"Ayes".

As many as are of contrary opinion will please say "Noes".

Mr. Speaker :—"Ayes" have it ; "Ayes" have it.

The next business is the Passing of the Tripura General Clauses Bill, 1966 (Bill No. 5 of 1966).

I would now request the Hon'ble Manindra Lal Bhowmik to move his motion for passing of the Bill.

Shri M. L. Bhowmik :—Mr. Speaker, Sir, I beg to move that the Tripura General Clauses Bill, 1966 (Bill No. 5 of 1966) as settled in the Assembly be passed.

Mr. Speaker :—I would now put the motion to vote.

The question before the House is that the Tripura General Clauses Bill, 1966 (bill No. 5 of 1966) as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say "Ayes".

"Ayes".

As many as are of contrary opinion will please say "Noes".

Mr. Speaker :—"Ayes" have it ; "Ayes" have it.

The Bill is passed.

We pass on to the next item—

Discussion on Matters of Urgent Public importance for short duration.

Next item in the list of Business is 'Discussion on matters of urgent public importance for short duration', on

"Liquidation of Tripura Apex Marketing Co-operative Society Ltd." Notice has been given by Shri Promode Ranjan Das Gupta, M. L. A. I have admitted it. I would call on Shri Promode Ranjan Das Gupta, M.L.A. to start discussion.

Shri Promode Ranjan Das Gupta :—Hon'ble Speaker, Sir, আমি যে discussion raise করছি এখানে সেটা খুবই important—"Liquidation of Tripura Apex Marketing Co-operative Society Ltd." যেটা বোম্বে কো-অপারেটিভ এাক্ট'এর ৪৭ ধারা অনুসারে হয়েছে, সেটা সম্বন্ধে। এপেক্স হচ্ছে চূড়া, সমস্ত সমবায় সমিতির চূড়া হচ্ছে এই এপেক্স মার্কেটিং সোসাইটি, একটা ফেডারাল সোসাইটি. সেটা যদি লিক্যুডিশানে যায়, তাহলে চূড়া ভেংগে পড়লে যেমন সব নষ্ট হয়ে যায়, সবের উপর আঘাত আসে, সেইরকম এপেক্স মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি যদি লিক্যুডিশানে যায়, তাহলে সমবায় আন্দোলনের উপর একটা আঘাত আসবে বলে আমার মনে হয় এবং সমবায় আন্দোলনকে ব্যাহত করবে। সমবায় আন্দোলনকে যদি ব্যাহত করে, তাহলে গণতান্ত্রিক সমাজবাদ নিয়ে আমরা যে চলেছি সেটাকে আমরা রক্ষা করতে পারব না। এখানে ৪৭ ধারা অনুসারে Winding up—If the Registrar, after an inquiry has been held under section 43 or after an inspection has been made under section 44 or on receipt of an application made by three fourths of the members of a Society present at a special general meeting, called for the purpose or of his own motion, in the case of a society that has not commenced working, has ceased working or possesses shares or members, deposits not exceeding Rs. 500/-, is of opinion that the Society ought to be wound up he may issue an order directing it to be wound up and when necessary, may appoint a liquidator for the purpose and fix his remuneration." এখানে প্রশ্ন হচ্ছে যে কতগুলি ফর্মালিটীজ অবজার্ভ তাকে করতে হবে উইণ্ডিং আপ করতে হলে পরে। প্রথমতঃ ৪৩ ধারা অনুসারে অথবা ৪৪ ধারা অনুসারে তাকে এনকোয়েরী করতে হবে, সেখানে তার সাফিশ্যান্ট গ্রাউণ্ড থাকা চাই যার মধ্যে দিয়ে একটা লিক্যুডেশানের প্রশ্ন আসবে। ৪৩ ধারা অনুসারে আমরা পাচ্ছি (1) The Registrar may of his own motion by himself or by a person duly authorised by him in writing in this behalf hold an inquiry into the constitution, working and financial condition of a society.

